রাঁচি, বৃহস্পতিবার
09:11:2023
web : www.rashtriyakhabar.com

বাংলা দৈনিক
# জাতীয় খবর
JATIO KHOBOR
BANGLA DAINIK

Page >> 8 Rate >> 3 Rupee >> Year >> 04 Vol >>036 >>22 Kartik 1430 >> epaper.rashtriyakhabar.com পৃষ্ঠা >> ০৮ মূল্য >> ৩ টাকা বর্ষ >> ০৪ অংক >> ০৩৬ >><< ২২শে, কার্ত্তিক ১৪৩০>>





### মিয়ানমারের একটি প্রাদেশিক রাজধানীর নিয়ন্ত্রণ নিয়েছে বিদ্রোহী বাহিনী

**নেপিদো ঃ** মিয়ানমারের বিদ্রোহী বাহিনী ক্ষমতাসীন সামরিক জান্তার নিয়ন্ত্রণাধীন একটি শহরের দখল করে নিয়েছে। মিয়ানমারের ছায়া ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট সূত্র, প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সংবাদ মাধ্যমগুলো বলছে, বিদ্রোহী বাহিনী গত শুক্রবার উত্তরাঞ্চলীয় কাওলিন শহরে হামলা চালায়। তারা সোমবার ভোরে স্থানীয় নিরাপত্তা বাহিনীর সঙ্গে লড়াই করে শহরের পুলিশ স্টেশন ও প্রশাসনিক অফিসের নিয়ন্ত্রণ নেয়। সাগাইং অঞ্চলের প্রশাসনিক রাজধানী কাওলিন। ২০২১ সালের ফেব্রুয়ারিতে অং সান সু চির বেসামরিক সরকারকে ক্ষমতাচ্যুত করার পর বিদ্রোহী বাহিনী কর্তৃক দখল করা প্রথম প্রশাসনিক রাজধানী ছিল এটি। জাতীয় ঐক্য সরকার ক্ষমতাচ্যুত বেসামরিক সরকারের সদস্যদের সমন্বয়ে গঠিত। বৃহত্তর স্বায়ত্তশাসনের জন্য কয়েক দশক ধরে সামরিক বাহিনীর সাথে লড়াই করে জাতিগত বিদ্রোহী বাহিনীর জোট পিপলস ডিফেন্স ফোর্স গঠন করে। অভ্যুত্থানের পর থেকে সামরিক বাহিনীর সাথে গ্রামাঞ্চলে মারাত্মক সংঘাতে লিপ্ত রয়েছে তারা।

### বাজার দর

SENSEX : 64975.61 +33.21
NIFTY : 19443.50 +36.80

### রাঁচি PARA UPDATE

| সর্বোচ্চ | সর্বনিম্ন |
|---|---|
| 28.00 °c | 14.00 °c |

সূর্যাস্ত (আজ) >> 17.06 টা
সূর্যোদয় (কাল) >> 05.58 টা

### গহনার বাজার

সোনা (বিক্রী) 58,760 টাকা./10 গ্রাম
সোনা (ক্রয়) 55,420 টাকা./10 গ্রাম
রুপা >> 73,100 টাকা./কিলো

### রাষ্ট্রীয় খবর সংক্ষিপ্ত খবর

### ইসরাইল ত্রাণ সরবরাহ ও জিম্মি মুক্তির জন্য কৌশলগত যুদ্ধবিরতি বিবেচনা করতে রাজি, বলছেন নেতানিয়াহু

☹ *বাইডেন ও নেতানিয়াহু টেলিফোনে গাজায় ইসরাইলি অভিযান ও মানবিক বিরতির পরবর্তী পদক্ষেপ নিয়ে আলোচনা করেন।*

☹ *নেতানিয়াহু বলেছেন, তিনি আশা করেন, অনির্দিষ্টকালের জন্য গাজায় নিরাপত্তার দায়িত্ব পালন করবে ইসরাইল।*

**গাজা ঃ** গাজায় হামাস পরিচালিত স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, ইসরাইলি হামলায় নিহতের সংখ্যা ১০ হাজার ছাড়িয়েছে। জাতিসংঘের এবং অন্যান্য আন্তর্জাতিক দাতব্য সংস্থাগুলো গাজায় অবিলম্বে মানবিক যুদ্ধবিরতির আহ্বান জানিয়ে একটি বিরল যৌথ বিবৃতি প্রকাশ করেছে। ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, গাজায় মানবিক সামগ্রী পৌঁছানোর জন্য বা হামাস জঙ্গিদের হাতে আটক জিম্মিদের মুক্ত করতে ইসরাইল সামরিক অভিযানে স্বল্পমেয়াদী বিরতির বিষয়টি বিবেচনা করবে। তবে হামাসের সাথে যুদ্ধ বিরতিতে তিনি রাজি নন। এবিসি নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে নেতানিয়াহু বলেন, হামাসকে ক্ষমতাচ্যুত করার লক্ষ্য অর্জনের পর অনির্দিষ্টকালের জন্য গাজায় ইসরাইলের সার্বিক নিরাপত্তার দায়িত্ব থাকবে। হোয়াইট হাউস সোমবার জানিয়েছে, প্রেসিডেন্ট জো বাইডেন ও নেতানিয়াহু এক ফোনালাপে গাজার বেসামরিক নাগরিকদের চলমান লড়াইয়ের এলাকা থেকে নিরাপদে সরে যাওয়ার সুযোগ সৃষ্টি নিয়ে আলোচনা করেছেন। যুদ্ধের কৌশলগত বিরতির সম্ভাবনা, প্রয়োজনে বেসামরিক নাগরিকদের কাছে সহায়তা পৌঁছানো নিশ্চিত করতে এবং সম্ভাব্য জিম্মিদের কীভাবে মুক্তি দেওয়া যায় তা নিয়ে কথা বলেন তারা। বাইডেন হামাসের বিরুদ্ধে লড়াইয়ে ইসরাইলের প্রতি তার অবিচল সমর্থন পুনর্ব্যক্ত করার পাশাপাশি ফিলিস্তিনি বেসামরিক নাগরিকদের রক্ষা এবং সামরিক অভিযানের সময় বেসামরিক ক্ষতি হ্রাস করার প্রয়োজনীয়তার উপরও জোর দেন। তিনি পশ্চিম তীরের পরিস্থিতি এবং সহিংস কর্মকাণ্ডের জন্য চরমপন্থী বসতি স্থাপনকারীদের জবাবদিহি করার প্রয়োজনীয়তার বিষয়েও কথা বলেন। যুক্তরাষ্ট্র ১৯৯৭ সালে হামাসকে সন্ত্রাসী সংগঠন হিসেবে চিহ্নিত করে। ইসরাইল, মিশর, ইউরোপীয় ইউনিয়ন এবং জাপানও হামাসকে সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে বিবেচনা করে।

জাতিসংঘের মানবিক সহায়তা বিষয়ক দপ্তর জানিয়েছে, সোমবার ৯৩টি ট্রাক খাদ্য, ওষুধ, স্বাস্থ্য সামগ্রী ও জল নিয়ে মিশর থেকে গাজায় প্রবেশ করেছে। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন বলেছেন, ইসরাইল, পশ্চিম তীর, জর্ডান, সাইপ্রাস, ইরাক ও তুরস্কে তার চার দিনের মধ্যপ্রাচ্য সফর সম্পর্কে তিনি যথাযথ অবহিত করবেন। ডব্লিউএইচও, ইউনিসেফ, ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম, কেয়ার ইন্টারন্যাশনাল, সেভ দ্য চিলড্রেন এবং মার্সি কোর সহ বিভিন্ন সংগঠন উল্লেখ করেছে, ৭ অক্টোবর হামাসের হামলায় ইসরাইলে ১,৪০০ মানুষ নিহত এবং ২০০ জনেরও বেশি জিম্মি হয়েছে।

## সংখ্যালঘু সম্প্রদায়ের ১০ হাজার 'মোদী মিত্র'র সঙ্গে সাক্ষাৎ করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী



**নয়া দিল্লি ঃ** ভারতে নরেন্দ্র মোদীর প্রধানমন্ত্রীত্বে কেন্দ্রের বিজেপি সরকারের অন্যতম বক্তব্য - 'সবকা সাথ সবকা বিকাশ'। আগামী বছর ২০২৪-এ লোকসভা নির্বাচনকে সামনে রেখে প্রধানমন্ত্রী মোদীর 'সবকা সাথ' ভাবমূর্তি আরও বড় পরিসরে তুলে ধরতে নতুন রণনীতি নিচ্ছে বিজেপি। দু'মাস পর ২০২৪ সালের জানুয়ারির ২২ তারিখ উত্তর প্রদেশে অযোধ্যায় রাম মন্দিরের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী।

রাম মন্দির উদ্বোধনের এক মাস আগে প্রধানমন্ত্রী সংখ্যালঘু সম্প্রদায়ের ১০ হাজার মানুষের মুখোমুখি হবেন। তাদের বেশিরভাগই মুসলমান সম্প্রদায়ের মানুষ। রাজধানী দিল্লির একটি স্টেডিয়ামে এজন্য বিশেষ সমাবেশের আয়োজন করা হচ্ছে। প্রধানমন্ত্রী সংখ্যালঘু সম্প্রদায়ের ১০ হাজার মানুষের মুখোমুখি হবেন, যাদের বেশিরভাগই মুসলমান সম্প্রদায়ের মানুষ।

প্রধানমন্ত্রী সংখ্যালঘু সম্প্রদায়ের ১০ হাজার মানুষের মুখোমুখি হবেন, যাদের বেশিরভাগই মুসলমান সম্প্রদায়ের মানুষ।

বিজেপির সংখ্যালঘু মোর্চা সারা দেশ থেকে বাছাই করা এই ১০ হাজার জনকে বলছে 'মোদী মিত্র।' এই মোর্চাই প্রধানমন্ত্রীর সঙ্গে সংখ্যালঘুদের মুখোমুখি বৈঠকের আয়োজক। 'মোদী মিত্র'রা সংখ্যালঘুদের সঙ্গে প্রধানমন্ত্রী ও বিজেপির সেতু বন্ধনের কাজ করছেন। বিজেপির সংখ্যালঘু মোর্চার জাতীয় সভাপতি জামাল সিদ্দিকীর বক্তব্য, সংখ্যালঘু সমাজের এই ১০ হাজার মানুষ বিজেপির কর্মী নন। সমর্থকও নন অনেকেই। তবে প্রত্যেকেই নরেন্দ্র মোদী সরকারের সাড়ে নয় বছরের কর্মসূচির দ্বারা উপকৃত। সিদ্দিকী জানান, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ প্রধানমন্ত্রীকে সরাসরি তাদের কথা জানাতে পারবেন। সমস্যা, অভাব থেকে পরামর্শ, সবই বিনিময় করতে পারবেন তারা। সবশেষে প্রধানমন্ত্রী তার কথা বলবেন। সারা দেশের সংখ্যালঘুদের এই কর্মসূচিতে শামিল করা হলেও বিজেপি কয়েকটি রাজ্যকে অগ্রাধিকার দিচ্ছে। সেই তালিকায় এক ও দুই নম্বরে আছে যথাক্রমে পশ্চিমবঙ্গ এবং উত্তর প্রদেশ। পশ্চিমবঙ্গে ২৮ শতাংশ মুসলিমের সিংহভাগ বাংলাভাষী।

পশ্চিমবঙ্গে মোদী সরকারের কল্যাণ প্রকল্পে উপকৃতদের দীর্ঘ তালিকা তৈরি করেছে বিজেপি। বিভিন্ন মন্ত্রক থেকে উপকৃতদের তালিকা সংগ্রহকরে পার্টি যোগাযোগ করে।

গুজরাত দাঙ্গায় সুপ্রিম কোর্ট প্রধানমন্ত্রীকে ক্লিন চিট দিয়েছে। সংখ্যালঘুদের মধ্যেও লোকসভা নির্বাচনের আগে প্রধানমন্ত্রী সম্পর্কে ধারণা পরিবর্তনের জন্য দল এই উদ্যোগ নিচ্ছে। এই ব্যাপারে সরকারের কর্মসূচীকেই বিজেপি সামনে রাখছে।

বিজেপি শিবির তুলে ধরছে, মোদী সরকারের কল্যাণ প্রকল্পের সুবিধা দল, ধর্ম, জাত নির্বিশেষে সকলে পেয়েছে। সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে বঞ্চনার অভিযোগ নেই কেন্দ্রের সরকারের বিরুদ্ধে।

### আগামী প্রেসিডেন্ট নির্বাচনে ৫টি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ রাজ্যে বাইডেনের চেয়ে এগিয়ে ট্রাম্প, বলছে জরীপ

**নিউ ইয়র্ক ঃ** যুক্তরাষ্ট্রের রাজনৈতিক জরিপে সাবেক প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প ২০২৪ সালের নির্বাচনে বাইডেনের চেয়ে এগিয়ে রয়েছেন। প্রেসিডেন্ট জো বাইডেনের নির্বাচনী প্রচারণা দল সোমবার বলেছে, এ নিয়ে তারা উদ্বিগ্ন নয়। জরিপে ভোটাররা বাইডেনের বয়স এবং অর্থনীতি নিয়ে তাদের দীর্ঘদিনের উদ্বেগের কথা উল্লেখ করেছেন। তাছাড়া, ইসরাইল ও হামাসের মধ্যে সাম্প্রতিক সংঘাত নিয়ে নতুন উদ্বেগের কথাও উল্লেখ করেছেন তারা। বাইডেনের নির্বাচনী প্রচারণা থেকে দেওয়া এক বিবৃতিতে হোয়াইট হাউসের সহকারী প্রেস সেক্রেটারি কেভিন মুনোজ বলেন, ২০২৪ সালে আমরা মাথা নিচু করে নিজেদের কাজ করে জিতব, নির্বাচন নিয়ে উদ্বিগ্ন হয়ে নয়।

নিউ ইয়র্ক টাইমসসিয়েনা কলেজের জরিপে বলা হয়েছে, অ্যারিজোনা, জর্জিয়া, মিশিগান, নেভাদা ও পেনসিলভেনিয়া এই ছয়টি সুইং স্টেটের মধ্যে পাঁচটিতে বাইডেনকে পরাজিত করবেন ট্রাম্প। জরিপে আরও দেখা গেছে, উইসকনসিনে এগিয়ে আছেন বাইডেন। জরিপকারীরা স্বাভাবিক ইস্যুগুলোর দিকে নজর দিয়েছেন, যেমনঃ গর্ভপাত, গণতন্ত্র সংরক্ষণ, অর্থনীতি, জাতীয় নিরাপত্তা এবং অভিবাসন। তবে ভোটাররা ইসরাইল হামাস সংঘাত মোকাবেলায় বাইডেনের আচরণকে কিভাবে দেখছেন সেটাও আমলে নিয়েছেন তারা। শনিবার, হাজার হাজার বিক্ষোভকারী ইসরাইল হামাস ইস্যুতে তাদের অনুভূতি স্পষ্ট করেছেন। হোয়াইট হাউসের গেটে জড়ো হয়ে ইসরাইলের প্রতি বাইডেনের সমর্থনে তারা তাদের অসন্তোষ প্রকাশ করেছেন। এদিকে, বাইডেন, তার প্রশাসন কিভাবে আমেরিকানদের জীবনযাত্রার উন্নতি করেছে তা নিয়ে প্রচার চালাচ্ছেন। সোমবার নিজের রাজ্য ডেলাওয়্যারে তিনি আটলান্টিক সমুদ্রতীরে ১৬০০ কোটি ডলারের সাহায্য প্রচেষ্টার কথা ঘোষণা করেন। অপরদিকে ট্রাম্প সোমবার নিউ ইয়র্কে এক জালিয়াতি মামলায় হাজিরা দেবার সময় তার বিরুদ্ধে চারটি পৃথক এখতিয়ারে ৯১ টি অপরাধের অভিযোগ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবী করেছেন। জরীপ বিশেষজ্ঞ মার্ক মেলম্যান এবং রাষ্ট্রবিজ্ঞানী টড বেল্টের মতো কেউ কেউ এই জরিপ নিয়ে প্রশ্ন তুলেছেন।

## বেইজিং-এ চীনের প্রেসিডেন্টের সঙ্গে মাইলফলক বৈঠককে স্বাগত জানালেন অস্ট্রেলীয় নেতা

**বেইজিং (এজেন্সী) ঃ** অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ বেইজিংয়ে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে বৈঠকে অংশ নেন, যা তার ভাষায় দুই দেশের সম্পর্কে একটি ইতিবাচক মাইলফলক। এরপর তিনি শি'কে ক্যানবেরায় আসার আমন্ত্রণ জানিয়েছেন। ২০১৬ সালের পর প্রথম অস্ট্রেলীয় প্রধানমন্ত্রী হিসেবে অ্যালবানিজ চীন সফরে গেলেন। ক্যানবেরা সরকার বলছে, বেশ কিছু রাজনৈতিক ও বাণিজ্যিক বিষয়ে মতানৈক্যের পর চীনে তার এই সফর দুই দেশের কূটনীতিক সম্পর্ককে স্থিতিশীল করার দিকে গুরুত্বপূর্ণ ধাপ হতে পারে। মানবাধিকার ও কোভিড-১৯ এর উৎপত্তিস্থলসহ কিছু ভূরাজনৈতিক বিষয়ে মতভেদের মাঝে বেইজিং অস্ট্রেলীয় পণ্যের বিরুদ্ধে বিধিনিষেধ ও শুল্ক আরোপ করে।

২০২২ এর মে মাসের নির্বাচনে জয়লাভের পর অ্যালবানিজ চীন প্রসঙ্গে অপেক্ষাকৃত কম আক্রমণাত্মক দৃষ্টিভঙ্গি অবলম্বন করেছেন। এর উদ্দেশ্য, অস্ট্রেলিয়ার প্রধান বাণিজ্যিক অংশীদারের সঙ্গে সম্পর্ক স্থিতিশীল করা ও একইসঙ্গে মতানৈক্যের জায়গাগুলো স্বীকার করে নেওয়া। অস্ট্রেলিয়া সরকারের কর্মকর্তারা আশা করছেন, এ বছরের শেষ নাগাদ সীফুড ও গরুর মাংসসহ সব ধরনের অস্ট্রেলীয় পণ্যের বিরুদ্ধে চীন সব ধরনের আমদানি বিধিনিষেধ প্রত্যাহার করবে। চীন জানিয়েছে, তারা অস্ট্রেলীয় ওয়াইনের ওপর আরোপ করা শুল্কের বিষয়ে ৫ মাসের একটি নিরীক্ষা চালাবে। অ্যালবানিজ বেইজিংয়ে সংবাদদাতাদের বলেন, চীনের নেতার সঙ্গে আলোচনার বিষয়বস্তু অনেক বিস্তৃত ছিল।

অস্ট্রেলিয়ার বৈশ্বিক বাণিজ্যের এক তৃতীয়াংশ চীনের সঙ্গে। বিশ্লেষকরা বলছেন, চীন তার অর্থনীতির উন্নয়নে অস্ট্রেলিয়া থেকে পাওয়া কাঁচামালের ওপর বড় আকারে নির্ভরশীল, যার মধ্যে আছে আকরিক লোহা ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস।

অ্যালবানিজ শি-কে অদূর ভবিষ্যতে অস্ট্রেলিয়া সফরের আমন্ত্রণ জানান। একইসঙ্গে চীনের প্রেসিডেন্টও অস্ট্রেলীয় প্রধানমন্ত্রীকে আবার চীনে ফিরে এসে দেশটির অন্যান্য অংশ সফরের আমন্ত্রণ জানান।



**গণহত্যা** — গাজায় ফিলিস্তিনি বেসামরিক নাগরিকদের উপর ইসরাইলের গণহত্যা বন্ধের দাবি জানিয়েছে

## গাজায় যুদ্ধবিরতির দাবিতে নিউইয়র্কে স্ট্যাচু অব লিবার্টিতে শত শত ইহুদির বিক্ষোভ




**ওয়াশিংটন ঃ** ইসরাইলের যুদ্ধবিরতি এবং গাজায় বেসামরিক নাগরিকদের গণহত্যা বন্ধের দাবিতে সোমবার নিউইয়র্কের স্ট্যাচু অব লিবার্টিতে শান্তিপূর্ণ অবস্থান নিয়েছে শত শত আমেরিকান ইহুদি অ্যাক্টিভিস্ট।

ইহুদিরা এখনই যুদ্ধবিরতি চায় বা আমাদের নামে নয় লেখা কালো টি-শার্ট পরিহিত বিক্ষোভকারীরা নিউইয়র্কের আইকনিক ল্যান্ডমার্কের পাদদেশে জড়ো হয়। পুরো বিশ্ব দেখছে এবং ফিলিস্তিনিদের মুক্ত হওয়া উচিত লেখা ব্যানার উত্তোলন করে তারা।

ইহুদি ভয়েস ফর পিস বা জেভিপি'র জে সেপার এক বিবৃতিতে বলেন, আমাদের ইহুদি পূর্বপুরুষ এমা লাজারাসের বিখ্যাত কথাগুলো এই স্মৃতিসৌধে লিপিবদ্ধ করা হয়েছে, যা গাজার ফিলিস্তিনি, যারা মুক্তভাবে শ্বাস নিতে চাইছে, তাদের সমর্থনে পদক্ষেপ নিতে আমাদের বাধ্য করছে। বিবৃতিতে লাজারাসের কবিতা নিউ কলোসাস উদ্ধৃত করা হয়েছে, যা যুক্তরাষ্ট্রের অভিবাসীদের প্রতি শ্রদ্ধা জানাতে মূর্তির গোড়ায় খোদাই করা হয়েছিল। ইনস্টিটিউট ফর মিডল ইস্ট আন্ডারস্ট্যান্ডিং-এর অংশগ্রহণকারীরা গাজায় ফিলিস্তিনি বেসামরিক নাগরিকদের উপর ইসরাইলের গণহত্যা বন্ধের দাবি জানিয়েছে। অভিবাসন প্রত্যাশীদের জন্য বিখ্যাত নিউইয়র্ক সিটি গত এক মাস ধরে ইসরাইলপন্থী ও ফিলিস্তিনিপন্থী বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছে। শহরটিতে প্রায় ২০ লক্ষ মিলিয়ন ইহুদি এবং লক্ষ লক্ষ মুসলমানের আবাসস্থল। এটি এখন পর্যন্ত সংঘাত সম্পর্কিত যে কোনও সহিংসতা এড়াতে পারলেও কিছু বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উত্তেজনা স্পষ্ট।

আমেরিকান ইহুদি তরুণদের একটি উদারপন্থী অংশ গাজায় ফিলিস্তিনিদের উপর গণহত্যা চালানোর অভিযোগে ইসরাইলের কঠোর সমালোচনা করেছে। ইসরাইলের প্রতি প্রেসিডেন্ট জো বাইডেনের সামরিক ও কূটনৈতিক সমর্থনেরও নিন্দা জানিয়েছে তারা।

যুক্তরাষ্ট্র ১৯৯৭ সালে হামাসকে সন্ত্রাসী সংগঠন হিসেবে চিহ্নিত করে। ইসরাইল, মিশর, ইউরোপীয় ইউনিয়ন এবং জাপানও হামাসকে সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে বিবেচনা করে। গত ৭ অক্টোবর হামাসের হামলার পর থেকে ফিলিস্তিনি ভূখণ্ডে এক মাস ধরে বোমা বর্ষণ চালিয়ে আসছে ইসরাইল।

হামাস পরিচালিত স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, সোমবার গাজায় মৃতের সংখ্যা ১০ হাজার ছাড়িয়েছে। শনিবার হাজার হাজার বিক্ষোভকারী ওয়াশিংটনে জড়ো হয়ে গাজা ভূখন্ডে অবিলম্বে যুদ্ধবিরতির আহ্বান জানায় এবং ইসরাইলকে সমর্থনের যুক্তরাষ্ট্রের নীতির নিন্দা জানায়। অক্টোবরের শেষের দিকে, হাজার হাজার বিক্ষোভকারী একই দাবি নিয়ে ম্যানহাটনের বিশাল গ্র্যান্ড সেন্ট্রাল ট্রেন স্টেশনে অবস্থা নিয়েছিল। তাছাড়াও পৃথকভাবে, হাজার হাজার ফিলিস্তিনিপন্থী বিক্ষোভকারী, যার মধ্যে কিছু আমেরিকান ইহুদি সংগঠনও রয়েছে, বিখ্যাত ব্রুকলিন ব্রিজটি বন্ধ করে দেয়। জাতিসংঘের মহাসচিব অ্যান্তনিয় গুত্তেরেস ২৪ অক্টোবর ২০২৩ তারিখে নিরাপত্তা পরিষদে দেয়া বক্তব্যে মধ্যপ্রাচ্য পরিস্থিতি সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছেন, গাজাতে ইসরাইলের অবরোধ 'আন্তর্জাতিক মানবতা আইনের স্পষ্ট লংঘন'।



# চিকিৎসায় গাফিলতি জেরে এক প্রসূতির মৃত্যুর ঘটনায় তুমুল উত্তেজনা ছড়ালো মালদা মেডিকেল কলেজের মাতৃমা বিভাগে

**মালদা ঃ** চিকিৎসায় গাফিলতি জেরে এক প্রসূতির মৃত্যুর ঘটনায় তুমুল উত্তেজনা ছড়ালো মালদা মেডিকেল কলেজের মাতৃমা বিভাগে । গত ২৪ ঘঃটার ব্যবধানে আরো এক রোগী মৃত্যুর ঘটনা এবার মেডিকেল কলেজের চিকিৎসা ব্যবস্থা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। মঙ্গলবার সন্ধ্যায় ওই প্রসূতির মৃত্যুকে ঘিরে ধুন্ধুমার পরিস্থিতি হয়ে ওঠে মাতৃভা বিভাগে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ইংরেজবাজার থানার পুলিশ। কিন্তু পুলিশের সামনেই চিকিৎসায় গাফিলতি অভিযোগ এবং রোগী মৃত্যুর ঘটনাকে ঘিরে সরগরম হয়ে ওঠে। মৃত প্রসূতির পরিবারের অভিযোগ, তাদের পরিবারের রোগীকে ভুল চিকিৎসায় মেরে ফেলা হয়েছে। এই ঘটনার জেরে দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন মৃতের পরিবার।

সূত্রে জানা গিয়েছে , মৃত মহিলার নাম টুলি খাতুন (২১) । তার স্বামীর নাম রাজিকুল শেখ। তাদের বাড়ি বামনগোলা থানার পাকুয়াহাট এলাকায় । গত রবিবার গভীর রাতে প্রসব যন্ত্রনা নিয়েই ওই মহিলা মালদা মেডিকেল কলেজের মাতৃভা বিভাগে ভর্তি হয়েছিল। মঙ্গলবার দুপুরে একটি পুত্রসন্তানের জন্ম দেয় ওই মহিলা। মৃত রোগীর পরিবারের অভিযোগ পুত্র সন্তান জন্ম দেওয়ার পর মা ও ছেলে দুজনেই ভালো ছিল। কিন্তু হঠাৎ করেই দুপুর থেকেই মেডিকেল কলেজের কর্তব্যরত চিকিৎসক ও নার্সেরা আমাদের বলতে থাকে রোগীর অপারেশন করতে হবে এবং তার জন্য রক্তের প্রয়োজন । আমরা কোনো কিছুর ত্রুটি রাখে নি। সময় মতো রোগীর রক্ত দেওয়ার ব্যবস্থা করেছি এবং অপারেশন যাতে ভালো মতো হয় সেও কথাও চিকিৎসকদের জানিয়েছিলাম। কিন্তু আমাদের অপারেশনের পরেও রোগীর সম্পর্কে কিছুই জানানো হয় নি। এরপর এদিন রাতে হঠাৎ করে জানানো হয় টুলি খাতুন মারা গিয়েছে। আমাদের ধারণা ভুল চিকিৎসায় ওই মহিলা রোগীর মৃত্যু হয়েছে। রবিবার রাতেও মালদা শহরের মিরচক এলাকার এক যুবকের চিকিৎসায় গাফিলতির মৃত্যুর অভিযোগ তুলে মালদা মেডিকেল কলেজে বিক্ষোভ দেখান পরিবারের লোকেরা। মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল ডা. পার্থ প্রতিম মুখার্জি অবশ্য জানিয়েছেন, চিকিৎসায় কোনো গাফিলতি ছিল না। ওই মহিলা রোগীকে সুস্থ করে তোলা আপ্রাণ চেষ্টা করেছেন কর্তব্যরত চিকিৎসাকেরা। কিন্তু শেষ পর্যন্ত বাঁচানো যায় নি । তবে যদি কোন অভিযোগ হয়, সেটি অবশ্যই খতিয়ে দেখা হবে।

## আলিপুরদুয়ার জেলা জুড়ে সরকারি সহায়ক মূল্যে কৃষকদের থেকে ধান কেনার প্রক্রিয়া শুরু হলো

**আলিপুরদুয়ারঃ** আলিপুরদুয়ার জেলা জুড়ে বিভিন্ন এলাকায় সরকারি সহায়ক মূল্যে কৃষকদের থেকে ধান কেনার প্রক্রিয়া শুরু হলো। এদিন বিভিন্ন এলাকায় কৃষকদের নাম নথিভুক্ত করা শুরু হয়।ফালাকাটার কৃষক বাজারে সরকারি সহায়ক মূল্যে ধান বিক্রি করবার জন্য ফালাকাটা ব্লকের বিভিন্ন প্রান্ত থেকে কৃষকরা এসে তাদের নাম নথিভুক্ত করে সময় নিয়ে যাচ্ছেন। প্রশাসন সূত্রে জানানো হয়েছে বিঘা প্রতি ছয় কুইন্টাল করে কৃষকদের থেকে ধান কিনবে সরকার,যে সকল কৃষকদের কৃষক বন্ধু রয়েছে তাদের নাম আগে নথিভূক্ত করা হবে, এরপর যে সকল কৃষকদের কৃষক বন্ধু নেই তারা, ব্লক অফিসে গিয়ে বিডিওর থেকে তাদের শনাক্তকরণ শংসাপত্র নিয়ে এলেই তাদের নাম নথিভুক্ত করা হবে পোর্টালে,আধার কার্ড,ভোটার কার্ড, কৃষক বন্ধু কার্ড এবং ব্যাংকের অ্যাকাউন্ট এই সকল তথ্য লাগছে এবং কৃষকরা তাদের সময় মতো সময় নিয়ে যাচ্ছেন যে কবে তারা ধান নিয়ে আসবেন, ফালাকাটার কৃষকরা জানান, ধান এখনো সে রকম ভাবে পাকেনি জমিতে রয়েছে কালী পূজোর পর আরও ১০-১৫ দিন পর থেকেই ধান কাটা শুরু হবে, তারপরে এই ধান বিক্রয় কেন্দ্রে নিয়ে আসা হবে বিক্রি করবার জন্য এখন তারা এখানে এসে নাম নথিভুক্ত করে যাচ্ছেন।

## কুচবিহারের প্রত্যেকটি বাড়িতে গ্যাসের পাইপ লাইনের মাধ্যমে বাড়ি বাড়ি গ্যাস দেওয়ার শুভ সূচনা করা হলো আজ

**কুচবিহার।** ভারত পেট্রোলিয়াম কর্পোরেশনের সহযোগিতায় কোচবিহার পৌরসভার সমস্ত রকম ব্যবস্থাপনায় আজ গ্যাসের পাইপ লাইনের শুভ সূচনা করা হলো কোচবিহার পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষের বাড়ির সামন থেকে।

এ বিষয়ে রবিবাবু বলেন প্রথম পর্যায়ে এক বছরের মধ্যে দশ হাজার বাড়িতে পাইপ লাইন পৌঁছে দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে এবং পাঁচটা ধাপে কোচবিহার শহরে প্রত্যেকটা বাড়িতে গ্যাসের পাইপলাইন দেওয়ার কাজ সম্পূর্ণ করা হবে, তারপর আস্তে আস্তে আবার কাজ করা হবে, এই গ্যাসের লাইন বাড়ি বাড়ি পৌঁছে গেলে মানুষের অনেক সুবিধা হবে এবং অনেক কম খরচে মানুষের পাইপ লাইনের মাধ্যমে গ্যাস পেয়ে যাবে তারপর কোনো রকম বুকিং এবং গ্যাস নিয়ে আসার কোনো সমস্যা হবে না। এ বিষয়ে মৃন্ময় কুমার ঘোষ প্রোজেক্টিক ইঞ্জিনিয়ার বলেন শহরের মধ্যে এখনো পাইপ লাইনের কাজ সম্পন্ন হয়নি প্রথম ধাপের কাজ চলছে আমরা আশা রাখছি এ মাসের শেষের দিকে পাইপ লাইনের স্টিলের যে কাজটি আছে সেটি আমরা শুরু করতে পারব। এখন পর্যন্ত কোচবিহার শহরে পৌর এলাকায় ১০৪ কিলোমিটার পাইপ লাইনের লাইন করা হয়েছে। এর পরবর্তীতে আরও বিভিন্ন জায়গায় সার্ভে করে জানা যাবে কতগুলো বাকি আছে। পাইপ লাইনের মাধ্যমে রান্নার গ্যাস মানুষের ঘরে ঘরে পৌঁছতে মার্চ মাসের মধ্যে ই পৌঁছে যাবে।

## পোস্ট অফিসের অবহেলার কারণে গত ২ মাস ধরে পেনশন পাচ্ছেন না বয়স্করা, হৈচৈ

**শিলিগুড়ি ঃ** পোস্ট অফিসের গাফিলতির অভিযোগে পেনশন বিলম্ব হচ্ছে দু মাস ধরে পেনশন প্রাপকদের, সংশ্লিষ্ট আধিকারিকের সাফাই সঠিকক্রস্ক না থাকা ও কর্মীর অভাবে এই বিলম্ব। রবীন্দ্রনগর পোষ্ট অফিসের বিরুদ্ধে একাধিক অভিযোগ এনে এবার শহরের প্রবীণ মানুষেরা সরব হলেন।সারা জীবণ চাকরী জীবণ কাঁটাবার পর একটা সময় আসে অবসর সময়।সেই অবসরের সময় প্রবীণ মানুষগুলোর সম্বল শুধু পেনশন।সেই পেনশন পেতে নানান ভাবে সমস্যার সন্মুখীন হতে হচ্ছে ঐ সকল প্রবীণ মানুষ গুলোকে।তাদের অভিযোগ গত দু মাস ধরে নানান সময় নানান ভাবে পেনশন পেতে তাদের ঘোরানো হচ্ছে।কখনো বলছে ক্রস্ক সমস্যা,কখনো আবার কর্মীর অভাব,কনোনবা লিং ফেল ।এই সব বলে তাদের ঘুরিয়ে দেওয়া হচ্ছে।তাঁরা সকলে বয়স্ক হাটা চলার সমস্যা কতবার করে আবার সেই যায়

রবীন্দ্রনগর পোষ্ট অফিসে ওপর ওঠা অভিযোগের ভিত্তিতে ভারপ্রাপ্ত ডাক আধিকারিক দেবাশীষ বর্মণ জানান।এই অফিসের নানান সমস্যা নিয়ে ওপর মহলে চিঠি চাপাটি করেছেন।এখানে প্রধান সমস্যা হলো পোষ্টমষ্টার না থাকায় তিনি ভারপ্রাপ্ত হিসাবে এখানে কাজ করছেন।সেই ক্ষেত্রে তার নামে কোনক্রস্ক নম্বর নেই সেই ক্ষেত্রে কাজ করতে সমস্যা তৈরী হচ্ছে।তাঁর ওপর কর্মীর অভাব রয়েছে,তিনি বয়স্ক মানুষ গুলোর মুখের দিকে তাকিয়ে তারাতারি পেনশন পাবার চেষ্টা করছেন




# সোনারপুরে রাতের অন্ধকারে ছুরি দিয়ে নিজের স্ত্রীকে খুন করে পালিয়ে যাওয়ার অভিযোগ স্বামীর বিরুদ্ধে

**কলকাতা ঃ** রাতের অন্ধকারে শশুর বাড়িতে এসে নিজের স্ত্রীকে ছুরি দিয়ে খুন করে পালিয়ে যাওয়ার অভিযোগ উঠলো ঘাতক স্বামীর বিরুদ্ধে। মৃত ওই গৃহবধুর নাম মালা মন্ডল বোস। একটি কল সেন্টারে কর্মরত ছিলেন মালা দেবী। ঘটনাটি ঘটে দক্ষিণ ২৪ পরগনার সোনারপুর থানার শীতলা এলাকায়। অভিযুক্ত স্বামীর নাম সমীর মন্ডল। টেংরা এলাকার বাসিন্দা। সোনারপুর এর নতুন পল্লীতে ভাড়ায় থাকতেন এই দম্পতি। বেশ কিছুদিন ধরে স্বামীস্ত্রীর অশান্তির ফলে মৃত মালা দেবীর উপর অকথ্য নির্যাতন করতেন বলে অভিযোগ বাপের বাড়ির লোকের। গত তিন মাস বাপের বাড়িতে চলে আসেন মালা দেবী। গতরাতে স্বামী সমীর মন্ডল মালা দেবীর বাপের বাড়িতে এসে তাকে ছুরি দিয়ে খুন করে চলে যায় বলে অভিযোগ। পুলিশ মৃতদেহ ময়নাতদন্তে পাঠিয়ে তদন্ত শুরু করেছেন। চেষ্টা চালিয়ে যাচ্ছেন মৃত মালা দেবীর স্বামী অভিযুক্ত সমীর মন্ডলের সন্ধানে।

## চাঁদপাড়ায় আগুন লেগে ভস্মীভূত একটি হোটেল ক্ষতিগ্রস্ত আরো দুটি দোকান

**উত্তর ২৪ পরগনার ঃ** সাতসকালে আগুন লেগে ভস্মীভূত হয়ে গেল একটি হোটেল, ক্ষতিগ্রস্ত হয়েছে আরও দুটি দোকান। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনার গাইঘাটা থানার চাঁদপাড়া বাজার এলাকায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, চাঁদপাড়া বাজারে যশোর রোড লাগোয়া পূর্ণিমা হোটেলে সকালে হঠাৎ আগুন দেখতে পায় স্থানীয়রা। তড়িঘড়ি তারা খবর দেয় ফায়ার ব্রিগেডে, ফায়ার ব্রিগেডের দুটি ইঞ্জিনের বেশ কিছু সময়ের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। তবে ততক্ষণে পুড়ে ভস্মীভূত হয়ে গেছে হোটেলটি, ক্ষতিগ্রস্ত হয়েছে পাশের আরো দুটি দোকান। স্থানীয়দের অনুমান রান্না করার সময় কোনভাবে দোকান ঘরে আগুন লেগেছে। তারা অভিযোগ তুলছেন দেরিতে ফায়ার ব্রিগেড আসার।

## অবৈধ নির্মাণ ভাঙ্গার পরিদর্শনে মেয়র, চেয়ারম্যান

**আসানসোল ঃ** আসানসোল পৌরনিগমের থেকে ঢিল ছোঁড়া দূরত্বে অবৈধভাবে রাস্তার উপর আবাসন সহ দোকান বানানো হয়, দীর্ঘদিন ধরে আসানসোল পৌরনিগমের মেয়র বিধান উপাধ্যায়, চেয়ারম্যান অমরনাথ চ্যাটার্জীর কাছে অভিযোগ জানানো হয়। পূজোর উৎসবের আগে মেয়র প্রতিশ্রুতি দিয়েছিলেন পূজোর পর বেআইনি নির্মাণ ভাঙ্গার কাজ শুরু হবে। মঙ্গলবার সকালে আসানসোল পৌরনিগমের চেয়ারম্যান অমরনাথ চ্যাটার্জীকে নিয়ে মেয়র বিধান উপাধ্যায় ঘটনাস্থলে পরিদর্শনে যান। তিনি জানান আসানসোল পৌরনিগমের কাছে অভিযোগ ছিল কিন্তু হাইকোর্টে মামলা থাকাতে কোন পদক্ষেপ নেওয়া হয় নি এবার হাইকোর্ট নির্দেশ দিয়েছেন তাই আগামী কাল থেকে ভাঙ্গার কাজ শুরু হবে। তিনি জানান পুরো বাড়ীটাই বেআইনী ভাবে করা হয়েছে এবং পুরো বাড়ীটা ভাঙা হবে।




## কোচবিহারেও বিজেপির পক্ষ থেকে চোর ধরার জেল ভরো কর্মসূচি পালিত হল

**কোচবিহার ঃ** রাজ্যজুড়ে তৃণমূল কংগ্রেসের দুর্নীতির প্রতিবাদে গোটা রাজ্যের সঙ্গে কোচবিহারেও বিজেপির পক্ষ থেকে চোর ধরার জেল ভরো কর্মসূচি পালিত হল। আজ কোচবিহার জেলা বিজেপির দলীয় কার্যালয় থেকে একটি প্রতিবাদ মিছিল বের করে বিজেপির কর্মী সমর্থকরা। বিজেপির অভিযোগ রাজ্য জুড়ে সর্বত্র দুর্নীতিগ্রস্ত তৃণমূল কংগ্রেস। বর্তমানে তারা গরিব মানুষের চার চুরি করে খাচ্ছে। রেশন ব্যবস্থাতেও লাগামহ হিন দুর্নীতি শুরু হয়েছে। এই ঘটনার প্রতিবাদে দলীয় কার্যালয় থেকে এই প্রতিবাদ মিছিল বের হয়ে কোচবিহার শহর পরিক্রমা করে।

## মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে খারাপ চিকিৎসা পরিষেবার অভিযোগ

**মালদাঃ** চিকিৎসা পরিষেবা নিয়ে অভিযোগ মালদা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসকদের বিরুদ্ধে। আর এই অভিযোগটা করছেন রোগীর আত্মীয়রা। চিকিৎসা পরিষেবা, একেবারেই তলানিতে ঠেকেছে অভিযোগ বিরোধীদেরও। একটি রোগীকে একাধিক ডাক্তার দেখছেন আবার একাধিক ডাক্তারের পরামর্শ রোগীর আত্মীয়কে সঠিকভাবে চিকিৎসা হচ্ছে না কথায় কথায় চিকিৎসা না করেই রোগীকে রেফার করে দিচ্ছে অন্যত্র। রোগীর পরিজনদের সাথে চিকিৎসকরা ঠিকমতো ব্যবহার করছে না কথাও বলছে না। সঠিকভাবে রোগীর চিকিৎসা হচ্ছে কিনা সে বিষয়েও রোগীর আত্মীয়রা জানতে পারছে না এমনটাই ভুরি ভুরি অভিযোগ মালদা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসকদের বিরুদ্ধে। মালদা মেডিকেল কলেজ হাসপাতালে প্রিন্সিপাল পার্থপ্রতিম মুখোপাধ্যায় জানান রোগীরা চিকিৎসা পরিষেবা পাচ্ছে না এমন কোন অভিযোগ আমার কাছে এসে পৌঁছায়নি। তবে চিকিৎসা পরিষেবা ব্যাহত হচ্ছে না ডাক্তাররা ঠিকমতোই চিকিৎসা করছে কোন অভিযোগ পেলে আমরা বিষয়টি খতিয়ে দেখব। একেকটা ইউনিটে ১০ থেকে ১২ জন চিকিৎসক থাকে সেক্ষেত্রে সেই ইউনিটে একজন সিনিয়র ডাক্তার থাকে তবে সব ক্ষেত্রেই সমস্ত ডাক্তারের চিকিৎসা করে।

## 'পাখি হারা আকাশ' থিম নিয়ে কালী পূজা মণ্ডপ নির্মাণ শুরু হল ফালাকাটায়

**আলিপুরদুয়ারঃ** শারদ উৎসবের রেশ কাটতে না কাটতেই শ্যামা পূজার প্রস্তুতি শুরু হল ফালাকাটায়। শ্যামা মায়ের বন্দনার জন্য প্রস্তুতি শুরু করে দিলেন উদ্যোক্তারা। বুধবার সকালে ক্লাব প্রাঙ্গণে খুঁটি পুজোর মধ্যে দিয়ে সূচনা হলো ফালাকাটা উদয় সংঘের ৫১ তম কালীপুজোর। এদিন ঢাক কাঁসর বাজিয়ে খুঁটি পুজোর আয়োজন করেন উদ্যোক্তারা। এবিষয়ে ফালাকাটা উদয় সংঘের কালী পুজো কমিটির উদ্যোক্তারা বলেন, খুঁটি পূজার মধ্য দিয়ে আমাদের এবছর ৫১ তম শ্যামা মায়ের পুজোর সূচনা করা হয়। আমাদের পুজোয় প্রতিবছর কিছু কিছু চমক থাকে আমাদের পুজোতে প্রচুর মানুষ ভিড় করে আমাদের এই মন্ডপ ও প্রতিমা দেখার জন্য। এ বছর আমাদের পুজোর থিম 'পাখি হারা আকাশ' ড আশা করছি এ বছর দর্শনার্থীদের মন কাড়বে আমাদের এই মণ্ডপ।

## কেন্দ্রীয় সরকার মনরেগা টাকা তাড়াতাড়ি পরিশোধের দাবিতে আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছে

**মালদা ঃ** ১০০ দিনের কাজের বকেয়া টাকা আদায়ের জন্য সম্প্রতি রাজ্য সরকারের প্রতিনিধিদল দিল্লির দরবারে গিয়েছিল। অবস্থান বিক্ষোভ অবস্থান করে কিন্তু রাজ্যের প্রতিনিধি দলকে হেনস্থা করা হয়। সেই ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্য নেতৃত্বের নির্দেশে বামনগোলা ব্লক তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে এদিন দলীয় কার্যালয়ে সাংবাদিক সম্মেলন করেন বামনগোলা ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি অশোক সরকার। তিনি বলেন, রাজ্যের ১০০ দিনের কাজের টাকা এখনো দেওয়া হয়নি অশোক বাবু কেন্দ্র সরকারকে হুঁশিয়ারি দিয়ে বলেন দ্রুত বকেয়া টাকা পরিশোধ করা না হলে আগামী দিনে আরও বৃহত্তর আন্দোলনে নামবেন তৃণমূল কংগ্রেস। সাংবাদিক সম্মেলনেউপস্থিত ছিলেন - বামনগোলা ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি অশোক সরকার,যুব সভাপতি সমীর কর্মকার,অমল কিসকু সীপেন মন্ডল,শ্যামল মন্ডল সহ অন্যান্যরা।

## বিহারে পশুর খাবার খেয়ে জেলে গেলেন লালু, বাংলায় মানুষের খাবার খেয়ে জেলে গেলেন বালুশঙ্কর ঘোষ

**শিলিগুড়ি ঃ** রাজ্যজুড়ে রেশন দুর্নীতি নিয়ে সড়ক হয়েছে বিজেপি, এবার উত্তরবঙ্গে রেশন দুর্নীতির সাথে জড়িতদের গ্রেপ্তারের দাবি জানিয়ে পথে নামল বিজেপি। বুধবার বিকেলে শিলিগুড়িতে হাঁসমিচক থেকে বিজেপির একটি প্রতিবাদ মিছিল করা হয় মিছিলটি শিলিগুড়ি হিলকার্ট রোড, সেবক রোড ও বিধান রোড পরিক্রমা করে হাসমি চকে ফিরে আসে। এদিন এই বিক্ষোভ প্রতিবাদ মিছিলে উপস্থিত ছিলেন শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ সহ বিজেপির অন্যান্য নেতৃত্বরা। এদিন বিধায়ক শংকর ঘোষ বলেন, পশুর খাবার খেয়ে জেলে গিয়েছেন লালু, পশ্চিমবঙ্গের মানুষের খাবার খেয়ে জেলে গেছেন বালু। শুধু এরাই নয় আরো বড় অনেক মাথা রয়েছে যারা এই দুর্নীতির সাথে জড়িত। অবিলম্বে তাদেরকেও গ্রেপ্তারের দাবি তোলেন বিধায়ক।

## এবিভিপি বাংলার কলেজগুলিতে ইউনিয়ন ফি নিয়ে ছাত্রদের প্রতারণার বিরুদ্ধে আওয়াজ তুলেছে

**শিলিগুড়ি ঃ** শিক্ষা ক্ষেত্রে নানান দূর্নীতির পর এবার সমস্ত কলেজ গুলোতে ছাত্রছাত্রীদের থেকে ইউনিয়ন ফ্রি বাবদ লক্ষ্য লক্ষ্য টাকা আদায়ের অভিযোগ এনে গান্ধী মূর্তির পাদদেশে সরব অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ। অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের রাজ্য সম্পাদক (উত্তরবঙ্গ শাখার) শুভব্রত অধিকারী র নেতৃত্বে কোর্ট মোড়ের গান্ধী মূর্তির পাদদেশে এক প্রকাশ্য সাংবাদিক সন্মেলন করে ইউনিয়ন ফ্রিস নিয়ে নানান কারচুপি তুলে ধরেন।তৃণমূল কংগ্রেসের অনেক নেতা মন্ত্রীরা নানান দুনীতির দায়ে অভিযুক্ত হয়ে শ্রীঘরে।এবার আরেক দুনীতি গতকাল শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ নিয়ে এসেছিলেন।এবার ভারতীয় জনতা পার্টির ছাত্র সংগঠন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ বাংলার বিভিন্ন কলেজ গুলোতে ইউনিয়ন ফ্রি বাবদ যে অর্থ সাধারণ ছাত্রছাত্রীদের কাচ থেকে আদায় করা হয়েছে তা প্রকাশ্যে নিয়ে আসেন।শুভব্রতবাবু জানান এই দুনীতি দায়ে অভিযুক্তদের সঠিক তদন্ত করে শাস্তি দিতে হবে।এই নিয়ে একটি গণসাক্ষ্য অভিযান করে মহামান্য রাজ্যপালকে দেওয়া হবে

## উত্তরকন্যায় কর্মরত দুই নিরাপত্তারক্ষীর বিরুদ্ধে চাকরি দেওয়ার নামে প্রতারণার অভিযোগ, একজন গ্রেফতার

**শিলিগুড়ি ঃ** চাকরি দেওয়ার নামে প্রতারণার অভিযোগ উঠল উত্তরকন্যায় কর্মরত দুই নিরাপত্তারক্ষীর বিরুদ্ধে।অভিযুক্তরা হল মইনুল রহমান ও বিষ্ণুপদ গুপ্ত। এরা দুজনই ফুলবাড়ির বাসিন্দা।ইতিমধ্যেই বিষ্ণুপদ গুপ্তকে ধরেছে পুলিশ।মূল অভিযুক্তের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ।জানা গিয়েছে, অভিযুক্তরা দীর্ঘদিন ধরেই উত্তরকন্যায় নিরাপত্তা রক্ষীর কাজ করছে।অভিযোগ, শিলিগুড়ির একটি নার্সিংহোমে চাকরি দেওয়ার নামে জলপাইগুড়ির তিন যুবতীর কাছ থেকে টাকা নেয় মইনুল রহমান।এরপর বুধবার ওই যুবতিদের বিষ্ণুপদ গুপ্তকে সঙ্গে নিয়ে উত্তরকন্যায় গিয়ে তার সঙ্গে দেখা করার কথা বলে।কিন্তু সেখানে পৌঁছে মইনুল রহমানের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করলে তার সঙ্গে যোগাযোগ করতে পারেনি যুবতিরা।এরপরই তাদের সন্দেহ হলে তারা বিষয়টি উত্তরকন্যার আধিকারিকদের জানায়।এরপর ঘটনার খবর দেওয়া হয় পুলিশে।পুলিশ ঘটনাস্থলে পৌঁছে বিষ্ণুপদ গুপ্তকে আটক করে।অন্যদিকে পলাতক রয়েছে মূল অভিযুক্ত মইনুল রহমান।তার খোঁজে বিভিন্ন জায়গায় তল্লাশি শুরু করেছে এনজেপি থানার পুলিশ।

## শিলিগুড়ি ডিভিশনাল কাউন্সিলে ১৮০০ মিটার রাস্তার নির্মাণ কাজ শুরু হয়েছে

**শিলিগুড়ি ঃ** স্কুলডাঙ্গি থেকে লালপুল পর্যন্ত একটি নতুন রাস্তা তৈরির শিলান্যাস করলেন শিলিগুড়ি মহাকামা পরিষদের চেয়ারম্যান অরুণ ঘোষ। উল্লেখ্য, বুধবার বিকেলে ৩০০ মিটার সিসি সড়ক ও ১৫০০ মিটার পিচ সড়কের নির্মাণ কাজ শুরু হয়। মোট ১৮০০ মিটার সড়ক নির্মাণ করা হবে। এই কাজের জন্য মোট ৫৫ লক্ষ টাকার প্রকল্প শুরু হয়েছে। এ সড়কটি নির্মিত হলে বিস্তীর্ণ এলাকার মানুষের যাতায়াতের ক্ষেত্রে অনেক সুবিধা হবে।

## খেলা করার সময় অসতর্কবশত গভীর চৌবাচ্চায় পড়ে জলে ডুবে মৃত্যু হল এক আড়াই বছরের শিশুর

**মালদা ঃ** খেলা করার সময় অসতর্কবশত গভীর চৌবাচ্চায় পড়ে জলে ডুবে মৃত্যু হল এক আড়াই বছরের শিশুর। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটেছে পুরাতন মালদা থানার সাহাপুর গ্রাম পঞ্চায়েতের ছোট কাদিরপুর এলাকায়। বিষয়টি জানাজানি হতে এলাকা জুড়ে শোড়গোল পড়ে যায়। পরিবারের লোকেরা চৌবাচ্চা থেকে ওই শিশুকে অচৈতন্য অবস্থায় উদ্ধার করে স্থানীয় একটি নার্সিংহোম নিয়ে গেলে চিকিৎসাকেরা মৃত বলে জানিয়ে দেয়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মৃত শিশুর নাম শিবরাজ মন্ডল(আড়াই বছর) । বাবা দীপক মন্ডল পেশায় একজন মধু ব্যবসায়ী, বাড়ি পুরাতন মালদা ব্লকের সাহাপুর অঞ্চলের ছোট কাদিরপুর গ্রামে । দীপকবাবুর দুই কন্যা সন্তানের পরে এক পুত্র সন্তানটি ছিল। মৃত শিশুর পিসিমা নীলিমা মন্ডল জানিয়েছেন, এদিন তার ভাইয়ের ছেলে বাড়ির পেছনে থাকা মার্সালের চৌবাচ্চায় পড়ে যায়। এই ঘটনা চোখে পড়ে তার এক ভাইঝির। দৌড়ে গিয়ে বাড়িতে খবর দিলে সঙ্গে সঙ্গে ওই চৌবাচ্চা থেকে শিশুটিকে তুলে অচৈতন্য অবস্থায় স্থানীয় একটি বেসরকারি নার্সিংহোমে নিয়ে যায়। কিন্তু কর্তব্যরত চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করে । অবশেষে মৃত শিশুটিকে বাড়ি নিয়ে ফিরিয়ে নিয়ে চলে আসে মৃত শিশুর পরিবারের লোকজন। পরবর্তীতে মালদা থানার পুলিশ ঘটনার খবর পেয়ে ওই শিশুর মৃতদেহ মালদা থানায় নিয়ে এসে ময়নাতদন্তের জন্য মঙ্গলবার মালদা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

## বাংলাদেশ ও পাকিস্তান থেকে প্রচুর সমর্থক এসেছে

**কলকাতা ঃ** ক্রিকেটের স্বর্গউদ্যান ইডেন গার্ডেন্স আজ বাংলাদেশ ও পাকিস্তান টনটন উত্তেজনার মধ্যে দুই প্রতিবেশী দেশের ক্রিকেট বিশ্বকাপের খেলা চলছে বাংলাদেশ ও পাকিস্তান থেকে প্রচুর তাদের সমর্থক এসেছে তারা প্রত্যেকেই আশাবাদী আজ জিতবে কেননা প্রত্যেকটা প্লেয়ার আজকে অন্যরকম ভাবে খেলবে। এর মধ্যে পাকিস্তান অনেক দিন পর এই কলকাতা এসছে আলাদা একটা ক্রিকেটের মাত্রা যোগ হয়েছে এবং যারা ক্রিকেটপ্রেমী তারা ইডেনের দর্শক আসনে বসে খেলা দেখবে অনেকে আবার কিছুটা হতাশ কেননা কম্বিনেশন কিছুটা হলেও ব্যাহত হয়েছে সেই কারণে যারা সমর্থক আছে বাংলাদেশ থেকে এসেছে কিছুটা হতাশ আছে। সমাপনী আজ যে দেশেরই খেলা হোক না কেন ক্রিকেট খেলা এবং ইডেনে খেলা হচ্ছে সেখানে আলাদা একটা মাত্র থাকবেই তাই কে বা কোন দেশ খেলছে বিশ্বকাপ ক্রিকেট হচ্ছে কলকাতার ইডেন গার্ডেন সে, অন্যদিকে অটোসটো নিরাপত্তার মধ্যে দিয়ে আজকের ম্যাচ শুরু হয়েছে। প্রচুর পুলিশ মোতায়েন করা হয়েছে যাতে কোন অপ্রীতিকার ঘটনা না ঘটে

## ই ডি অফিসে এলেন আইএস অফিসার জ্যোতিষমান চট্টোপাধ্যায়

**কলকাতা ঃ** ই ডি অফিসে এলেন আইএস অফিসার জ্যোতিষমান চট্টোপাধ্যায়। পুরনিযগে দুর্নীতি মামলায় ইতিমধ্যেই তার বাড়িতে রেড করেছে ইডি। মঙ্গলবার সকালে আবার সল্টলেকে ই ডি দপ্তরে আসেন আই এএস অফিসার জ্যোতিষমান চট্টোপাধ্যায়। ই ডি সূত্রে খবর, পুরনিযগে দুর্নীতি মামলায় জিজ্ঞাসাবাদের জন্য তাকে মঙ্গলবার আবার ডাকা হয়েছে। সোমবার ই ডি দপ্তরে দীর্ঘক্ষণ জিজ্ঞাসাবাদ করা হয় তাকে। এর আগে দীর্ঘক্ষণ ধরে তার সল্টলেকের বাড়িতেও রেড করেছে ই ডি আধিকারিকরা। সূত্রের খবর মঙ্গলবার তাকে আবার জিজ্ঞাসাবাদ করতে চায় পিডি আধিকারিকরা।

## রেশন দুর্নীতির প্রতিবাদে বেহালায় বিজেপির বিক্ষোভ

**কলকাতা ঃ** রেশন দুর্নীতির প্রতিবাদে বেহালার ১৪ নম্বর ডায়মন্ড হারবার রোডের উপর বিজেপির পক্ষ থেকে বিক্ষোভ দেখালো বিজেপির মহিলা মোর্চার কর্মী সমর্থকরা । ডায়মন্ড হারবার রোডের রাস্তার উপর বসে পড়ে বিক্ষোভ দেখাতে থাকে বিজেপির কর্মী সমর্থকরা।

## বেঙ্গলের কিছুটা ময়শ্চার রয়েছে তার ফলে আংশিক মেঘলা আকাশ আমরা পাচ্ছি ঃ গণেশ কুমার দাস

**কলকাতা ঃ** এই মুহূর্তে আমাদের রিজিনে কোন সিস্টেম নেই যেটা রয়েছে শুধু নর্থ স্টাইলি উইন্ড ভাইয়া, বাংলাদেশ হয়ে আমাদের রিজিনে প্রবেশ করছে ফলে আমাদের বে অফ বেঙ্গলের কিছুটা ময়শ্চার রয়েছে তার ফলে আংশিক মেঘলা আকাশ আমরা পাচ্ছি এবং এইটা কন্টিনিউ করবে আগামী চার থেকে পাঁচ দিন আবহাওয়া পুরোপুরি শুস্ক কোনরকমের বৃষ্টিপাতের সম্ভাবনা নেই আগামী পাঁচ দিন নর্থবেঙ্গল এবং সাউথ বেঙ্গল দুই জেলাতেই বৃষ্টিপাতের কোনো সম্ভাবনা নেই চার তারিখে উড়িষ্যা লাগুয়া যে জেলাগুলো আছে মেদনাপুর সাউথ ২৪ পরগনা খুব হালকা ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা থাকছে। যেহেতু উহন্ট প্রবেশ করছে আমাদের রাজ্যে তার জন্য কিন্তু প্রচুর পরিমাণে মোর্চার ডুকছে আমাদের রাজ্যে তার ফলে রাত্রে তাপমাত্রায় অনেকটা কমবে আগামী এক সপ্তাহে সম্ভাবনা রয়েছে সর্বনিম্ন তাপমাত্রায় কুড়ি ডিগ্রীর নিচে যাওয়ার কলকাতার ক্ষেত্রে কোন তাপমাত্রায় কমার সম্ভাবনা নেই পশ্চিমের জেলাগুলোতে তাপমাত্রা কম হওয়ার সম্ভাবনা রয়েছে বিশেষ করে পুরুলিয়া বর্ধমান বাঁকুড়া বীরভূম

## আজকের দিনটি



**মেষ ঃ** পারিবারিক চিন্তা। আয় কম, খর্চা বেশী। স্বাস্থ্য বাধা।

**বৃষ ঃ** প্রেমি-প্রেমিকার মধ্যে মনোমালিন্য। আর্থিক দুরাবস্থা, স্বাস্থ্যর অবনতি।

**মিথুন ঃ** ভোগ বিলাসে সময় কাটবে। ধনের অপব্যায়, পারিবারিক কার্যে বাধা।

**কর্ক ঃ** মান-সম্মান ও প্রতিষ্ঠায় বৃদ্ধি। অনিষ্ঠ গ্রহের শান্তি করান অন্যথা দুর্ঘটনার সম্ভাবনা।

**সিংহ ঃ** মুখরোচক আহারের সম্ভাবনা। বিদের ভ্রমণ বা অন্যান্য স্থানে ভ্রমণের যোগ। পরিবারে কিঞ্চিত অশান্তি।

**কন্যা ঃ** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।

**বৃশ্চিক ঃ** লম্বিত কার্য সম্পন্ন হইবে। সন্তান যোগের সম্ভাবনা। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক ।

**তুলা ঃ** সন্তানের শারিরিক অবনতি। মা-বাবার সন্তান সুখ লাভ। গৃহ-ভূমি কেনার সম্ভাবনা।

**ধনু ঃ** নতুন কার্য ও নতুন ব্যাবসার উদ্বোধন। রাজনীতিজ্ঞদের উচ্চ পদ লাভ।

**মকর ঃ** পরিশ্রমদ্বারাই জীবনযাপন সুষ্ঠ ভাবে সম্ভব। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক। ভ্রমণে সম্ভাবনা ।

**কুম্ভ ঃ** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।

**মীন ঃ** ব্যবসায় লোকসান, হওয়া কাজে বাধা, মহিলারা নিজের সাস্থ্যের দিকে লক্ষ রাখুন।

**তান্ত্রিক অশোক স্বামী**

# কোচবিহারে শুরু হতে চলেছে বাজি মেলা

**কোচবিহারঃ** আগামীকাল কোচবিহার রাসমেলা ময়দানে শুরু হতে চলেছে বাজিমেলা, কোচবিহার পৌরসভার উদ্যোগে এবং ব্যবসায়ী সমিতির সহযোগিতায় আগামীকাল থেকেই শুরু হতে চলেছে বাজি মেলা, এ বিষয়ে ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক সুরোজ কুমার ঘোষ জানান প্রশাসনের উদ্যোগে এই বাজিমেলা ভবানীগঞ্জ বাজার থেকে সরিয়ে নিয়ে গিয়ে রাস মেলা ময়দানে করা হচ্ছে বলে প্রশাসনকে অনেক অনেক ধন্যবাদ, কারণ বিভিন্ন জায়গায় এর আগেও দেখা গিয়েছিল দীপাবলীর আগে বিভিন্ন ধরনের দুর্ঘটনার সম্মুখীন হতে হয়েছিল বেশ অনেক জায়গায় এই বাজি নিয়ে, আমাদের ভবানীগঞ্জ বাজারে যেরকম পরিস্থিতির মধ্যে এর আগে বাজি বিক্রেতারা বিক্রি বাজি বিক্রি করতো তাতে যেকোনো সময় একটা দুর্ঘটনা ঘটে যেতে পারতো কিন্তু সেটা কোনদিন হয়নি খুবই আতঙ্কিতার মধ্যে তাদেরকে ব্যবসা করতে হতো। কিন্তু এবার প্রশাসন যে উদ্যোগ নিয়েছে তাতে ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে অনেক অনেক ধন্যবাদ কারণ বাজি বিক্রেতারা নির্দিষ্ট একটি স্থান পেয়েছে এতে ক্রেতারাও নির্দিষ্ট জায়গায় গিয়ে বাজে কিনতে পারবে এবং কোনরকম অসুবিধা হবে না বলে জানান। এবং প্রশাসন যেরকম একটি নির্দিষ্ট স্থান দিয়েছে রাস মেলা ময়দানে সেখানে যদি কোন রকম দুর্ঘটনা হয় তাহলে দ্রুতই নিয়ন্ত্রণে আনতে পারবে। এই বাজিমেলা উদ্যোগ নেওয়ার পরে ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে বাজি বিক্রেতারা অনেকটা আশ্বাস পেয়েছেন বলে জানান ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক সুরোজ কুমার ঘোষ।




## পূজা কমিটি স্বাস্থ্যবান্ধব শারদ সম্মান পুরস্কার পায়

**শিলিগুড়ি** ঃফাঁসি দেওয়া পঞ্চায়েত সমিতির উদ্যোগে ও ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক এর সহযোগিতায় আজ স্বাস্থ্য বান্ধব শরৎ সম্মান পুরস্কার তুলে দেওয়া হয় ব্লকের পাঁচটি পুজো কমিটির হাতে। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিডিও সঞ্জু গুহ মজুমদার, শিলিগুড়ি মহকুম পরিষদের কর্মাধ্যক্ষ আইনুল হক, কুমুদিনী ঘোষ বড়াই, ফাঁসি দেওয়া পঞ্চায়েত সমিতির সভাপতি রিনা এক্কা, সহসভাপতি চন্দ্র মোহন রায় সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ প্রথম দ্বিতীয় তৃতীয় পুরস্কার তুলে দেওয়া হয় এবং বিশেষ সম্মান দেওয়া হয় দুটি পুজো কমিটিকে

## পৃথক রাজ্যের দাবিতে কেন্দ্র, রাজ্য সহ রাষ্ট্রপতি এবং রাজ্যপালকে স্মারকলিপি জমা দিতে চলেছে ইউনাইটেড ফ্রন্ট ফর সেপারেট স্টেট

**শিলিগুড়ি** ঃ উত্তরবঙ্গকে কেন্দ্র করে পৃথক রাজ্যের দাবিতে ক্রমশ সুর জোড়ালো হচ্ছে। এবার কেন্দ্র, রাজ্য সহ রাষ্ট্রপতি এবং রাজ্যপালকে স্মারকলিপি জমা দিতে চলেছে ইউনাইটেড ফ্রন্ট ফর সেপারেট স্টেট। সোমবার শিলিগুড়িতে কোর কমিটির সদস্যদের সঙ্গে বৈঠক শেষে এমনটাই জানালেন গোর্খা জনমুক্তি মোর্চা দলের সুপ্রিমো বিমল গুরুং।

ইতিপূর্বে পৃথক রাজ্যের দাবিতে একটি বৈঠক সম্পন্ন হয়েছিল দাগাপুরে। এবার ফের বৈঠক। শহর শিলিগুড়ির মাল্লাগুড়ি এলাকার একটি বেসরকারি হোটেলে কোর কমিটির বৈঠক বসে। সেই বৈঠকেই স্থির হয় পৃথক রাজ্যের দাবিতে আগামীর রণ কৌলশ। ম্যারাথন বৈঠক শেষে মোর্চা সুপ্রিমো তথা ফ্রন্টের অন্যতম মুখ বিমল গুরুং জানান, নির্বাচনকে কেন্দ্র করে নয়, সাধারণ মানুষের অধিকার আর দাবিকে সামনে রেখেই এই পথ চলা। আগামীতে যা আরও জোড়ালো হবে। অন্যদিকে তিনি আরও জানান, এবারের লোকসভা নির্বাচনে কোনও রাজনৈতিক দলকেই সমর্থন জানানো হবে না। নির্বাচন থেকে শতহস্ত দূরে থাকবে ফ্রন্ট।

## সড়ক দুর্ঘটনায় ১৯ বছরের কিশোরের মৃত্যু

**উত্তর দিনাজপুর** ঃ পিকাপ ভ্যানের সাথে বাইকের সংঘর্ষে মৃত হল এক যুবকের। এই ঘটনার জেরে এলাকায় চাঞ্চল্য ছড়ায়। ঘটনাটি ঘটেছে সোমবার উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ ব্লকের বোচাডাঙ্গা গ্রাম পঞ্চায়েত অধিন হলদিবাড়ি এলাকায় রায়গঞ্জ - বালুরঘাট রাজ্য সড়কের উপরে। মৃত ব্যাক্তির নাম বুদ্ধদেব রায় (১৯) বাড়ি হলদিবাড়ি এলাকায়। স্থানীয় সুত্রে জানাজায় এদিন বাড়ি থেকে কিছুটা দূরেই এই পথ দুর্ঘটনা ঘটে। পিকাপ ভ্যানটি কালিয়াগঞ্জ থেকে বুনিয়াদপুর অভিমূখে যাবার পথেই দুর্ঘটনা হয়। স্থানীয় মানুষেরা বুদ্ধদেব রায়কে উদ্ধার করে কালিয়াগঞ্জ স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করে। ঘটনার খবর পেয়ে ছুটে আসে কালিয়াগঞ্জ থানার পুলিশ পুলিশ ঘাতক গাড়ি দুটিকে উদ্ধার করে থানায় নিয়ে আসে, গাড়ির চালক পলাতক। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য রায়গঞ্জ মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠায় এবং ঘটনার তদন্তে নেমেছে।

## দীপাবলি উৎসব উপলক্ষে ১ নভেম্বর থেকে শুরু হতে চলেছে মালদায় আতশবাজির মেলা

**মালদা** ঃ দীপাবলি উৎসব উপলক্ষে ১ নভেম্বর থেকে শুরু হতে চলেছে মালদায় আতশবাজির মেলা। ইংরেজবাজার শহরের বিএলআরও অফিস সংলগ্ন ফার্মের মাঠে এবছর আতশবাজির মেলা বসতে চলেছে । দীপাবলীর উৎসব পেরিয়ে ছট পুজো পর্যন্ত এই আতশবাজির মেলার বেচাকেনা চলবে। জেলা পুলিশ ও প্রশাসনের সঙ্গে বৈঠক করার পরেই মালদা শহরের ফার্মের মাঠে এই আতশবাজি মেলার স্টল তৈরির সিদ্ধান্ত নিয়েছে মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্স কর্তৃপক্ষ।

## মালদহের রতুয়া ১ ব্লক অফিসের সামনে ভূমিধস ক্ষতিগ্রস্তদের বিক্ষোভ

**মালদা** ঃ ফের পুনর্বাসনের দাবিতে ভাঙনদুর্গতদের বিক্ষোভ রতুয়া ১ ব্লক দপ্তরের সামনে। সোমবার পায়ে হেঁটে মহানন্দা টোলা গ্রাম পঞ্চায়েতের কান্তটোলা গ্রামের ভাঙনদুর্গতরা রতুয়া বিডিও অফিসের সামনে এসে বিক্ষোভ দেখাতে থাকে। তাদের দাবি, এবার গঙ্গা ভাঙ্গনে ব্যাপক ক্ষতি হয়েছে মহানন্দাটোলা গ্রাম পঞ্চায়েতের কান্তটোলা গ্রাম। ওই গ্রামের শতাধিক পরিবার ভাঙনে গৃহহীন। এখনো খোলা আকাশের নিচে দিন গুজরান করতে হচ্ছে। প্রশাসনের তরফে তাদের ত্রিপল এবং খাওয়ার ব্যবস্থা করা হয়েছিল। তবে বিজয়া দশমীর পর থেকে খাবার বন্ধ করে দেওয়া হয়েছে। চলতি মাসের ১১ তারিখে বিডিও রাকেশ টোপ্পো প্রতিশ্রুতি দিয়েছিলেন এক সপ্তাহের মধ্যে জমি চিহ্নিত করে দুর্গতদের পুনর্বাসনের জন্য জমি দেওয়া হবে। তবে প্রতিশ্রুতি রাখতে পারেননি তিনি।ফলে আজ বিডিও দপ্তর সামনে বিক্ষোভ দেখানো হচ্ছে। যদিও এই বিষয়ে রতুয়া ১ ব্লকের বিডিও রাকেশ টোপ্পো ক্যামেরার সামনে কোন কিছুই বলতে চাননি।

## ধূপগুড়ি থানার পুলিশের বড়ো সাফল্য, চুরি যাওয়া পাঁচটি টোটো উদ্ধার,গ্রেফতার ৩

**জলপাইগুড়ি ঃ** দুর্গাপূজোর ঠিক আগেই ধুপগুড়ি শহর সহ থানা এলাকার বিভিন্ন জায়গায় একের পর এক চুরির ঘটনা ঘটছিল। ধূপগুড়ি শহরেও বাড়ছিল চোরেদের দৌরাত্ম্য। এমনকি থানার মুখোমুখি এক দোকানেও চুরির ঘটনা ঘটে। চুরি হচ্ছিল একের পর এক টোটো। প্রশ্ন উঠছিল পুলিশ প্রশাসনের ভূমিকা নিয়ে এবং সাধারণ মানুষের নিরাপত্তা নিয়ে।তারপর থেকে এক প্রকার আদা জল খেয়ে অভিযানে নামে ধূপগুড়ি থানার পুলিশ আধিকারিকরা। কালীপূজোর আগেই অভিযান চালিয়ে বড়োসড়ো সফলতা পেলো ধূপগুড়ি থানার পুলিশ। চুরির ঘটনার তদন্তে নেমে চোরের দলের হদিস পান এসআই মোহাম্মদ রাসেল। এরপরেই তার নেতৃত্বে অভিযান চালিয়ে উদ্ধার করা হলো চুরি করে বিক্রি হয়ে যাওয়া পাঁচটি টোটো, গ্রেফতার হলো তিন চোর। যারা এই চুরির ঘটনা সঙ্গে যুক্ত। ধৃতরা হলেন আনারুল হোসেন, বিশ্বজিৎ দে সরকার, বাপ্পা হোসেন।আজ ধৃতদের জলপাইগুড়ি জেলা আদালতে পাঠানো হয়। চুরি হয়ে যাওয়া টোটো গুলি ধূপগুড়ি শহরে থেকেই উদ্ধার করা হয়েছে বলে পুলিশের দাবী।

## দীপাবলিতে পরিবেশবান্ধব বাজি পোড়ানোর ওপর জোর দিচ্ছে আলিপুরদুয়ার জেলা প্রশাসন

**আলিপুরদুয়ার ঃ** দীপাবলিতে পরিবেশবান্ধব বাজি পোড়ানোর ওপর বেশি জোর দিচ্ছে আলিপুরদুয়ার জেলা প্রশাসন।সেই অনুযায়ী পুরসভা এলাকার পাশাপাশি ব্লকগুলিতেও পরিবেশ বান্ধব বাজির স্টল দেওয়ার বিষয়ে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে।ইতিমধ্যে গ্রীণ ক্র্যাকার্স এর লাইসেন্স দেওয়া হয়েছে ২৯ জনকে।আলিপুরদুয়ারের প্যারেড গ্রাউন্ডে গ্রীণ ক্র্যাকার্সের দোকান বসবে।অন্যত্র বাজির কোনও দোকান বসবে না বলে জানা গিয়েছে।আলিপুরদুয়ার পুরসভার অন্তর্গত ৯ জনকে লাইসেন্স দেওয়া হয়েছে বলে জানান মহকুমা শাসক।কুমারগ্রামে ৩,ফালাকাটা ২,কালচিনির ১০,মাদারিহাটের ৫ জন ব্যবসায়ীকে দেওয়া হয়েছে লাইসেন্স বলে জানা গিয়েছে।

## 'শিলিগুড়ি সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে ভর্তি নিয়ে দুর্নীতি করছে তৃনমূল শাসিত ছাত্র সংগঠন' শঙ্কর ঘোষ

**শিলিগুড়ি ঃ** শিলিগুড়ি সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে ভর্তি নিয়ে দুর্নীতি করছে তৃনমূল শাসিত ছাত্র সংগঠন। মঙ্গলবার শিলিগুড়ি জার্নালিস্ট ক্লাবে সাংবাদিক বৈঠক করে এমনই অভিযোগ তুললেন শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ। তিনি বলেন কলেজের ভর্তির জন্য অতিরিক্ত ২৫০ টাকা করে প্রত্যেক ছাত্র ছাত্রী থেকে নেওয়া হচ্ছে ছাত্র সংগঠনের অর্থ বাবদ। কিন্তু যেহেতু দীর্ঘদিন ধরে কলেজে ছাত্র নির্বাচন বন্ধ রয়েছে সেক্ষেত্রে অতিরিক্ত অর্থ আদায় করার প্রশ্নই ওঠে না। এক্ষেত্রেও দুর্নীতি করা হচ্ছে বলে তিনি অভিযোগ তোলেন। একই সঙ্গে রাজ্য সরকার ও রাজ্যের মন্ত্রীদের বিরুদ্ধেও তিনি আওয়াজ তোলেন। তিনি জানান পশ্চিমবঙ্গ সরকারের RTI এর ওয়েবসাইটে কোনো তথ্য দেওয়া নেই। যার ফলে সাধারণ মানুষ সহজে শিক্ষা সংক্রান্ত কোনো তথ্য পাওয়া যায় না।

## ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ৪০ তম মৃত্যু বার্ষিকী পালন করা হলো জলপাইগুড়িতে

**জলপাইগুড়ি** ঃভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ৪০ তম মৃত্যু বার্ষিকী পালন করা হলো জলপাইগুড়িতে।জলপাইগুড়ির শিরিষতলা এলাকার ইন্দিরা গান্ধীর আবক্ষ মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করেন কংগ্রেসের সদস্যরা।জলপাইগুড়ি জেলা কংগ্রেস কমিটির উদ্যোগে আয়োজিত একটি এই অনুষ্ঠানে সমবেত হন কংগ্রেস নেতা কর্মীরা।ইন্দিরা গান্ধীর মূর্তিতে মাল্যদান করেন জলপাইগুড়ি জেলা কংগ্রেস সভাপতি পিনাকি সেনগুপ্ত, সহ সভাপতি তথা বর্ষিয়ান কংগ্রেস নেতা সুভাষ বক্সি প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন যুব কংগ্রেস সভাপতি চন্দনকুমার ঘোষ। আজকের দিনে ভারতে ইন্দিরা গান্ধীর গুরুত্ব কতটা তা নিয়ে আলোচনা করেন তারা। পাশাপাশি পুরসভার ২২ নম্বর ওয়ার্ডের কংগ্রেস কমিটির সদস্যরা মাসকালাইবাড়ি এলাকায় দিনটি পালন করে ইন্দিরা গান্ধীর ছবিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। এদিন রাজীব ভবনে সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিন ও ইন্দিরা গান্ধীর মৃত্যু দিবস পালন করা হয়।

## জলপাইগুড়ি থেকে বহরমপুর শিলিগুড়ি, রায়গঞ্জ ও মালদা পুনরায় সরকারি বাস পরিষেবা চালু

**জলপাইগুড়ি** ঃ বেলাকোবা বাসীদের জন্য সুখবর।জলপাইগুড়ি বেলাকোবা থেকে বহরমপুর শিলিগুড়ি রায়গঞ্জ, মালদা সরকারি বাস পরিষেবা চালু। খুশি যাত্রীরা।আজ থেকে আবার বেলাকোবা থেকে বহরমপুর শিলিগুড়ি, রায়গঞ্জ ও মালদা পুনরায় সরকারি বাস পরিষেবা চালু হলো। দীর্ঘ কয়েক বছর আগে এই পরিষেবা চালু থাকলেও কোভিড এর সময় থেকে বন্ধ হয়ে যায় এই সরকারি বাস পরিষেবা। মঙ্গলবার থেকে আবার পুনরায় চালু হলো এই বাস পরিষেবা। এদিন আনুষ্ঠানিক ভাবে ফের চালু হলো এই বাস পরিষেবা। খুশি যাত্রীরা। উপস্থিত ছিলেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায় ,বেলাকোবা আউট পোস্ট অফিস ওসি কিসান শিরিং লেপচা, পঞ্চায়েত সমিতির সভাপতি রুপালি দে

## নকল মদের কারখানায় অভিযান চালিয়ে বিপুল পরিমাণ অবৈধ মালামালসহ গ্রেফতার ১৩

**উত্তর দিনাজপুরঃ** সোমবার বিদেশি জাল মদের কারখানায় পুলিশের হানা, গ্রেফতার গুদাম মালিক সহ মোট ১৩ জন অভিযুক্তকে মঙ্গলবার ইসলামপুর মহকুমা আদালতে পাঠিয়েছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে ইসলামপুর থানার শ্রীকৃষ্ণপুরের রবীন্দ্রপল্লি এলাকায় একটি গুদামে দীর্ঘদিন ধরেই বিদেশি মদ তৈরি করে পাঁচার করা হতো। পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে সোমবার ওই এলাকায় অভিযান চালিয়ে একটি গুদাম থেকে বিপুল পরিমাণে বিদেশি মদ, মদ তৈরীর সরঞ্জাম, বিভিন্ন বিদেশি মদের স্টিকার, বোতলে ক্যাপ, বোতল সিল করা মেশিন, ১২০০ লিটার রঙিন জাতীয় পদার্থ স্পিরিট উদ্ধার করে ইসলামপুর থানার রামগঞ্জ ফাঁড়ির পুলিশ। এই ঘটনায় গুদামের মালিক রাজু বিশ্বাস সহ মোট ১৩ জনকে গ্রেফতার করে গুদামটি সিল করে দেয় পুলিশ। অভিযুক্তদের মধ্যে ৯ জন বিহারের বাসিন্দা রয়েছে। পুলিশের অনুমান ভেজাল মদ তৈরি করে বিহারে পাচার করা হতো। মঙ্গলবার অভিযুক্তদের ১৪ দিনের পুলিশ রিমান্ড চেয়ে ইসলামপুর মহকুমা আদালতে পাঠিয়েছে ইসলামপুর থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## ইনসাফ যাত্রার মিটিং সেরে ফেরার পথে আক্রান্ত হলেন ডিওয়াইএফআই নেতা শুভ্রালোক দাস সহ ৩ জন

**কোচবিহার** ঃ ইনসাফ যাত্রার মিটিং সেরে ফেরার পথে আক্রান্ত হলেন DYFI নেতা শুভ্রালোক দাস সহ ৩ জন। সোমবার রাত নটা নাগাদ সিতাই থেকে পথসভা করে ফেরার পথে শ্যাওড়াগুড়ি এলাকায় এই ঘটনা ঘটে। অভিযোগের তীর তৃণমূলের দিকে। ঘটনার পর সিতাই থানায় বেশ কয়েকজনের নামে লিখিত অভিযোগ দায়ের করা হয়। ঘটনা বিবরণে জানা যায় সোমবার রাতে সিতাইয়ে ইনসাফ যাত্রা শেষে ফেরার পথে শেওড়াগুড়ি এলাকায় কিছু দুস্কৃতি DYFI বেশ কয়েকজন নেতার উপর হামলা চালায় । এই ঘটনায় আহত হয় আহত হয় সংগঠনের জেলা সম্পাদক মন্ডলীর সদস্য শুভ্রালোক দাস, ইউসুফ আলী, আকিক হাসান । ঘটনার পর সিতাই থানায় বেশ কয়েকজনের নামে লিখিত অভিযোগ দায়ের করা হয় এরপর আহতদের হাসপাতালে নিয়ে আসা হয়।সিপিএম নেতা প্রবীর পাল বলেন,সিতাইয়ে ইনসাফ যাত্রা শেষে ফেরার পথে শেওড়াগুড়ি এলাকায় তৃণমূলের দুস্কৃতীরা যুব নেতাকর্মীদের উপরে হামলা করে। আহত হয় তিনজন। রাজ্যজুড়ে চাকরি চুরি থেকে শুরু করে নানা ভাবে দুর্নীতির পাশাপাশি একের পর এক মন্ত্রীরা জেলে যাচ্ছে। সন্ত্রাস করে বামেদেরকে আটকানো যাবে না।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে।

## উৎসবের সময় সড়ক দখলমুক্ত করতে অবৈধ পার্কিংয়ের বিরুদ্ধে অভিযান চালালো পুলিশ

**আলিপুরদুয়ার ঃ** উৎসবের সময় সড়ক দখলমুক্ত করতে অবৈধ পার্কিংয়ের বিরুদ্ধে মঙ্গলবার অভিযান চালালো জয়গাঁ থানার পুলিশ।জয়গাঁ বাজার এলাকায় রাস্তার পাশে থাকা বেআইনি পার্কিংয়ের বিরুদ্ধে এদিন জয়গাঁ থানার পুলিশ অভিযান চালায় এবং পুলিশ তরফে জানানো হয়, এদিনের অভিযানে প্রায় ১২ টি মোটরসাইকেলকে ফাইন করা হয়েছে। জয়গাঁ থানার ওসি টি এন লামার উপস্থিতিতে এদিনের অভিযান চলে।এছাড়াও আগামীতেও এধরনের অভিযান জারি থাকবে বলে জানানো হয়।

## দুর্গা পুজার মরশুমে হারিয়ে যাওয়া ৪৫টি মোবাইল উদ্ধারের পর প্রকৃত মালিকদের হাতে তুলে দিল মালদা জেলা পুলিশ

**মালদা** ঃ দুর্গা পুজার মরশুমে হারিয়ে যাওয়া ৪৫টি মোবাইল উদ্ধারের পর প্রকৃত মালিকদের হাতে তুলে দিল মালদা জেলা পুলিশ। পাশাপাশি ইংরেজবাজার থানার উদ্যোগে মঙ্গলবার বিজয়া সম্মিলনীর মধ্য দিয়ে তিনটি দুর্গা পূজা কমিটিকে পুরস্কৃত করা হয়। এদিন বিকেলে ইংরেজবাজার থানার জেলা পুলিশের পদস্থ কর্তাদের উপস্থিতিতে মানুষের সাথে মানুষের পাশে এরকম একটি কর্মসূচি গ্রহণ করা হয়। সেখানে উল্লেখ করা হয় ফিরে পাওয়ার কিছু প্রসঙ্গ। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন জেলা পুলিশের ডিএসপি প্রশান্ত দেবনাথ, ইংরেজবাজার থানার আইসি আশিস দাস। এছাড়া উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট থানার পদস্থ কর্তারা।

এবছর ইংরেজবাজার শহরে প্রায় ৩০০ টি দুর্গা পুজো হয়েছে। সবদিক দিয়ে বিচার করে তিনটি পূজা কমিটিকে পুরস্কৃত করা হয়। এই তিনটি পুজো কমিটিকে এদিন ইংরেজবাজার থানায় একটি অনুষ্ঠানের মাধ্যম দিয়েই পুরস্কার তুলে দেওয়া হয়। এছাড়াও এই পুজোর মরশুমে মোবাইল চুরি অথবা হারিয়ে যাওয়ার বিভিন্ন ঘটনা সংশ্লিষ্ট থানায় অভিযোগ দায়ের হয়েছিল। সেই দিকে তদারকি করে পুলিশ ৪৫টি মোবাইল উদ্ধারের পর প্রকৃত মালিকদের হাতে তুলে দেওয়ার ব্যবস্থা করে।

## শিলিগুড়িতে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বের ঘটনায় শক্তিগড় থেকে আরও একটি গ্রেফতার

**শিলিগুড়ি** ঃ শক্তিগড় এলাকায় গোষ্ঠী কোন্দলের ঘটনায় শক্তিগড় থেকে গ্রেপ্তার আরো এক। ধৃতের নাম পঙ্কজ সেন। ধৃতকে মঙ্গলবার জলপাইগুড়ি আদালতে পাঠানো হয়।

তৃনমুলের গোষ্টি কোন্দল এর ছোয়া থাকলেও প্রকাশ্য কেও তা মানতে নারাজ।তবে ক্ষমতা দখল নিয়ে মাঝে মধ্যই চলে মারামারি।এমন ঘটনা এখন নিত্যকার শক্তিগড় এলাকায়।

গত রবিবার রাত্রে ফের গোষ্টি কোন্দলে রক্তাক্ত হয়ে আহত দুই গোষ্টির মোট তিন জন চিকিৎসাধীন সরকারী ও বেসরকারী হাসপাতালে। তবে দুপক্ষই একে অপরকে দোষ চাপিয়ে নিজেদের ঘার থেকে ঝামেলা নামিয়ে নিস্তার পেতে চাইছে।এদিকে ঘটনায় এক অভিযুক্তকে দুরন্ত দাস,ডাক নাম ভুট্টুকে গ্রেফতার করেছে এনজেপি থানার পুলিশ।এদিকে স্থানীয় এক বাসিন্দা শেখর দত্ত জানান, মিঠুন দাস নামে ওই এলাকার এক ব্যাক্তি বহিরাগতদের সহযোগিতা নিয়ে অসামাজিক কাজকর্ম সংগঠিত করে চলছে।তাদের অত্যাচারে স্থানীয়রা ভীতসন্ত্রস্ত। একাধিক অভিযোগ তাদের বিরুদ্ধে লিখিত আকারে থানায় জমা পরলেও আজও এনজেপি থানার পুলিশ তাদের তাদের বিরুদ্ধে কোনরূপ ব্যাবস্থা গ্রহন করেনি।দ্রুত সুবিচারের দাবি জানান তিনি।না হলে আগামীতে বাসিন্দাদের নিয়ে আঃেদালন সংগঠিত করবেন।।। অন্যদিকে তার বিরুদ্ধে অভিযোগ আনা ভিত্তিহীন বলে দাবি করেন অভিষেক (মিঠুন) দাস। তিনি জানান,কোন এক জেলা স্তরের তৃনমুল নেতার মদতে এমন কর্মকান্ড ঘটাচ্ছে স্থানীয় কিছু ব্যাক্তি।গত রবিবার তারাই এসে তাদের উপর চরাও হয়।

# টুকরো খবর

## মালদা জেলার পুরাতন মালদা ব্লকের রশিলাদহ মন্ডল পাড়ায় মৃৎশিল্পীরা এখন মাটির প্রদীপ তৈরিতে ব্যস্ত

**মালদা** ঃ সামনেই আলোর উৎসব, দীপাবলিতে মেতে উঠবেন সকলেই। মালদা জেলার পুরাতন মালদা ব্লকের রশিলাদহ মন্ডল পাড়ায় মৃৎশিল্পীরা এখন মাটির প্রদীপ তৈরিতে ব্যস্ত। মালদা জেলা সহ রাজ্যের বিভিন্ন জেলা তো বটেই এখানকার মাটির তৈরি প্রদীপ ভিন্ন রাজ্যও পাড়ি দেয়। রশিলাদহ মন্ডল পাড়ায় প্রদীপ তৈরি হচ্ছে বেশ কয়েকটি পদ্ধতিতে মেশিন ও হাত চরচাকায় তৈরি হচ্ছে মাটির প্রদীপ। সারা বছরই মাটির গ্লাস সহ আরো বেশ কিছু মাটির সামগ্রী বিক্রি হয় তবে কালীপুজোর আগে থেকেই প্রদীপ ঘট এর বিক্রি বেশি। মৃৎশিল্পী গৌড় চন্দ্র পাল জানান, পূর্বপুরুষ ধরে এই ব্যবসা আমরা করে আসছি। তবে আগামী প্রজন্ম এই ব্যবসা আর করবে না কারণ যে হারে পরিশ্রম তাতে সেভাবে মজুরি পাওয়া যাচ্ছে না পাশাপাশি মাটিও এখন ঠিকভাবে পাওয়া যায় না। যদিও পাওয়া যায় চড়া দামে মাটি কিনতে হয়। এখন সামনে দীপাবলি কালীপুজো সেক্ষেত্রে অন্যান্য বারের থেকেও এবারে চাহিদা মাটির প্রদীপের। তবে বাজারে যতই ইলেকট্রিকের প্রদীপ টুনি বাল্ব আসুক না কেন মাটির প্রদীপের চাহিদা আগেও যেমন ছিল বর্তমানে তেমন রয়েছে এর প্রভাব পড়েনি।

## শ্বশুরবাড়িতে প্রবেশাধিকার ও স্ত্রীর মর্যাদার দাবিতে দ্বিতীয় স্বামীর বাড়িতে ধরনায় বসল এক গৃহবধূ

**মালদা** ঃ শ্বশুরবাড়িতে প্রবেশাধিকার ও স্ত্রীর মর্যাদার দাবিতে দ্বিতীয় স্বামীর বাড়িতে ধরনায় বসল এক গৃহবধূ। অবিলম্বে স্বামীর বাড়িতে ঠাঁই না মিললে আত্মহত্যার হুমকি দিলেন ওই গৃহবধূ। ধরনা টানা দুইদিন কেটে গেলেও এখনো পর্যন্ত স্বামীর বাড়ির তরফ থেকে কোন প্রতিক্রিয়া পাওয়া যায়নি। এমনকি ওই গৃহবধূর দ্বিতীয় স্বামী সহ বাড়ির লোকজন পলাতক রয়েছে বলে জানা গিয়েছে। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে মালদা জেলার হরিশ্চন্দ্রপুর থানার বাগমারা গ্রামে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, হরিশ্চন্দ্রপুর থানার বাগমারা গ্রামের বাসিন্দা সাইবা খাতুন(২৭), প্রথম বিয়ে হয়েছিল রশিদাবাদ গ্রাম পঞ্চায়েতের চন্ডিপুর এলাকার এক পার্শ্ব শিক্ষকের সঙ্গে।সেখানে বিয়ের কয়েক বছরের মধ্যে তার প্রথম স্বামীর সঙ্গে তালাক হয়ে যায়। তারপর সাইবা বাগমারা গ্রামে বাবার বাড়িতে ফিরে আসে। সেখানেই বছর তিনেক ধরে গ্রামের যুবক মুজাহিদ আলমের সঙ্গে তার সম্পর্ক গড়ে ওঠে। এমনকি বছর তিনেক আগে তাদের দুজনের শরীয়ত মেনে বিয়ে পর্যন্ত হয়। মাস খানেক আগে সেই বিয়ে আইন মতে রেজিস্ট্রি করা হয়। কিন্তু এই বিয়ের কথা সাইবা কে গোপন রাখতে চাপ দেয় মুজাহিদ। এদিকে সাইবা দাবি তুলেছেন, যতক্ষণ পর্যন্ত না তাকে স্ত্রীর মর্যাদা দিয়ে মুজাহিদ ঘরে তুলবে ততক্ষণ সে এই ধরনা চালিয়ে যাবে।কারণ তার বাপের বাড়ির লোকজন তাকে ঘরে রাখতে নারাজ। আইন মেনে এই সমস্যার সমাধান না হলে সে বাধ্য হয়ে আত্মহত্যা করবে বলে জানিয়েছে।

## পাঁচ দিনের ক্রিকেট প্রতিযোগিতার অনুষ্ঠানে ১০ টি দলকে পরাজয় করে চূড়ান্ত পর্যায় খেলে চ্যাম্পিয়ন হন ডহুচি টিম

**মালদা** ঃ মালদার জেলার গাজোলের বাবুপুর স্পোর্টস এন্ড কালচারাল ফ্রম এর উদ্যোগে আট অভারের ১২ দলের পাঁচ দিনের ক্রিকেট প্রতিযোগিতার অনুষ্ঠানের আযয়োজন করা হয়েছিল। আজ তার চূড়ান্ত পর্যায় খেলা হয় বাবুপুর হাইস্কুল ময়দানে। ১২ টি দল অংশগ্রহণ করেছিলেন মালদা জেলার বিভিন্ন জায়গায় থেকে তার মধ্যে ১০ টি দলকে পরাজয় করে চূড়ান্ত পর্যায় খেলে ডহুচি টিম ১০৩ রান করে, ও বাবুপুর সুপার কিংস দলটি দুই রানে পরাজিত হয় । চ্যাম্পিয়ন হন ডহুচি টিম তাদেরকে বাবুপুর স্পোর্টিস এন্ড কালচারাল ফ্রম এর পক্ষ থেকে নগদ ৬৫ হাজার টাকা সঙ্গে সুদর্শন ট্রফি দিয়ে পুরস্কৃত করেন। রানাস দলকে নগদ ৪৫ হাজার টাকা সঙ্গে সুদর্শন ট্রোফি দিয়ে পুরস্কৃত করা হয়। এদিনের ক্রিকেট প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন, রাজ্যসভার সাংসদ মৌসুম বেনজির নূর, মালদা ও দক্ষিণ দিনাজপুর জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি মৃণাল সরকার। গাজোল থানার আধিকারি, বাবুপুর গ্রাম পঞ্চায়েত প্রধান রোজী সুলতানা পারভীন, বাবুপুর স্পোর্টস এন্ড কালচারাল ফর্ম এর সভাপতি হুমায়ুন কবির সহ অন্যান্য অতিথিরা।

## মালদার ভারত বাংলাদেশ সীমান্তের মহদীপুর স্থল বন্দর দিয়ে দেদার বাংলাদেশ পিঁয়াজ রপ্তানি হচ্ছে

**মালদা** ঃ মালদার ভারত বাংলাদেশ সীমান্তের মহদীপুর স্থল বন্দর দিয়ে দেদার বাংলাদেশ পিঁয়াজ রপ্তানি হচ্ছে। আর তার প্রভাবে পড়ল এপার বাংলায়। তবে যদিও বৈধ পথেই পিঁয়াজ রপ্তানি করা হচ্ছে বাংলাদেশ দাবি রপ্তানি কারকদের। উল্লেখ্য দুর্গা পূজার পর থেকেই বাজারে পেঁয়াজ কিনতে গিয়ে হাতে ছ্যাকা খাচ্ছিল মধ্যবিত্ত মানুষ। পুজোর ইতিমধ্যে এক সপ্তাহ কেটেছে। তারই মধ্যে বাজারে সাড়া ফেলে দিয়েছে পেঁয়াজের মূল্য বৃদ্ধি। মালদা শহরের কোন কোন বাজারে প্রায় ১০০ টাকা ছুঁই ছুঁই পেঁয়াজের দাম। আবার কোন কোন বাজারে সাংবাদিকদের দেখা মাত্র পেঁয়াজের দাম ৫০ থেকে ৬০ কিলো দরে নেমে আসলো। বর্তমানে মালদা শহরের রথবাড়ি, আম বাজার সহ একাধিক মার্কেটে পিঁয়াজ বিক্রি হচ্ছে ৬০ থেকে ৭০ কিলো দরে। এই বিষয়ে এক ক্রেতা সৌমেন্দ্র মন্ডল জানান, পুজোর পর হঠাৎ করে পেঁয়াজের দাম বেড়ে যাওয়ায় চিন্তার ভাঁজ পড়েছে তাদের কপালে। পূজোতে এমনিতেই খরচা হয়েছে তারপরে এইভাবে পেঁয়াজের দাম হঠাৎ করে বেড়ে গেল তারা বুঝে উঠতে পারছেন না তার কারণ। এই বিষয়ে জেলা ব্যবসায়ী নেতা তথা রপ্তানি কারক উজ্জ্বল সাহা জানান, মহারাষ্ট্র সহ বিভিন্ন রাজ্যে পিয়াজ উৎপাদন হয়। কিন্তু এবছর উদ্বোধন কম হওয়ায় পেঁয়াজের দাম অগ্নি মূল্য। তার পাশাপাশি আমাদের চাহিদা মেটানোর পর ও বাংলাদেশে পেঁয়াজ রপ্তানি করা হচ্ছে। আমরা ব্যবসায়ীরা মনে করি এই মুহূর্তে বাংলাদেশে পেঁয়াজ রপ্তানি বন্ধ করা হলে পিঁয়াজের দাম নিয়ন্ত্রণে আসবে।

## শ্রদ্ধার সাথে প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মৃত্যুবার্ষিকী উদযাপন করা হয়েছে

**মালদা** ঃ ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর প্রয়াণ দিবস। বিভিন্ন জায়গায় পালিত হচ্ছে ইন্দিরা গান্ধীর প্রয়াণ দিবস। সেই উপলক্ষে বামনগোলা ব্লক কংগ্রেসের পক্ষ থেকে মঙ্গলবার যথা মর্যাদায় পালিত হয় প্রয়াণ দিবস। এদিন বামন গোলা ব্লক কংগ্রেসের পক্ষ থেকে পাকুয়াহাটে প্রথমে ইন্দিরা গান্ধীর প্রতিকৃতিতে মাল্যদান করে পুষ্প নিবেদন ও ইন্দিরা গান্ধীকে স্মরণ করা হয়।।তার পর বামনগোলা মুদিপুকুর গ্রামীণ হাসপাতালে ও নালাগোলা হাসপাতালে প্রায় ১০০জন রোগীদের মধ্যে ফল বিতরণ করা হয় । এদিন এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ রাজ্য কংগ্রেস কমিটির সদস্য জয়ন্ত সরকার সহ স্থানীয় কংগ্রেসে অনন্যা কর্মীরা।

## বাংলাদেশে পাচারের আগেই আগ্নেয়াস্ত্র উদ্ধার করল সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানেরা

**মালদা** ঃ বাংলাদেশে পাচারের আগেই আগ্নেয়াস্ত্র উদ্ধার করল সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানেরা। ভারত বাংলাদেশ সীমান্তের পিঁয়াজবাড়ী এলাকা থেকে উদ্ধার হল আগ্নেয়াস্ত্র। উদ্ধার হয় একটি পাইপ গান এবং চার রাউন্ড কার্তুজ। সীমান্তে পাহরারত ৭০ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানদের দেখতে পেয়ে আগ্নেয়াস্ত্র গুলি ফেলে পালিয়ে যায়, পাচারকারীরা বলে জানিয়েছে বিএসএফ। অন্যদিকে মালদার কালিয়াচক থেকে আবারো উদ্ধার হয় আগ্নেয়াস্ত্র। সোমবার রাত্রে গোপন সূত্রে খবর পেয়ে যদুপুর হাটখোলা এলাকায় হানা দেয় কালিয়াচক থানার পুলিশ।

# দ্বিতীয় বিশ্বযুদ্ধের নিরাপত্তা চুক্তির বাইরে ন্যাটো

## সম্পাদকীয়

### গাজায় ঢুকে হামাস যোদ্ধাদের মারছে ইসরায়েল


নেতানিয়াহু জানিয়ে দিয়েছেন, আপাতত লড়াই বন্ধ করার কোনও প্রশ্নই নেই। জাতিসংঘ জানিয়েছে, পরিস্থিতি আরো ভয়াবহ। ইসরায়েলের প্রধানমন্ত্রী জানিয়েছেন, গাজা শহর ঘিরে ফেলেছে ইসরায়েলের সেনা। গাজার ভিতরেও তারা অভিযান শুরু করেছে। ইসরায়েলের প্রধানমন্ত্রী সংবাদমাধ্যমকে জানিয়েছেন, ''প্রতি মুহূর্তে হামাসের যোদ্ধাদের চ্যালেঞ্জ করা হচ্ছে। ইতিমধ্যেই বহু হামাস যোদ্ধার মৃত্যু হয়েছে।'' হামাসের কয়েক হাজার যোদ্ধাকে মারা হয়েছে বলেও জানিয়েছেন নেতানিয়াহু। যদিও হামাসের তরফে এর কোনো সত্যতা জানা যায়নি।



নেতানিয়াহু জানিয়েছেন, যুদ্ধ বিরতির প্রশ্নই ওঠে না। যতক্ষণ না হামাস ইসরায়েল থেকে তুলে নিয়ে যাওয়া পণবন্দিদের মুক্তি দেবে, ততক্ষণ যুদ্ধবিরতির হবে না। এমনকী, তেলও ঢুকতে দেওয়া হবে না না গাজা স্ট্রিপে। বস্তুত, সোমবারই জাতিসংঘ জানিয়েছিল, তেল না ঢুকলে ইনকিউবেটরে থাকা অসংখ্য শিশুর মৃত্যু হবে। বয়স্ক মানুষ যারা কৃত্রিম অক্সিজেন সাপোর্টে আছেন, তাদেরও মৃত্যু হবে। কিন্তু নেতানিয়াহু সে কথায় কর্ণপাত পরেননি। ইসরায়েলের সামরিক প্রধান জানিয়েছন, বেসামরিক মানুষদের আগেই বলা হয়েছে, তারা যেন দক্ষিণ গাজায় গিয়ে আশ্রয় নেন। যারা জাননি, তাদের প্রাণের দায়িত্ব ইসরায়েলের নয়। জাতিসংঘে ফিলিস্তিন বিষয়ক সংস্থার মুখপাত্র জানিয়েছেন, গাজা স্ট্রিপে ইতিমধ্যেই ৮৯ জন জাতিসংঘের কর্মীর মৃত্যু হয়েছে। যে কোনো লড়াইয়ের নিরিখে এখনো পর্যন্ত যা সর্বাধিক। এছাড়া ২৬ জন আহত হয়েছেন। তাদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাইরে কাউকে নিয়ে যাওয়া সম্ভব হয়নি। জাতিসংঘের তরফে জানানো হয়েছে, দেড় মিলিয়ন মানুষের বেশি গাজায় এখন গৃহহীন। তাদের অনেকেই বিভিন্ন জায়গায় শেল্টার ক্যাম্প করে আছেন। ডিডাব্লিউ তাদের সুরক্ষার কারণেই পরিচয় জানাতে চায় না। এদিকে জো বাইডেনের হোয়াইট হাউসের এক প্রতিনিধি মঙ্গলবার কার্যত কাউকে না জানিয়ে লেবানন গেছিলেন। কেয়ারটেকার প্রধানমন্ত্রী এবং অন্য প্রশাসনিক কর্তাদের সঙ্গে তিনি কথা বলেছেন। লেবানন থেকে যাতে লড়াই বাড়ানো হয়, তার আর্জি জানিয়ে এসেছেন তিনি।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে নেওয়া গুরুত্বপূর্ণ একটি নিরাপত্তা চুক্তি থেকে সরে এসেছে ন্যাটো। মঙ্গলবার জোটের পক্ষ থেকে এই ঘোষণা দেওয়া হয়। মঙ্গলবার জোটের পক্ষ থেকে এই ঘোষণা দেওয়া হয়।

তার আগে চুক্তিটি থেকে নিজেকে প্রত্যাহার করে নেয় রাশিয়া। আর এর পরপরই নিজেদের অবস্থান জানায় ন্যাটো।



ভুবন রায়
প্রাবন্ধিক

ইউরোপের সীমান্তে সামরিক উপস্থিতি কমিয়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রতিপক্ষের দেশগুলোর মধ্যে উত্তেজনা কমাতে এই চুক্তিটি স্বাক্ষর করা হয়েছিল। ন্যাটো জানায়, চুক্তিটি থেকে রাশিয়ার সরে যাওয়া এবং দেশটির ইউক্রেনে হামলার পর এই চুক্তিটি হুমকির মুখে পড়েছে।

কনভেনশনাল আর্মড ফোর্সেস ইন ইউরোপ নামের এই চুক্তিটি ১৯৯০ সালে সংশ্লিষ্ট পক্ষগুলো সই করার দুই বছর পর



অনুমোদিত হয়।

কিন্তু ২০০৭ সালে চুক্তিটিতে নিজেদের অংশগ্রহণ স্থগিত করে রাশিয়া। একই সাথে ২০১৫ সালে চুক্তিটি থেকে নিজেকে পুরোপুরি সরিয়ে নেওয়ার ঘোষণাও দেয় দেশটি। এরই ধারাবাহিকতায় মঙ্গলবার রাশিয়া এই চুক্তি থেকে সরে যায়।

এক বিবৃতিতে ন্যাটো জানায়, চুক্তিভুক্ত সব দেশ এটি মেনে চললেও রাশিয়া মানছে না। এই পরিস্থিতি আসলে টেকসই হবে না। ন্যাটোর সদস্যদের প্রায় সবগুলো দেশই চুক্তিতে স্বাক্ষর করেছিল।

ন্যাটোর দাবি, ইউক্রেনে রাশিয়ার আক্রমণ এই চুক্তির বিরোধী। জোটের বিবৃতিতে বলা হয়, সদস্য দেশগুলো এখনো সামরিক ঝুঁকি এড়াতে প্রতিশ্রুতিবদ্ধ।

এদিকে রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে মঙ্গলবার জানানো হয়, চুক্তিটি থেকে সরে দাঁড়ানোর সব আনুষ্ঠানিক প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।

চুক্তি থেকে সরে যাওয়ার কারণ হিসেবে দেশটি যুক্তরাষ্ট্রের কর্মকাণ্ডকে দায়ী করছে। রাশিয়া বলছে, যুক্তরাষ্ট্রের কার্যক্রম এবং ন্যাটো সদস্য বাড়ানোর চেষ্টার কারণে চুক্তি থেকে সরে দঁড়িয়েছে মস্কো।

## ৬০ বছরের মধ্যে সবচেয়ে কম ওয়াইন উৎপাদন

বিশ্বে এবার ওয়াইনের উৎপাদন গত ৬০ বছরের মধ্যে সবচেয়ে কম হয়েছে। বিশ্বজুড়ে ওয়াইনের উৎপাদন সাত শতাংশ কমেছে।

১৯৬১ সালের পর থেকে ওয়াইনের উৎপাদন কখনো এতটা কম হয়নি। ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ ভাইন অ্যান্ড ওয়াইন(ওআইভি) এই তথ্য দিয়েছে। ওআইভি জানিয়েছে, আবহাওয়ার চরম অবস্থার জন্য বিশ্বজুড়ে আঙুরের চাষ মার খেয়েছে। কোথাও অনেক আগে তুষারপাত হয়েছে, কোথাও প্রবল বৃষ্টি, কোথাও খরা হয়েছে। তার প্রভাব পড়েছে আঙুরের উৎপাদনে।

বিবৃতি দিয়ে ওই সংস্থা জানিয়েছে, দুই গোলার্ধের ওয়াইন প্রস্তুতকারক দেশগুলিতে অনেক কম উৎপাদন হয়েছে। অস্ট্রেলিয়া, আর্জেন্টিনা, চিলি, সাউথ আফ্রিকা, ব্রাজিলে প্রত্যেক বছরই আঙুর উৎপাদন ১০ থেকে ৩০ শতাংশ কম বেশি হচ্ছে। ইটালি, স্পেন ও গ্রিসে ভয়ংকর আবহাওয়ার প্রভাব আঙুর চাষে পড়ছে। ওআইভি জানিয়েছে, ২০২৩ সালে ২৪ কোটি ৪১ লাখ হেক্টোলিটার ওয়াইন তৈরি হবে। ১৯৬১ সালে ২১ কোটি ৪০ লাখ হেক্টোলিটার ওয়াইন তৈরি হয়েছিল। ফ্রান্স এবার বিশ্বের এক নম্বর ওয়াইন উৎপাদক দেশ হচ্ছে। ফ্রান্সে গতবারের সমান ওয়াইন তৈরি হবে। তবে ইটালির অবস্থা খারাপ। সেখানে ১২ শতাংশ কম উৎপাদন হবে। ২০১৭ সালের পর থেকে এত কম উৎপাদন কখনো হয়নি।



তিন নম্বর স্থানে থাকা স্পেনের উৎপাদন কমবে ১৪ শতাংশ। জার্মানিতে অবশ্য গতবছরের তুলনায় উৎপাদন সামান্য বাড়বে। অ্যামেরিকা তুলনামূলকভাবে ঠান্ডা আবহাওয়া ছিল। শীতে বৃষ্টিও হয়েছে। তাই এখানে উৎপাদন ১৪ শতাংশ বাড়বে।

তবে ওআইভি জানিয়েছে, একদিক থেকে ভালো হয়েছে। বিশ্বজুড়ে চাহিদাও কমেছে। সেই সঙ্গে উৎপাদন কম হওয়ায় কোনো সমস্যা হবে না। বাজারে সমতা বজায় থাকবে।

## সমুদ্রের গ্রাসের হুমকির মুখে আলবেনিয়ার উপকূল অঞ্চল

**ফ্যানি ফাকসার**

জলবায়ু পরিবর্তনের অন্যতম স্পষ্ট দৃষ্টান্ত ভূমিক্ষয়। শুধু নদী নয়, বেড়ে চলা জলের স্তরের কারণে সমুদ্রের উপকূলও সঙ্কুচিত হচ্ছে। আলবেনিয়ার এক এলাকার মানুষ কয়েক দশকের মধ্যে নাটকীয় পরিবর্তন লক্ষ্য করছেন।

আলবেনিয়ার উত্তরের লেগুন বা উপহ্রদগুলি যেন স্বর্গরাজ্য। ডেমুশ জেসইয়া প্রায় চার দশক ধরে সেখানে জেলের কাজ করছেন। তবে তাঁর মতে, বেশ কয়েক বছর ধরে মাছের পরিমাণ কমে যাচ্ছে। তিনি বলেন, ''যবে থেকে লেগুনে কাঁকড়া এসেছে, তখন থেকে সাধারণ ও ইল মাছের সংখ্যা কমে চলেছে। প্রতি বছর আমাদের জালে কম মাছ ধরা পড়ছে। আগে এই লেগুনে অনেক জাতের মাছ পাওয়া যেতো। কয়েক হাজার কিলো মাছ ধরতে পারতাম।''

অ্যাড্রিয়াটিক সাগর থেকে এই উপহ্রদের মাঝে শুধু চিকন একফালি জমি রয়েছে। সমুদ্রের স্তরের উচ্চতা বেড়ে চলায় ব্লু ক্র্যাব জাতের কাঁকড়া লেগুনে প্রবেশ করতে পারছে। ইয়াক গিনিও মনে করেন, যে কাঁকড়া লেগুনের প্রাকৃতিক মৎসভাণ্ডারের উপর চাপ সৃষ্টি করছে। আঞ্চলিক পরিবেশ সংরক্ষণকারী হিসেবে তিনি জীববৈচিত্র্য পর্যবেক্ষণ করেন।

এই জীববিজ্ঞানীর মতে, জলবায়ু পরিবর্তনের ফলেই একফালি এই জমি সঙ্কুচিত হয়ে যাচ্ছে। গিনি বলেন, ''সমুদ্রে ঝড় বাড়ছে, ভূমিক্ষয় হচ্ছে, তাপমাত্রা বেড়ে চলেছে। বন্যাও লেগুনের উপর প্রভাব ফেলছে।''

ইয়াক গিনির মতে, রাষ্ট্র হস্তক্ষেপ না করলে সমুদ্র শুধু এই সব উপহ্রদই গ্রাস করে নেবে না, আলবেনিয়ার উপকূলও সঙ্কুচিত হবে। দেশের উপকূলের আনুমানিক প্রায় এক তৃতীয়াংশ ইতোমধ্যেই ভূমিক্ষয়ের শিকার হয়েছে।

প্রায় চার দশক আগে কমিউনিস্ট জমানায় এক বাংকার তৈরি হয়েছিল। সে সময়ে সেটি সমুদ্র থেকে প্রায় ৪০ মিটার দূরে ছিল। এমন অনেক বাংকার আজ পানির নীচে চলে গেছে। সমুদ্র আরো কয়েকটিকে গ্রাস করে নিতে চলেছে। সমুদ্রের গ্রাসের কারণে সঙ্কুচিত হয়ে পড়া সৈকতে পর্যটকদের জন্য বরাদ্দ জায়গাও কমছে। স্থানীয় এক মানুষ জানালেন, ''গত বছর আমাদের এখানে আরো ছাতা ছিল। এ বছর একটি সারি কম করতে হয়েছে। কে জানে পরের বছর কী হবে! হয়তো আরো একটি সারি উধাও হয়ে যাবে।''

**সমুদ্রগর্ভে যেতে পারে আলবেনিয়ার বিশাল অঞ্চল**

একই সঙ্গে নতুন হোটেল গজিয়ে উঠছে, যা ভূমিক্ষয় আরো তরান্বিত করবে বলে অনেকে আশঙ্কা করছেন।

ফাটিয়োন নোকার বাবা নব্বইয়ের দশকের শেষে যে রেস্তোরাঁ গড়ে তুলেছিলেন, সেটিও সমুদ্রের গ্রাসে হারিয়ে যাবে বলে তিনি আশঙ্কা করছেন। ফাটিয়োন বলেন, ''আগে গ্রামের বাসিন্দারা এখানে আসতেন। তখন গোটা এলাকা সবুজ ছিল। অনেকটা অ্যামাজনের মতো দেখতে জঙ্গল ছিল। আজকের হাল নিজের চোখেই দেখুন।''

ভূমিক্ষয় বন্ধ করতে তিনি আলবেনিয়ার সরকারের আরো পদক্ষেপের দাবি করছেন। রাজধানী টিরানায় পরিবেশ মন্ত্রণালয়ে ক্লোদানা মারিকা তাঁর বক্তব্য জানালেন। উপকূল এলাকায় প্রকৃতি সংরক্ষণও তাঁর দায়িত্বের মধ্যে পড়ে। আলবেনিয়ার পরিবেশ ও পর্যটন মন্ত্রী ক্লোদানা মারিকা বলেন, ''আমরা রূপায়নের জন্য সংগ্রাম করছি। আমাদের যথেষ্ট আর্থিক সম্পদ নেই, কর্মীর সংখ্যাও কম। কারণ অর্থায়নের বিষয়টি সব সময়ে সেই সব মানুষের সঙ্গে সম্পৃক্ত, পরিকল্পনা বাস্তবায়নের জন্য যাদের প্রয়োজন।''

তিনি বলেন, বর্তমানে রাষ্ট্রীয় বাজেটের এক শতাংশেরও কম পরিবেশ সংরক্ষণের জন্য ধার্য করা হচ্ছে। আলবেনিয়ার আরো তিরিশ গুন বেশি অর্থ ব্যয় করা উচিত। কিন্তু দরিদ্র এই দেশের হাতে সেই টাকা নেই।


আবার উপহ্রদে ফেরা যাক। যে সব মানুষ বাসস্থান ও জীবিকার জন্য লেগুনের উপর নির্ভরশীল, তাদের জন্য হুমকি বেড়েই চলেছে। ডেমুশ জেসইয়া বলেন, ''বহু বছর আগেই এই সব লেগুন ক্ষতির প্রাথমিক লক্ষণ দেখিয়েছিল। কিন্তু এখানে যে সব কিছু শেষ হয়ে যাবে, আমরা এমন আশঙ্কাকে গুরুত্ব দেই নি।''

ডেমুশ বলেন, বিশাল পরিমাণে মাছ ধরার সময় শেষ হয়ে গেছে। আরো বেশি জেলে হাল ছেড়ে দিচ্ছেন। এখন একমাত্র ব্লু ক্র্যাবের কোনো অভাব নেই।



## সাময়িকী

### জার্মানির বৈষম্য পরিস্থিতি



মার্সেল ফ্যুয়র্স্টেনাউ
কলামিস্ট

জার্মানির কৃষ্ণাঙ্গ, এশীয় ও মুসলিম মানুষেরা বলছেন, তারা তাদের ত্বকের রং, অরিজিন বা ধর্মের কারণে প্রায়ই বৈষম্যের শিকার হন। আর শ্বেতাঙ্গরা বলছেন, তারা 'সেক্সিজম' বা লিঙ্গ বৈষম্য এবং 'এজিজম' বা বয়স বৈষম্যের শিকার হন।

এসব তথ্য একেবার নতুন নয়, এমনকি অবাক হওয়ার মতোও নয়। তবে জার্মানির পরিবার বিষয়ক মন্ত্রণালয়ের আর্থিক সহায়তা পাওয়া 'জার্মান সেন্টার ফর ইন্টিগ্রেশন অ্যান্ড মাইগ্রেশন রিসার্স' বা ডেজিমের তৈরি 'ন্যাশনাল ডিসক্রিমিনেশন অ্যাণ্ড রেসিজম মনিটর'-এ যেভাবে তথ্যগুলো উপস্থাপিত হয়েছে, তেমনটা খুব একটা দেখা যায় না। ২০২২ সালের জুন থেকে নভেম্বরের মধ্যে প্রায় ২১ হাজার মানুষের উপর জরিপ চালিয়ে এই প্রতিবেদন প্রকাশ করেছে ডেজিম। মঙ্গলবার এটি প্রকাশ করা হয়।

জরিপ বলছে, ডার্ক বা গাঢ় ত্বকের মানুষ, হিজাব পরা মুসলিম নারী এবং যারা খারাপ জার্মান বলেন বা একেবারেই বলেন না, তাদের দিকে অপমানজনক চেহারা নিয়ে তাকানো বা তাদের অপমান করা প্রতিদিনের ঘটনা।

জার্মানির অর্ধেকেরও বেশি কৃষ্ণাঙ্গ মানুষ (৫৪ শতাংশ) অন্তত একবার বর্ণবাদের সম্মুখীন হয়েছেন। প্রতি পাঁচজনের মধ্যে প্রায় একজন নারী বলেছেন, তারা বছরে কয়েকবার হুমকি বা হয়রানির শিকার হয়েছেন। আর ১৪ শতাংশ মুসলিম নারী ও ১৩ শতাংশ এশীয় নারী একই ধরনের সমস্যার কথা জানিয়েছেন।

ডেজিমের পরিচালক নাইকা ফরুটান বলেন, ''বারবার বৈষম্য ও বর্ণবাদের অভিজ্ঞতা স্বাস্থ্যের উপর প্রভাব ফেলে। এছাড়া এটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের প্রতি আস্থা হারানোর সঙ্গেও যুক্ত। এতে করে গণতন্ত্র দুর্বল ও হুমকির মুখে পড়তে পারে।'' ৪১ শতাংশ কৃষ্ণাঙ্গ এবং ৩৯ শতাংশ মুসলিম পুরুষ পুলিশের সঙ্গে কাজ করার সময় বর্ণবাদী বৈষম্যের সম্মুখীন হয়েছেন বলে জানিয়েছেন। এছাড়া তারা সরকারি অফিসগুলোতেও বর্ণবাদ ও বৈষম্যের সম্মুখীন হওয়ার কথা জানান। স্বাস্থ্যসেবা নিতে গিয়েও তারা বর্ণবাদের মুখোমুখি হন। চিকিৎসকের অ্যাপয়েন্টমেন্ট পেতে তারা বেশি সমস্যায় পড়েন। জরিপে অংশ নেওয়া কৃষ্ণাঙ্গ, মুসলিম ও এশীয় উত্তরদাতারা বলেছেন, তারা খারাপ আচরণের ভয়ে চিকিৎসা দেরি করেছেন বা এড়িয়ে গেছেন, বা ঘন ঘন ডাক্তার পরিবর্তন করেছেন।

শ্বেতাঙ্গরাও বলেছেন, তারা নানান বৈষম্যের শিকার হন। শ্বেতাঙ্গ নারীরা 'সেক্সিজম' বা লিঙ্গ বৈষম্যের আর শ্বেতাঙ্গ পুরুষেরা 'এজিজম' বা বয়স বৈষম্যের শিকার হওয়ার কথা জানিয়েছেন। ডেজিমের পরবর্তী জরিপে ইহুদিবিদ্বেষের বিষয়টি থাকবে বলে জানতে পেরেছে। জার্মানির পরিবার বিষয়ক মন্ত্রী লিসা পাউস বলেন, ''বৈষম্য ও বর্ণবাদের বিরুদ্ধে আরও বেশি কার্যকর ব্যবস্থা নিতে আমাদের আরও বৈজ্ঞানিক অনুসন্ধান এবং নিয়মিতভাবে তথ্য প্রয়োজন।''




## জানা অজানা

### স্বেচ্ছায় মৃত্যুবরণে আপত্তি জার্মান আদালতের

দুই ব্যক্তি ডাক্তার ছাড়াই মৃত্যুবরণের আবেদন জানিয়েছিলেন জার্মান আদালতে। তারা দুইজনেই কঠিন রোগে আক্রান্ত। আদালত তাদের আবেদন খারিজ করেছে।

জার্মানির দুই ব্যক্তি স্বেচ্ছায় মৃত্যুবরণের আবেদন জানিয়েছিলেন। একজন ক্যান্সার পরবর্তী সমস্যার রোগী, অন্যজন সিরোসিসের রোগী। দুইজনেই ডাক্তারের পরামর্শ ছাড়া সোডিয়াম পেন্টোবারবিটাল নেয়ার আবেদন জানিয়েছিলেন। এই ওষুধটি মূলত ঘুমের ওষুধ। কিন্তু বেশি পরিমাণে নিলে মৃত্যু অবশ্যম্ভাবী। বস্তুত, এই ওষুধ দিয়েই অ্যামেরিকায় মৃত্যুদণ্ড দেয়া হয়। জার্মান আদালত অবশ্য আবেদনগুলি খারিজ করে দিয়েছে। আদালতের বক্তব্য, যদি প্রয়োজন হয়, আদালতের সঙ্গে চিকিৎসকের কথা বলতে হবে। স্বেচ্ছায় কাউকে এই সুযোগ দেওয়া যাবে না। সেক্ষেত্রে আত্মহত্যার প্রবণতা বাড়বে।

উল্লেখ্য, আদালত স্বেচ্ছামৃত্যুর বিষয়টি সম্পূর্ণ খারিজ করে দেয়নি। কিন্তু এই দুই ব্যক্তি চিকিৎসকের পরামর্শ ছাড়াই স্বেচ্ছামৃত্যুর আবেদন জানিয়েছিলেন। আদালত সেই বিষয়টি খারিজ করে দিয়েছে। জার্মানির লাইপজিগ আদালত এই রায় দিয়েছে। তবে রোগীরা উচ্চ আদালতে আবেদন জানাতেই পারেন।



## পাঠকের চিঠি

### অভিবাসীদের স্রোত, নীতি বদল করবে জার্মানি?

বার্লিনসহ প্রায় প্রতিটি শহরে অভিবাসনপ্রত্যাশীদের ভিড়। চাপের মুখে কি নীতিবদল করবেন চ্যান্সেলর শলৎস? বার্লিনে প্রতিদিন প্রায় দুইশ জন অভিবাসী বা শরণার্থী এসে পৌঁছান। তাদের প্রাথমিকভাবে একটি সাবেক বিমানবন্দরের রিসেপশন ফেসিলিটিতে রাখা হয়। কিছুদিনের মধ্যেই তাদের শহরের মধ্যে ফ্ল্যাটে সরিয়ে নেয়ার কথা। কিন্তু শহরে আবাসনে এত ফ্ল্যাট পাওয়া দুষ্কর। তাই এই বিমানবন্দরেই চার হাজার মানুষ এক বছর ধরে বসবাস করছেন। আরো আট হাজার মানুষ যাতে থাকতে পারেন, তার ব্যবস্থা হচ্ছে। দেশের অন্য শহরের অবস্থাও বার্লিনের থেকে আলাদা নয়। ২০২৩ সালে দুই লাখ ২০ হাজার অভিবাসনপ্রত্যাশী জার্মান কর্তৃপক্ষের কাছে আশ্রয়ের জন্য আবেদন জানিয়েছেন। ইউক্রেন যুদ্ধ শুরুর পর ইউক্রেন থেকে অভিবাসীদের ঢল নেমেছে। প্রতিদিন আরো বেশি করে মানুষ নিজেদের নাম নথিভুক্ত করছে। জার্মানি জুড়েই পুরসভা বা ডিস্ট্রিক্ট কাউন্সিলগুলি জানিয়েছে, তারা বুঝতে পারছে না, কী করে এত অভিবাসীকে আশ্রয় দেয়া যাবে? একে তো এত মানুষকে আশ্রয় দেয়ার জন্য উপযুক্ত সংখ্যক বাড়ি বা ফ্ল্যাট নেই, তার উপর প্রশাসনে কর্মী কম, স্কুলে জায়গা নেই, আতঙ্কিত অভিবাসীদের কাউন্সেলিংয়ের জন্য উপযুক্ত পরিকাঠামো নেই। ৫৩ শতাংশ মেয়র বা ডিস্ট্রিক্ট কাউন্সিল জানিয়েছে, তাদের উপর বাড়তি বোঝা চেপেছে। জার্মান অ্যাসোসিয়েশন অফ টাউন অ্যান্ড মিউনিসিপ্যালিটিসের মুখপাত্র জানিয়েছেন, মানুষের মনে অভিবাসন নীতি নিয়ে ক্ষোভ বাড়ছে। তিনি জানিয়েছেন, অধিকাংশ জায়গায় অভিবাসীদের জন্য খরচ করার মতো অর্থ নেই। অবিবাসীদের নিয়ে গবেষণা করছেন বরিস। তার সমাক্ষায় পাঁচভাগের মধ্যে একভাগ মানুষ বলেছেন, অভিবাসীদের নিজেদের দেশে ফেরত পাঠানোর ব্যবস্থা করা হোক। জার্মানি ইতিমধ্যে প্রায় আড়াই লাখ অভিবাসন প্রত্যাশীর আবেদন খারিজ করে দিয়েছে। কিন্তু দুই লাখ মানুষকে ফেরত পাঠানো যাচ্ছে না, কারণ, হয় কোনো দেশ তাদের নিতে রাজি নয়, অথবা তারা যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে এসেছেন বা তাদের শরীর এতাই অসুস্থ যে নিজেদের দেশে চিকিৎসা সম্ভব নয়। গত অক্টোবরে আরো বেশি সংখ্যায় অবিবাসীদের ফেরত পাঠানোর জন্য সরকার একটি বিল তৈরি করেছিল। কিন্তু প্রতিটি শহর বা পুরসভায় এখনো অবিবাসনপ্রত্যাশীরা এসে যাচ্ছেন। তাই বরিস মনে করেন, আইন কড়া করেও লাভ নেই।

**সাবিন কিনকার্টজ, বার্লিন**

স্বত্বাধিকারী, মুদ্রক, প্রকাশক, সম্পাদক ঃ রজত কুমার গুপ্তা, দ্বারা এচ.আই. ২৫৪, হরমু হাউসিং কলোনী, রাঁচি-৮৩৪০০২ থেকে প্রকাশিত এবং বৃন্দা মিডিয়া পাবলিকেশন প্রা.লি. চিরৌঁদী, বোড়েয়া রোড রাঁচি থেকে মুদ্রিত। নির্বাহী সম্পাদক ঃ আদিত্য কুমার চ্যাটার্জ্জী* ফোন ঃ ০৬৫১২২৪৪৬০৫, ফৈক্স ঃ ০৬৫১২২৪৪৫০৫ (*পীআরবী অধিনিয়ম অনুযায়ী খবরের চয়নের জন্য উত্তরদায়ী)
Printed, Published & Edited by Rajat Kumar Gupta and printed at Vrinda Media publication pvt.ltd, Chiraundi, Boraiya Road, Ranchi, Published at HI 254, Harmu Housing Colony, Harmu Road, Ranchi-834001, Jharkhand, : Executive Editor :Aditya Kumar Chatterjee * Phone : 0651-2244555, 0651-2244505 (*Responsible for news as per PRB Act) RNI Registration : JHABEN 00015 email-rashtriyokhobor@gmail.com www.rashtriyakhabar.com

# উগ্র সম্প্রদায়িক মন্তব্য করা কংগ্রেস বিধায়ক আফতাব উদ্দিন মোল্লার বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার হুমকি মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার, সভাপতি ভূপেন বরার ক্ষেত্রেও ব্যবস্থা

***বদরুদ্দিন আজমলের মতো ব্যক্তিকে শংকর সংঘ আমন্ত্রণ জানাবে কিনা সেটা তাদের সিদ্ধান্ত, এক্ষেত্রে ব্যথিত বলে মন্তব্য***

**সব্যসাচী শর্মা**

**গুয়াহাটি ঃ** লোকসভা নির্বাচনকে কেন্দ্র করে বিরোধী পক্ষের একাংশ নেতার উগ্র সাম্প্রদায়িক মন্তব্যের ক্ষেত্রে অবশেষে প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। মূলত উগ্র সম্প্রদায়িক মন্তব্য করা কংগ্রেস বিধায়ক আফতাব উদ্দিন মোল্লার বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার হুমকি দিয়েছেন তিনি। তাছাড়া হিন্দু দেবতার নামে অপবাদে লিপ্ত হওয়া কংগ্রেস সভাপতি ভূপেন বরার ক্ষেত্রেও যথাসময়ে ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি মন্তব্য করেছেন। মুখ্যমন্ত্রী বলেন বদরুদ্দিন আজমলের মতো ব্যক্তিকে রাজ্যের ধার্মিক প্রতিষ্ঠান শংকর সংঘ আমন্ত্রণ জানাবে কিনা সেটা তাদের সিদ্ধান্ত। তবে আজমলকে নিমন্ত্রণ করার ক্ষেত্রে তিনি দুঃখিত এবং ব্যথিত হয়েছেন বলেও মতামত ব্যক্ত করেছেন।

আসন্ন ২০২৪ লোকসভা নির্বাচনের দিন কাছে আসার সঙ্গে সঙ্গে রাজনৈতিক দলগুলোর নেতারা এক এক করে এবার বিতর্কিত মন্তব্যে জড়িয়ে পড়ছেন। প্রথমে অসম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরা ভগবান শ্রীকৃষ্ণকে লাভ জিহাদীর সঙ্গে তুলনা করেছিলেন। তবে নিজের এই মন্তব্যের পর আনুষ্ঠানিকভাবে ক্ষমা প্রার্থনা করেছেন তিনি। এরপর একই কংগ্রেস দলের বিধায়ক আফতাব উদ্দিন মোল্লা হিন্দুদের বিরুদ্ধে চরম অপমানজনক মন্তব্য করেছেন। তিনি বলেছেন বর্তমানের এই মোবাইলের যুগে যেখানে ধর্ষণ হয় সেখানেই মন্দিরের সাধু কিংবা নামঘরীয়া জড়িত হয়। হিন্দু ব্যক্তিরা ব্যভিচার করেন। অথচ এক্ষেত্রে মুসলমানদের মিথ্যা অপবাদ দেওয়া হয়। কংগ্রেসের এই বিধায়কের মন্তব্যের ফলে স্বাভাবিকভাবে রাজ্যজুড়ে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। তবে এই জল বহুদূর গড়াতে পারে বলে পূর্বে আশঙ্কা করে অবশেষে এক্ষেত্রে ক্ষমাও চেয়ে নিয়েছেন বিধায়ক আফতাব উদ্দিন মোল্লা।

সনাতন কিংবা হিন্দু ধর্মের বিরুদ্ধে অপমানজনক মন্তব্য করে এরপর আবার ক্ষমা চেয়ে নেওয়া বিষয়টির ক্ষেত্রে কঠোর মনোভাব গ্রহণ করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। মহানগরের বশিষ্ঠ স্থিত রাজ্য বিজেপির মুখ্য কার্যালয় অটল বিহারী বাজপেয়ী ভবনে মঙ্গলবার দলীয় বিভিন্ন বৈঠকে অংশগ্রহণের উদ্দেশ্যে উপস্থিত হয়ে তিনি বলেন যারা আইনের অবমাননা করেছে। ভগবান শ্রীকৃষ্ণকে লাভ জিহাদের সঙ্গে তুলনা করা অথবা পুরোহিত কিংবা নামঘরীয়াদের বিরুদ্ধে অপবাক্য ব্যবহার করা ব্যক্তিদের বিরুদ্ধে রাজ্যের বিভিন্ন থানায় মামলা রজ্জু করা রয়েছে। উপযুক্ত সময়ে সঠিক সময়ে এই ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে হুমকি দিয়েছেন তিনি।

মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা বলেন অপমানজনক মন্তব্য করার পর ক্ষমা চাওয়া আইনে মানে না। ক্ষমা চাওয়ার রাজনীতিতে হয়। তবে আইনের চোখে ক্ষমা চাওয়া বলে কিছু নেই। ক্ষমা চাইলে হয়তো সমাজ ক্ষমা করে দেবে। কিন্তু আদালতে কোনো বিচারপতির হাতে ক্ষমা দেওয়ার অধিকার থাকেনা। কাউকে ক্ষমা দেওয়ার কিংবা ক্ষমা করার অধিকার শুধুমাত্র রাষ্ট্রপতির হাতে থাকে। এর জন্য অপমানজনক অপবাক্য প্রযোগ করে ক্ষমা চাওয়া কিংবা না চাওয়া কিছুতে আসে যায় না। যদি আইন অনুযায়ী এক্ষেত্রে ব্যবস্থা নেওয়ার প্রযোজনীয়তা রয়েছে তাহলে আইন অনুসারে সেক্ষেত্রে ব্যবস্থা নেওয়া হবে বলে স্পষ্ট ভাষায় জানিয়ে দিয়েছেন তিনি।

উল্লেখ্য হিন্দুদের বিরুদ্ধে অপমানজনক মন্তব্য করার অপরাধে জলেশ্বর বিধানসভা কেন্দ্রের কংগ্রেস বিধায়ক আফতাব উদ্দিন মোল্লার বিরুদ্ধে শোকজ নোটিশ দিয়েছেন সভাপতি ভূপেন বরা। কারণ দর্শানো নোটিশের মাধ্যমে বিধায়ক আফতাব উদ্দিন মোল্লাকে অতি শীঘ্র জনসমক্ষে ক্ষমা চেয়ে নেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। সভাপতি ভূপেন বরা বলেছেন কংগ্রেসের নীতি তথা দৃষ্টিভঙ্গি কখনো সন্ত, পুরোহিত, মৌলানা কিংবা নামঘরীয়ার বিরুদ্ধে নয়। কংগ্রেস সর্বদা তাদের প্রতি যথাযথ যথাযথ সম্মান প্রদর্শন করে আসছে। ফলে বিধায়ক মোল্লাকে নিজের বক্তব্য প্রত্যাহার করে জনসমক্ষে অতি শীঘ্র নিঃশর্তে ক্ষমা চেয়ে নেওয়ার নির্দেশ দিয়েছেন অসম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরা।

অন্যদিকে গোয়ালপাড়ায় আয়োজিত শংকর সংঘের কেন্দ্রীয় যুব শিশু আই মাতৃ সমারোহে উপস্থিত থেকে এআইইউডিএফ সভাপতি মৌলানা বদরুদ্দিন আজমলের মুখে কৃষ্ণের নাম এবং এক্ষেত্রে তাকে নিমন্ত্রণ জানানো নিয়েও প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। তিনি বলেন বরদোয়া থানে কিংবা শংকর সংঘে যে সময়ে বদরুদ্দিন আজমল যান তার মনটি ব্যথিত করে তোলে। কিন্তু এক্ষেত্রে শংকর সংঘকে সিদ্ধান্ত নিতে হবে। কারণ শংকর সংঘ একটি জাতীয় অনুষ্ঠান। তাছাড়া বরদোয়া থান পরিচালনা সমিতি জাতীয় অনুষ্ঠান হিসেবে সিদ্ধান্ত নিতে হবে। এই ধরনের জাতীয় অনুষ্ঠানে বদরুদ্দিন আজমলকে আমন্ত্রণ জানানো উচিত কি অনুচিত বলে মন্তব্য করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন তারা যখন এই ধরনের অনুষ্ঠানে যায় এবং তাদের পা ছুঁয়ে প্রণাম করে গামছা পরানো হয় স্বাভাবিক ভাবে তার মন ব্যথিত এবং দুঃখিত করে তোলে। তবে এতো বিশাল এক জাতীয় অনুষ্ঠানের ক্ষেত্রে তার থেকে বেশি শব্দ তিনি ব্যবহার করতে পারেন না বলে মতামত ব্যক্ত করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা।

## তার মতো দশ জন মুখ্যমন্ত্রী কিনতে চাইলে বদরুদ্দিন আজমলের ১৫ লক্ষ কোটি টাকার প্রয়োজন হবে বলে মন্তব্য মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার



***লোকসভা নির্বাচনে বিরোধীর প্রতিটি দল সাহায্য করবে, বদরুদ্দিন আজমল সাহায্যের জন্য প্রস্তুত কিন্তু তার সমর্থনের প্রয়োজন নেই, পরাজিত হওয়ার জন্যও কংগ্রেস প্রার্থী প্রক্ষেপ করে***

**সব্যসাচী শর্মা**

**গুয়াহাটি ঃ** রাজ্যের শাসক বিরোধী উভয় পক্ষের প্রতিটি রাজনৈতিক দল আসন্ন লোকসভা নির্বাচনের জন্য নিজেদের প্রস্তুতি ব্যাপক তৎপরতার সঙ্গে অব্যাহত রেখেছে। সেই সঙ্গে শুরু হয়েছে রাজনৈতিক দলের নেতাদের একে অপরের বিরুদ্ধে মন্তব্য এবং পাল্টা জবাব। এবার বদরুদ্দিন আজমলের মন্তব্যের পাল্টা জবাব দিলেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। তিনি বলেন তার মতো দশ জন মুখ্যমন্ত্রী কিনতে চাইলে বদরুদ্দিন আজমলের ১৫ লক্ষ কোটি টাকার প্রযোজন হবে। তাই বাস্তবে এটা সম্ভব নয়। তাছাড়া আসন্ন লোকসভা নির্বাচনে বিরোধীর পক্ষের প্রতিটি রাজনৈতিক দল তাকে সাহায্য করবে। এমনকি এক্ষেত্রে বদরুদ্দিন আজমল সাহায্য করার জন্য প্রস্তুত হয়ে রয়েছেন। তবে তার সমর্থন নেওয়া হবে না। বিভিন্ন সময়ে পরাজিত হওয়ার জন্যও কংগ্রেস প্রার্থী প্রক্ষেপ করে বলে উল্লেখ করেছেন তিনি।

ধুবড়ি, বরপেটা, গোয়ালপাড়ার বিভিন্ন এলাকায় লোকসভা নির্বাচনের প্রচার অভিযানের জনসভায় অংশ নিয়ে এআইইউডিএফ সভাপতি মৌলানা বদরুদ্দিন আজমল মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মাকে নিয়ে মন্তব্য করেছেন। তিনি বলেছিলেন হিমন্ত বিশ্ব শর্মা ভূপেন বরার চাচা হতে পারেন মালিক হতে পারেন। কিন্তু হিমন্ত বিশ্ব শর্মা এআইইউডিএফ এর মালিক নন। তিনি মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার মতো ১০ জন এবং কংগ্রেস সভাপতি ভূপেন বরার মতো ১০০ জনকে নিজের পকেটে রাখতে পারেন বলে মন্তব্য করেছেন এআইইউডিএফ সভাপতি।

অবশেষে মৌলানা বদরুদ্দিন আজমলের এই মন্তব্যের প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। মহানগরের বশিষ্ঠ স্থিত রাজ্য বিজেপির মুখ্য কার্যালয় অটল বিহারী বাজপেয়ী ভবনে দলীয় নানা বৈঠকে অংশ নেওয়ার জন্য সেখানে উপস্থিত হয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে তিনি বলেন অসমের একজন মুখ্যমন্ত্রীর মূল্য বর্তমান দেড় লক্ষ কোটি টাকা। হিমন্ত বিশ্ব শর্মাকে কেনা অন্য বিষয়। কিন্তু যদি ১০ জন মুখ্যমন্ত্রীকে কিনতে চায় তাহলে বদরুদ্দিন আজমলের এর দেড় লক্ষ কোটি পুরোন ১০ অর্থাৎ ১৫ লক্ষ কোটি টাকার প্রযোজন হবে। এত বিশাল পরিমাণ এর অর্থ তার হাতে রয়েছে কিনা সেক্ষেত্রে সন্দেহ রয়েছে। তবে সেই অর্থ যদি তার কাছে থাকে তাহলে ভালো কথা বলে মন্তব্য করেছেন তিনি।

মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা সাংবাদিকদের উদ্দেশ্যে তার উপরে ভরসা রাখার আহ্বান জানান। তিনি বলেন এতদিন ধরে রাজনীতি করছেন হলে তার কথায় অল্পস্বল্প হলেও বিশ্বাস রাখা উচিত। ২০২৪ লোকসভা নির্বাচনের ফলাফল যেদিন প্রকাশ পাবে সেদিন প্রত্যেকে দেখতে পাবেন যে রাজ্যের বিরোধী পক্ষের প্রতিটি রাজনৈতিক দল শাসক পক্ষকে সাহায্য করেছে। কংগ্রেস সাহায্য করেছে, বিপিএফ সাহায্য করেছে, কংগ্রেসের সঙ্গে থাকা ১৩ টি রাজনৈতিক দল সাহায্য করেছে। প্রতিটি রাজনৈতিক দল সাহায্য করবে। তবে বদরুদ্দিন আজমলের সাহায্য লাগবেনা বলে ইতিমধ্যে তিনি ঘোষণা করে রেখেছেন। এটা এক পৃথক বিষয়। কিন্তু চাইলে নিশ্চয়ই সাহায্য করবে। আজমল সাহায্য করার জন্য পিছন পিছন ঘুরছে। কিন্তু আজমলের সাহায্যের প্রযোজন নেই। একাংশ ব্যক্তির সাহায্যের প্রযোজন নেই বলেও মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী।

তিনি বলেন অসমে এমন কোন ব্যক্তি নেই যাকে সাহায্যের জন্য অনুরোধ জানালে সাহায্য করবে না। তবে ধমক দিলে কেউ সাহায্য করবে না। কিন্তু বিনম্রতার মাধ্যমে নির্বাচনের জন্য সাহায্য চাইলে প্রত্যেক প্রত্যেকেই তাকে সাহায্য করবেন। রাজ্যে এমন এক কোনো রাজনৈতিক দল নেই যাকে বলার পর সাহায্য করবে না। এক্ষেত্রে যে কোনো রাজনৈতিক দল দেখিয়ে দেওয়ার জন্য সাংবাদিকদের কাছে আহ্বান জানিয়েছেন তিনি। মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা বলেন সাহায্য করার স্থিতিতে থাকা প্রত্যেকে সাহায্য করবে যদি বিনম্রতার সঙ্গে সেই সাহায্য চাওয়া হয়। এক্ষেত্রে তিনি নাম উল্লেখ করতে চাইছেন না। তবে নির্বাচনের সাড়ে এগারোটি আসন নেওয়ার জন্য যার যেখানে সাহায্য নেওয়ার সেখান থেকে নেওয়া হবে বলে উল্লেখ করেছেন তিনি।

মুখ্যমন্ত্রী বলেন কে কাকে গর্তে ফেলবে রাজনীতির এই বিষয়গুলি তিনি খোলাসা করতে চান না। তবে যোরহাট লোকসভা কেন্দ্রে জয় লাভ করবেন তপন গগৈ কিংবা যেকোনো বিজেপির প্রার্থী। বাকি যে যেখানে নির্বাচন খেলার খেলুক। তাছাড়া বর্তমান যোরহাট লোকসভা কেন্দ্রে মাজুলির সংযোগ ঘটেছে। ফলে গত নির্বাচনে তপন গগৈ ১ লক্ষ ২০ হাজার ভোটে জয়লাভ করেছিলেন। আসন্ন নির্বাচনে তপন গগৈ কিংবা বিজেপির প্রার্থী এক লক্ষ পঞ্চাশ হাজার ভোটে জয়লাভ করবেন। তাছাড়া কাকে কে গর্তে ফেলবে সেটা তাদের রাজনীতি। কারণ কংগ্রেস বহু সময় জেতার জন্য প্রার্থী দেয় আবার পরাজিত হওয়ার জন্য প্রার্থী প্রক্ষেপ করে। তবে কোনো লোকসভা কেন্দ্রের নাম উল্লেখ না করে তিনি বলেন তাদের আড়াইটি আসন দেওয়া হয়েছে। তারা ১০০ শতাংশ সেই আড়াইটি আসনে জিতবে। ফলে এই আড়াইটি আসন নিয়ে তার মাথাব্যথা নেই। এক্ষেত্রে তাদের ওয়াক ওভার দেওয়া হয়েছে বলে ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা।



RASHTRIYAKHABAR.COM

# টুকরো খবর

## কেন্দ্রীয় সরকারের সম হারে রাজ্য সরকারের কর্মচারীদের জন্য অতিরিক্ত চার শতাংশ ডিএ দেওয়ার সিদ্ধান্ত কেবিনেটে

**রাজ্যের চর এলাকার শিশুদের জন্য মধ্যাহ্ন ভোজনে সপ্তাহে তিনটি ডিম দেওয়ার ব্যবস্থা, বসুন্ধরা ২.০ এর অধীনে ভূমিপুত্র জমি হীন ২৫৩৮ পরিবারকে জমি প্রদান করার সিদ্ধান্ত**

**গুয়াহাটি (সব্যসাচী শর্মা) ঃ** রাজ্য সরকারের কর্মচারীদের জন্য সুখবর। কেন্দ্রীয় সরকারের সম হারে রাজ্য সরকারের কর্মচারীদের জন্য অতিরিক্ত চার শতাংশ ডিএ দেওয়ার ক্ষেত্রে কেবিনেট বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাছাড়া প্রতি সপ্তাহে অনুষ্ঠিত গতানুগতিক কেবিনেট বৈঠকের ধারা অব্যাহত রেখে আয়োজিত মন্ত্রিসভার বৈঠকে বহু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে উল্লেখ করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। এরমধ্যে শিশুর পুষ্টি সাধন, ক্যান্সার কেয়ার হাসপাতাল নির্মাণ, সরকারি উদ্যোগের আর্থিক সুরক্ষা নিশ্চিত করণ অন্যতম। সাধারণ জনতার আশা আকাঙ্ক্ষা পূরণের ক্ষেত্রে এই সিদ্ধান্তগুলো নিশ্চিতভাবে নির্ণায়ক হিসাবে বিবেচিত হবে বলে মতামত ব্যক্ত করেছেন তিনি। মহানগরের দিশপুর স্থিত জনতা ভবন অসম সচিবালয়ের মুখ্যমন্ত্রীর কার্যালয় লোক সেবা ভবনে মঙ্গলবার অনুষ্ঠিত কেবিনেট বৈঠকের পর মিডিয়া হলে এক সাংবাদিক বৈঠক আয়োজন করে এই সংক্রান্তে যাবতীয় সিদ্ধান্তের সবিস্তার তথ্য প্রকাশ করেছেন মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া। তিনি জানান মন্ত্রিসভার বৈঠকে রাজ্য সরকার কর্মচারীদের অতিরিক্ত ডিয়ারনেস ভাত্তা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ২০২৩ সালে ১ ডিসেম্বর থেকে ৪ শতাংশ অতিরিক্ত ডিএ পাবেন রাজ্য সরকারের কর্মচারীরা। ২০২৩ সালের জুলাই থেকে ২০০৩ সালে নভেম্বর পর্যন্ত কার্যকরী হওয়া বকেয়া ডিয়ারনেস ভাত্তা দুটি সমান কিস্তিতে পরিশোধ করা হবে। ৫০ শতাংশ বকেয়া ডিএ এর প্রথম কিস্তি ২০০৩ সালের ডিসেম্বরে দেওয়া হবে। তাছাড়া বাকি ৫০ শতাংশ ২০২৪ সালের এপ্রিল মাসে পরিশোধ করা হবে। এর মাধ্যমে রাজ্য সরকারের কর্মচারীদের মোট ডিয়ারনেস ভাত্তা বর্তমান ৪৬ শতাংশ পর্যন্ত পৌঁছে গেছে বলে উল্লেখ করেছেন তিনি। মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া বলেন মন্ত্রিসভার বৈঠকে নেওয়া সিদ্ধান্ত অনুযায়ী ২০২৩ সালের ১ ডিসেম্বর থেকে প্রধানমন্ত্রী পোষন অভিযানের অধীনে চর এলাকার বিদ্যালয়ের প্রতিটি যোগ্য শিশুর জন্য মধ্যাহ্ন ভোজনে সপ্তাহে তিনটি করে ডিম দেওয়ার ব্যবস্থা করা হবে। তাছাড়া কেবিনেট বৈঠকে নতুন ক্যান্সার কেয়ার হাসপাতাল নির্মাণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি জানান অসম ক্যান্সার কেয়ার প্রকল্পের প্রথম পর্যায়ের অধীনে বাকি তিনটি ক্যান্সার কেয়ার হাসপাতাল এবং দ্বিতীয় পর্যায়ের অধীনে সাতটি হাসপাতাল নির্মাণের জন্য অসম ক্যান্সার কেয়ার ফাউন্ডেশনকে ১৩৫ কোটি টাকা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রথম পর্যায়ের অধীনে বাকি থাকা তিনটি ক্যান্সার কেয়ার হাসপাতাল শিলচর, গুয়াহাটি এবং ডিফুতে নির্মাণ করা হয়েছে। অন্যদিকে দ্বিতীয় পর্যায়ের অধীনে ধুবড়ি, নলবাড়ি, গোয়ালপাড়া, গোলাঘাট, নগাঁও, শিবসাগর এবং তিনসুকিয়াতে সাতটি নতুন হাসপাতাল নির্মাণ করা হবে। হাসপাতালগুলো নির্মাণ সম্পন্ন হওয়ার পর এই প্রকল্পগুলোতে ৪০০০ প্রত্যক্ষ নিযুক্তির সঙ্গে প্রায় আট হাজার নিযুক্তি সৃষ্টি করবে এটা আশা করা হচ্ছে বলে মন্তব্য করেছেন মন্ত্রী। তিনি বলেন শিক্ষা সংস্থার একত্রিকরণ হিসেবে সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার উদ্দেশ্যে ইংরেজি ভাষা শিক্ষক সংস্থা রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ এবার থেকে অসমের প্রশাসনিক নিয়ন্ত্রণে অধীনে কার্যকরী হবে বলে কেবিনেটে সিদ্ধান্ত হয়েছে। তাছাড়া অভাবগ্রস্ত ব্যক্তিদের উপযুক্ত স্বাস্থ্য সেবা দেওয়ার উদ্দেশ্যে চা বাগান চিকিৎসালয় সহ সরকারি চিকিৎসালয়ের জন্য বিনামূল্যে ওষুধ এবং ব্যবহারযোগ্য সামগ্রী প্রকল্পের অধীনে ১৩৫ কোটি টাকা বরাদ্দ করা সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিনামূল্যে ওষুধ প্রকল্পের অধীনে সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলোতে বিনামূল্যে অত্যাবশ্যকীয় ঔষধ, অস্ত্রোপচারের সামগ্রী, ব্যবহারযোগ্য সামগ্রী কাপড় ইত্যাদির ব্যবস্থা করা হবে। অন্যদিকে মন্ত্রিসভার বৈঠকে কুমার ভাস্কর বার্মা সংস্কৃত এবং পুরাতত্ত্ব অধ্যায়ন বিশ্ববিদ্যালয়ের দক্ষ এবং স্বচ্ছ ব্যবস্থাপনার সুবিধার জন্য কুমার ভাস্কর বার্মা সংস্কৃত এবং পুরাতত্ত্ব অধ্যায়ন বিশ্ববিদ্যালয় বিধি ২০২৩ এর প্রথম আইন অনুমোদন করা হয়েছে বলে উল্লেখ করেছেন তিনি। মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া বলেন মন্ত্রিসভার বৈঠকে জমিহীন ভূমিপুত্র পরিবারদের জমি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মিশন বসুন্ধরা ২.০ অধীনে মরিগাঁও, বঙাইগাঁও, গোয়ালপাড়া, ডিব্রুগড় এবং শোনিতপুর জেলার জমিহীন ভূমিপুত্র পরিবারদের স্বপক্ষে জমিন নিষ্পত্তির ব্যবস্থা করা হবে। মিশন বসুন্ধরার ২.০ অধীনে ৫ জেলায় মোট ২৫৩৮ টি পরিবারকে জমি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেই হিসাবে মরিগাঁও জেলার ২ টি পরিবার, বঙাইগাঁও জেলার ৬৯ টি পরিবার, গোয়ালপাড়া জেলার ৯০ টি পরিবার, ডিব্রুগড় জেলার ১০৭১ টি পরিবার এবং শোনিতপুর জেলার ১৩০৬ টি পরিবার জমি পেতে চলেছে বলে উল্লেখ করেন তিনি। মন্ত্রী বলেন সরকারি উদ্যোগের আর্থিক সুরক্ষা নিশ্চিতকরণের ক্ষেত্রে কেবিনেটে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সে অনুযায়ী উদ্যোগ বাণিজ্য এবং সরকারি উদ্যোগ বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণের অধীনে সরকারি ঋণ অপরিশোধিত সুদের পরিমাণ এবং এ আই ডি সি, এএসআইডিসি, এতিসিএল এবং এ পি এম লিমিটেডের অনুদান ইকুইটিতে রূপান্তর করা হবে। অন্যদিকে এপিডিসিএল, এ ই জি সি এল এবং এপিজিসিএলে অসম সরকার দেওয়া অনুদান ঋণে রূপান্তর করা হবে। এরপর ২০২৩ সালের ৩১ মার্চ কার্যকরী হওয়া অনুসারে সেটা ইকুইটিতে রূপান্তর করা হবে জানান মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া।

## অভিবাসনপ্রত্যাশীদের আলবেনিয়ায় পাঠাবে ইটালি

**মিলান ঃ** সাগরপথে চলে আসা অভিবাসনপ্রত্যাশীদের একটা সময় পর্যন্ত আলবেনিয়ায় রাখার ব্যবস্থা করতে চলেছে ইটালি সরকার। এ লক্ষ্যে আলবেনিয়ায় দুটি সাময়িক আশ্রয় শিবির নির্মাণের বিষয়ে দ্বিপাক্ষিক চুক্তি হয়ে গেছে। সোমবার ইটালির প্রধানমন্ত্রী জর্জা মেলোনি এ তথ্য জানান। মেলোনি প্রধানমন্ত্রী হয়েছেন গত বছর। তার দল ব্রাদার্স অব ইটালির সবচেয়ে বড় নির্বাচনি প্রতিশ্রুতি ছিল সরকার গঠন করার পর ইটালিতে অবৈধ অভিবাসন বন্ধ করা। চরম ডানপন্থি দলের নেত্রী হিসেবে মেলোনি প্রধানমন্ত্রীর দায়িত্ব নেয়ার পর থেকে সেই লক্ষ্য অর্জনের জন্য কাজ করছিলেন। তা সত্ত্বেও ভূমধ্যসাগর হয়ে অভিবাসনপ্রত্যাশীদের ইটালিতে প্রবেশ হু হু করে বেড়েছে। ২০২৩ সালের পরিসংখ্যান বলছে, গত বছরের তুলনায় অবৈধ পথে অভিবাসনপ্রত্যাশীদের ইটালিতে প্রবেশের হার অনেক বেড়েছে। গত বছর জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত ১০ মাসে যেখানে মোট ৮৮ হাজার অভিবাসনপত্যাশী ইটালিতে পা রেখেছিল, চলতি বছর একই সময়ে সেই সংখ্যাটা বেড়ে এক লাখ ৪৫ হাজার হয়েছে। মেলোনি সরকার মনে করে, আলবেনিয়ায় দুটি অস্থায়ী আশ্রয় শিবির গড়ে সাগরপথে আসা অভিবাসনপ্রত্যাশীদের সেখানে রেখে পরিস্থিতির উন্নতি ঘটানো সম্ভব। সোমবার রোমে আলবেনিয়ার প্রধানমন্ত্রী এডি রামা এবং ইটালির প্রধানমন্ত্রী মেলোনি এমন আশ্রয় শিবির নির্মাণের বিষয়ে একটি দ্বিপাক্ষিক চুক্তি সাক্ষর করেন। চুক্তি সম্পাদনের পর মেলোনি জানান, 'রিসিপশন সেঃটার', অর্থাৎ অস্থায়ী আশ্রয় শিবির দুটি নির্মাণ করা হবে আলবেনিয়ার শেংজিন এবং জাদার অঞ্চলে। নির্মাণের সম্পূর্ণ ব্যয় বহন করবে ইটালি সরকার। আশ্রয় শিবিরগুলোর নির্মাণকাজ ২০২৪ সালের মধ্যেই শেষ করে প্রাথমিকভাবে সেখানে তিন হাজার অভিবাসনপত্যাশীকে রাখার পরিকল্পনা করছে সরকার। তবে প্রধানমন্ত্রী মেলোনি জানিয়েছেন, পর্যায়ক্রমে ধারণক্ষমতা বাড়াতে বাড়াতে এক সময় বছরে ৩৬ হাজারের মতো অভিবাসনপ্রত্যাশীকে সেখানে রাখা যাবে বলে তিনি আশা করেন। আলবেনিয়ার শেংজিন এবং জাদার অঞ্চলে দুটি রিসিপশন সেন্টারে অপ্রাপ্ত বয়স্ক এবং অন্তঃসত্ত্বা নারী ছাড়া বাকি সব অভিবাসনপ্রত্যাশীকে রাখা হবে। তবে কাউকেই দীর্ঘদিন রাখা হবে না। অভিবাসনের আবেদন যাচাইবাছাই শেষে যাদের আবেদন গৃহীত হবে, তাদের নিয়ে যাওয়া হবে ইটালিতে আর যাদের আবেদন প্রত্যাখ্যাত হবে, তাদের নিজ নিজ দেশে ফেরত পাঠাবে আলবেনিয়া সরকার। সোমবার আলবেনিয়ায় নির্মিতব্য অস্থায়ী আশ্রয় শিবির দুটোর সম্পর্কে আরো দুটি গুরুত্বপূর্ণ তথ্য জানানো হয়েছে, এক, আশ্রয় শিবির পরিচালিত হবে ইটালির আইনে, দুই, শিবিরের বাহ্যিক নিরাপত্তার যাবতীয় বিষয় দেখভাল করবে আলবেনিয়া। নির্বাচনের আগে ইউরোপের বাইরে এমন অস্থায়ী আশ্রয় শিবির নির্মাণের প্রতিশ্রুতি দিয়েছিল মেলোনির দল ব্রাদার্স অব ইটালি। সরকার গঠনের পর উত্তর আফ্রিকার কয়েকটি দেশের সঙ্গে এ বিষয়ে আলোচনাও করেছে মেলোনির সরকার। কিন্তু সে অঞ্চলের কোনো দেশ এমন আশ্রয় শিবির নির্মাণে রাজি হয়নি। আলবেনিয়া রাজি হয়ে চুক্তিও সাক্ষর করায় জর্জা মেলোনি খুব খুশি। এতে তিনি ইউরোপের জন্য কল্যাণকর কিছু করার আনন্দ পাচ্ছেন এমন ইঙ্গিত দিয়ে ইটালির প্রধানমন্ত্রী বলেন, '' আমার বিবেচনায় এটা সত্যিকার অর্থেই একটি ইউরোপীয় চুক্তি। অভিবাসীদের স্রোতব্যবস্থাপনার কাজ যে সবাই মিলে করা সম্ভব এটি (চুক্তি) তা দেখিয়ে দিলো।'' ইটালির বিরোধী দলের সংসদ সদস্য আঞ্জেলো বনেলি তা মনে করেন না। তার মতে, ইটালি আর আলবেনিয়া সরকারের এ চুক্তি '' কনভেনশন এবং আন্তর্জাতিক আইনের স্পষ্ট লংঘন।''



## গ্লেন ম্যাক্সওয়েল 'ওয়ান ম্যান শো'তে যত বিশ্ব রেকর্ড গড়লেন



**মুম্বাই ঃ** অস্ট্রেলিয়ার গ্লেন ম্যাক্সওয়েল এমন একটা ইনিংস খেলে আফগানিস্তানের বিপক্ষে জয় এনে দিলেন, যে ইনিংস দেখে অনেকেই ভাবছেন এটাই ক্রিকেট ইতিহাসের সেরা ইনিংস কি না। এটাকে 'ওয়ান ম্যান শো' বলে বর্ণনা করেছেন কিংবদন্তী ফাস্ট বোলার ওয়াসিম আকরাম। আফগানিস্তানের বিপক্ষে জয়ের জন্য টার্গেট ২৯৩ রান এর মধ্যে ২০১ রান একাই তুলেছেন গ্লেন ম্যাক্সওয়েল। ম্যাক্সওয়েলের ওয়ানডে ক্যারিয়ারের চতুর্থ সেঞ্চুরি ছিল এটি আর এই বিশ্বকাপের প্রথম ডাবল সেঞ্চুরি। রেকর্ডের পাতা তো বটেই, ক্রিকেট যারা ভালোবাসেন এবং খেলাটি যারা দেখেছেন, বহুদিন এই ইনিংসটি তাদের মনে থাকবে। ম্যাচের একটা পর্যায়ে ম্যাক্সওয়েল পেশিতে টান অনুভব করেন। ওয়াসিম আকরাম বলেন, যারা ব্যাটিং করেছেন তারা বলতে পারবেন ক্র্যাম্প নিয়ে ব্যাট করা কতোটা কঠিন কারণ আপনি পা নাড়াতে পারবেন না। ক্রিকেটের আরেক কিংবদন্তী সাচিন টেন্ডুলকার সোশাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্সএ (সাবেক টুইটার) লিখেছেন, ম্যাক্স প্রেশার থেকেই ম্যাক্স পারফরম্যান্স। ম্যাক্সওয়েলের এই ইনিংসটিকে সাচিন ওয়ানডে ক্রিকেটে তার দেখা সেরা ইনিংস বলে আখ্যা দিয়েছেন।

ম্যাক্সওয়েলের এই ২০১ রানের অপরাজিত ইনিংসের কারণে রেকর্ডের খাতায় অনেক হিসাব নতুন করে লিখতে হচ্ছে। চলতি বিশ্বকাপের প্রথম ডাবল সেঞ্চুরিটা করলেন গ্লেন ম্যাক্সওয়েল। এটাই অস্ট্রেলিয়ান পুরুষ ক্রিকেট দলের হয়ে সর্বোচ্চ ওয়ানডে স্কোর। এর আগে দ্বিতীয় ইনিংসে ব্যাট করে কোনও ব্যাটার ডাবল সেঞ্চুরি করেননি। সর্বোচ্চ ছিল পাকিস্তানের ফখর জামানের ১৯৩, দক্ষিণ আফ্রিকার বিপক্ষে। ম্যাক্সওয়েল প্রথম অস্ট্রেলিয়ান পুরুষ ক্রিকেটার যিনি ওয়ানডে ম্যাচে ডাবল সেঞ্চুরি হাঁকিয়েছেন। এর আগে ১৯৯৭ সালে অস্ট্রেলিয়ান নারী ক্রিকেটার বেলিন্ডা ক্লার্ক ২২৯ রান তুলেছিলেন। বেলিন্ডা ক্লার্ক অজি ক্রিকেটের একজন কিংবদন্তী, তার সম্মানার্থে সিডনি ক্রিকেট গ্রাউন্ডে একটি ভাস্কর্যও রয়েছে। আরও মজার ব্যাপার হচ্ছে ম্যাক্সওয়েলের মতো বেলিন্ডা ক্লার্কও ডাবল সেঞ্চুরি করেছিলেন মুম্বাইয়ের মাটিতে। ম্যাচের শেষে ম্যাক্সওয়েলের অধিনায়ক প্যাট কামিন্সও পুরো ঘটনাটিকে 'ওয়ান ম্যান শো' বলে আখ্যা দিয়েছেন। আফগানিস্তানের রান তাড়া করতে ২৯৩ রান তুলেছে অস্ট্রেলিয়া, এর মধ্যে ম্যাক্সওয়েলের রান ২০১ যা মোট রানের ৬৮.৬০। যদিও এটা অল্পের জন্য রেকর্ড হয়নি, ক্যারিবিয়ান গ্রেট স্যার ভিভিয়িান রিচার্ডস ১৯৮৪ সালে ইংল্যান্ডের বিপক্ষে দলীয় ২৭২ রানের মধ্যে ১৮৯ রান তুলেছিলেন, যা ছিল ৬৯.৪৮। তবে ভিভ রির্চাডসের রান ছিল প্রথম ইনিংসে, সেদিক থেকে ম্যাক্সওয়েলেরটা রান তাড়ার ক্ষেত্রে রেকর্ড। এর আগে ২০০৩ ক্রিকেট বিশ্বকাপে রান তাড়া করতে গিয়ে নিউজিল্যান্ডের ২২৫ রানের মধ্যে ১৪১ রান তুলেছিলেন স্কট স্টাইরিস। গ্লেন ম্যাক্সওয়েলের ওয়ানডে ক্যারিয়ারের চারটি শতকের মধ্যে তিনটিই বিশ্বকাপে। পাঁচ নম্বরে বা তারও নিচে ব্যাট করে সবচেয়ে বেশি সেঞ্চুরির রেকর্ডও ম্যাক্সওয়েলের। তবে গতরাতে তার লড়াকু ইনিংসের পেছনে বেশ অবদান রেখেছেন অজি অধিনায়ক প্যাট কামিন্স। ৯১ রানে ৭ উইকেট চলে যাওয়ার পর ব্যাট করতে নেমে প্যাট কামিন্স ম্যাক্সওয়েলকে দারুণ সঙ্গ দেন। তিনি ৬৮ বল খেলে মাত্র ১২ রান তোলেন। কিন্তু ম্যাচের স্কোরকার্ড সেই ইনিংসের মাহাত্ম্য বোঝাতে পারবে না। কারণ উইকেটে টিকে থাকাই ছিল কামিন্সের কাজ এবং সেটা তিনি খুব ভালোভাবেই করেছেন। কামিন্স একটা ভিন্ন ধরনের রেকর্ড গড়েছেন এই ম্যাচে, কমপক্ষে ১০ রানের ইনিংসের মধ্যে তিনি সর্বনিম্ন স্ট্রাইক রেটের রেকর্ডের তালিকায় রয়েছেন। ম্যাক্সওয়েল কামিন্স জুটি প্রায় ১৭ বছর আগে করা ১৩৮ রানের জুটির রেকর্ড ভেঙ্গে দিয়েছেন। অষ্টম উইকেট জুটিতে ২০২ রানের জুটি গড়েছেন ম্যাক্সওয়েল ও কামিন্স। এর আগে ২০০৬ সালে দক্ষিণ আফ্রিকার অ্যান্ড্রু হল ও জাস্টিন কেম্প ১৩৮ রানের জুটি গড়েছিলেন ভারতের বিপক্ষে। আফগানিস্তানের বিপক্ষে জয় দিয়ে অস্ট্রেলিয়া চলমান বিশ্বকাপের সেমিফাইনালে খেলা নিশ্চিত করেছে। আর এটা ছিল অস্ট্রেলিয়ার বর্ণাঢ্য বিশ্বকাপ ইতিহাসের সবচেয়ে বড় রান তাড়া করে জয়ের রেকর্ড। এর আগে ১৯৯৬ সালে অস্ট্রেলিয়া নিউজিল্যান্ডের বিপক্ষে ২৮৯ রান তাড়া করে জয় পেয়েছিল আর এবার আফগানিস্তানের বিপক্ষে লক্ষ্য ছিল ২৯২ রান। যদিও ওয়ানডে ক্রিকেটে অস্ট্রেলিয়া এর আগে ৩৫৯ রানও তাড়া করে জয় পেয়েছে। এই ইনিংস কতোটা বিশেষ তা একটা ঘটনায় আরও স্পষ্ট হয়ে ওঠে। ম্যাচের ১৯ ওভার শেষে ইএসপিএন ক্রিকইনফোর সম্ভাব্য ফলাফলে আফগানিস্তানের জয়ের সম্ভাবনা দেখাচ্ছিল ৯৯.৫৪। সেখান থেকে অস্ট্রেলিয়ার ম্যাচটা জিতিয়ে আনলেন ম্যাক্সওয়েল। ক্র্যাম্প বা মাংসপেশীতে টান লাগার কারণে ম্যাচের একটা পর্যায়ে মনে হচ্ছিল গ্লেন ম্যাক্সওয়েল খেলা চালিয়ে যেতে পারবেন না। তার বদলে ব্যাট করতে নামার জন্য অ্যাডাম জাম্পা দুইবার বাউন্ডারি লাইন পর্যন্ত চলে এসেছিলেন। ম্যাক্সওয়েল তার ১৪৭তম রান নেয়ার জন্য দৌড়ে এক রান নিতে গিয়ে মাটিতে পড়ে গিয়েছিলেন। সেখানে শুয়ে রীতিমতো কাতড়াচ্ছিলেন। অস্ট্রেলিয়ার ক্রিকেট দলের ফিজিও একটা পর্যায়ে তাকে মাঠ ছেড়ে যাওয়ার জন্যও বলেন। কিন্তু ম্যাক্সওয়েল খেলা চালিয়ে যান। ম্যাক্সওয়েল ঠিক কীভাবে খেলায় রান তুলতে থাকেন সেটার ব্যাখ্যা করতে গিয়ে পাকিস্তানের সাবেক অধিনায়ক মিসবাহ উল হক বলেন, ফুটওয়ার্ক ভুলে যান, এটা পুরোপুরি কবজির খেলা যেটা ম্যাক্সওয়েল আমাদের দেখালেন। পা নাড়ানোর শক্তিই পাচ্ছিলেন না গ্লেন ম্যাক্সওয়েল। এই ইনিংসে ম্যাক্সওয়েল দুইবার জীবন পান। একবার রাশিদ খানের সাথে ক্যাচ নিয়ে ভুল বোঝাবুঝির কারণে আফগান অধিনায়ক শহীদি ক্যাচ ছাড়েন, আরেকবার মুজিব উর রহমান তুলনামূলক সহজ একটা ক্যাচ ধরতে পারেননি। ম্যাক্সওয়েল গত সপ্তাহেই গলফ খেলতে হিয়ে অদ্ভুত উপায়ে চোট পেয়েছিলেন। সেখান থেকে ফিরে তিনি এমন একটা ইনিংস খেললেন যেটা ক্রিকেট বিশ্ব বহুদিন মনে রাখবে।

# 'বাবর ক্লাসের সেরা ছাত্র, কিন্তু ম্যাট্রিক পরীক্ষায় ফেল'



**নয়া দিল্লি ঃ** বিশ্বকাপে সর্বশেষ দুই ম্যাচ জিতে সেমিফাইনালের আশা বাঁচিয়ে রেখেছে পাকিস্তান। অধিনায়ক বাবর আজমও নিউজিল্যান্ডের বিপক্ষে সর্বশেষ ম্যাচে দারুণ ব্যাটিং করেছেন। কিউইদের রানপর্বত টপকাতে নেমে ৬৩ বলে ৬৬ রানে অপরাজিত ছিলেন। দ্বিতীয় উইকেটে তাঁর সঙ্গে ফখর জামানের অবিচ্ছিন্ন ১৯৪ রানের জুটিতেই বৃষ্টিবিঘ্নিত ম্যাচটি জেতে পাকিস্তান। তবে বাবরের এমন ইনিংসও পাকিস্তানের সাবেক ক্রিকেটারদের মন ভরাতে পারছে না। সাবেক ফাস্ট বোলার সিকান্দার বখত যেমন বাবরের ব্যাটিং অ্যাপ্রোচ নিয়ে প্রশ্ন তুলেছেন। আর সাবেক অলরাউন্ডার আবদুল রাজ্জাকের মতে, বাবর বিশ্বমানের ক্রিকেটার নন। উদাহরণ হিসেবে রোহিত শর্মার প্রসঙ্গ সামনে এনেছেন এবং রোহিতকে অনুসরণ করার পরামর্শ দিয়েছেন।

ভারতীয় অধিনায়ক রোহিত যেখানে ৫৫.২৫ গড়ে, ১২২.৭৭ স্ট্রাইক রেটে ৪৪২ রান করেছেন পাকিস্তান অধিনায়ক বাবর সেখানে ৪০.২৮ গড়ে, ৮২.৬৯ স্ট্রাইক রেটে করেছেন ২৮২ রান। শীর্ষ রানসংগ্রাহকদের তালিকায় রোহিত এ মুহূর্তে আছেন চারে, বাবর শীর্ষ পনেরোতেও নেই।

পাকিস্তানের টিভি চ্যানেল 'জিও সুপার'-এর এক অনুষ্ঠানে রোহিতের সঙ্গে বাবরের এই পার্থক্যের বিষয়টিই সামনে এনেছেন রাজ্জাক, 'রোহিতকে দেখুন, সে প্রথম ওভারে ১০ রান নিতে প্রস্তুত, দ্বিতীয় ওভারে ১৫। কিন্তু আমাদের অধিনায়কের (বাবর আজম) খেলার ধরন আলাদা। ওর উচিত রোহিতকে দেখা, সে কী করছে।'

রাজ্জাকের চোখে বাবর নয়, ফখর জামান পাকিস্তানের সেরা ব্যাটসম্যান, 'ফখর জামান ১ নম্বর ব্যাটসম্যান। নিউজিল্যান্ডের সব ব্যাটসম্যান ওর প্রশংসা করেছে। আমাদের অধিনায়ক ওই মানের নয়। তারাই বিশ্বমানের খেলোয়াড়, যারা প্রতিপক্ষের কাছ থেকে ম্যাচ ছিনিয়ে নিতে পারে। আমাদের সময় ম্যাথু হেইডেন, সনাৎ জয়াসুরিয়া, শচীন টেন্ডুলকার, রিকি পন্টিংরা এ ধরনের ছিলেন।'

একই অনুষ্ঠানে সিকান্দার বখত বলেছেন, 'আমরা এখনো বিশ্বের ১ নম্বর ব্যাটসম্যানকে নিয়ে কথা বলেই চলেছি। আমার প্রশ্ন হলো, এ ধরনের আলোচনা ভালো চুক্তি পেতে আদৌ সাহায্য করে কি না। মনে হচ্ছে, সে ক্লাসের সেরা ছাত্র, কিন্তু ম্যাট্রিক পরীক্ষায় ফেল করছে।'

বিশ্বকাপে এখন পর্যন্ত একমাত্র অপরাজিত দল ভারত। সবার আগে সেমিফাইনাল নিশ্চিত করা দলও স্বাগতিকেরা। রাজ্জাক মনে করেন, ভারতীয় দলের একতা তাদের দাপট দেখাতে সাহায্য করছে, 'ওরা সত্যিকার অর্থেই দেশের জন্য খেলছে। বিরাট কোহলিকে দেখুন, যখন ওর সতীর্থ ব্যাটসম্যানরা রান করে, ওর উদ্‌যাপন দেখে মনে হয় সে ওই রান করেছে। ওদের বোলিং ব্যাটিং সবকিছুই আক্রমণাত্মক। ওরা যেভাবে ঐক্যবদ্ধ হয়ে ও আত্মবিশ্বাস নিয়ে খেলছে, সেটার কৃতিত্ব আমি রোহিত শর্মাকে দেব।'

ঘরের মাঠের সর্বোচ্চ সুবিধা নিতে পারাতেও ভারতের প্রশংসা করেছেন রাজ্জাক, 'ওরা নিজেদের কন্ডিশন থেকে সর্বোচ্চ সুবিধা আদায় করছে। পিচও তাদের অনুকূলে। মনে হচ্ছে, ভারত জানে, পিচের আচরণ কেমন হতে চলেছে।'

তবে সিকান্দার বখত মনে করেন, ভারত দেশের বাইরের বেশ শক্তিশালী, 'পাকিস্তান যদি নিজেদের মাটিতে খেলে, তাহলে তারাও কন্ডিশনের সর্বোচ্চ সুবিধা পাবে। কিন্তু ভুলে গেলে চলবে না ভারতীয় পেসাররা এশিয়া কাপ ফাইনালে কী করেছিল। শ্রীলঙ্কাও তো নিজেদের পরিচিত কন্ডিশনে খেলেছিল। কিন্তু এশিয়া কাপ ফাইনালে ওরা ভারতের কাছে ৫০ রানে অলআউট হয়েছিল। ওদের বোলিং শক্তিশালী, ব্যাটিয়েও ভালো। স্পিনাররাও ভালো করছে। (হার্দিক) পান্ডিয়া বিশ্বকাপ ছিটকে পড়েছে। তবু ভারত জিতেই চলেছে।'

# ম্যাক্সওয়েল 'একা ম্যাচ জিতিয়ে' যে ধারণাকে মিথ্যা প্রমাণ করলেন

**মুম্বাই ঃ** ইনিংসটি দেখে একটি কথাই বলা যায় অবিশ্বাস্য! অতিমানবীয় এ কথাও বলতে পারেন কেউ কেউ। আসল কথা হলো গ্লেন ম্যাক্সওয়েল গতকাল যে ব্যাটিংটা করেছেন, তাতে ক্রিকেটপ্রেমীদের চক্ষু চড়কগাছ। এভাবেও ম্যাচ জেতানো সম্ভব!

মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে আফগানিস্তানের ২৯১ রান তাড়া করতে নেমে ৯১ রানে ৭ উইকেট হারিয়েছিল অস্ট্রেলিয়া। তখন প্যাট কামিন্সের দলের হার দেখছিলেন অনেকেই। কিন্তু গ্লেন ম্যাক্সওয়েল অধিনায়ক কামিন্সের সঙ্গে ১৭০ বলে অবিচ্ছিন্ন ২০২ রানের জুটি গড়ে অবিশ্বাস্য জয় এনে দেন অস্ট্রেলিয়াকে। পায়ে ক্র্যাম্প নিয়েও ১২৮ বলে ২০১ রানের অপরাজিত ইনিংস খেলেন ম্যাক্সওয়েল। অনেকের মতেই এটি ওয়ানডেতে ইতিহাসের সেরা ইনিংস। পাকিস্তানের কিংবদন্তি ওয়াসিম আকরাম অবশ্য এসব নিয়ে কথা বলেননি। ক্রিকেট যেহেতু দলীয় খেলা, আকরাম তাই মনে করিয়ে দিয়েছেন একটি আপ্তবাক্য 'একা ম্যাচ জেতানো যায় না।' আকরামের মতে, ম্যাক্সওয়েল কথাটিকে মিথ্যা প্রমাণ করেছে। পায়ে ক্র্যাম্প (মাংশপেশিতে টান) হওয়ায় ব্যাটিংয়ের মাঝেই কয়েকবার শুয়ে পড়েন ম্যাক্সওয়েল। ফিজিও মাঠে গিয়ে তাঁকে বেরও করে আনতে চেয়েছিলেন। কিন্তু দলকে জেতাতে মরিয়া ম্যাক্সওয়েল তা মেনে নেননি। তাঁর পর যে আর ব্যাটসম্যান ছিল না, অস্ট্রেলিয়াও তখন জয় থেকে বেশ দূরে। এমন পরিস্থিতিতে বেশ কিছু সিঙ্গেলসও নেননি ম্যাক্সওয়েল কামিন্স। অস্ট্রেলিয়া অধিনায়কের পূর্ণ আস্থা ছিল ম্যাক্সওয়েলের ওপর। জানতেন, কেউ যদি এই ম্যাচ জেতাতে পারে, তবে ম্যাক্সওয়েলই পারবেন। শেষ পর্যন্ত ঘটেছেও ঠিক তাই।

পাকিস্তানের টিভি চ্যানেল 'এ স্পোর্টস'কে আকরাম বলেছেন, 'অবিশ্বাস্য। এটা একজনের প্রদর্শনী। কিংবদন্তিতুল্য ব্যাটিং। একটি কথা প্রচলিত আছে, একজন কখনো ম্যাচ জেতাতে পারে না। কিন্তু কথাটি এখন নিখাদ মিথ্যা। ম্যাক্সওয়েল দেখিয়েছে, একাই দলকে জেতানো সম্ভব।' ম্যাক্সওয়েলের ইচ্ছাশক্তির প্রশংসা করে আকরাম বলেছেন, '(এমন ইনিংস খেলতে) ইচ্ছাশক্তির প্রয়োজন হয় এবং ম্যাক্সওয়েল সেটা দেখিয়েছে। সে ক্র্যাম্পে ভুগছিল। ক্রিকেটাররা জানে এতে কতটা ব্যথা হয়। কিন্তু হাল না ছেড়ে লড়াই করেছে।' অস্ট্রেলিয়ান অধিনায়ক প্যাট কামিন্সের ৬৮ বলে ১২ রানের অপরাজিত ইনিংসটিরও প্রশংসা করেছেন বাঁহাতি এই ফাস্ট বোলার, 'প্যাট কামিন্সকেও সাধুবাদ জানাতে হয়। পরিস্থিতি বুঝে সে ম্যাক্সওয়েলকে স্ট্রাইক দিয়েছে।'

ওয়াসিম আকরাম জানিয়েছেন এমন লড়াকু ইনিংস তিনি কখনো দেখেননি, 'ম্যাক্সওয়েল ২০১ রান করে দেখিয়েছে, সে এখন সেরা ওয়ানডে খেলোয়াড়। আমি ২০ বছরের মতো ক্রিকেট খেলেছি এবং তত দিন এই খেলা নিয়েই কাজ করছি। কিন্তু এমন লড়াকু ইনিংস কখনো দেখিনি।'





# বিজেপির হিন্দুত্বের হাওয়া কি কেড়ে নিতে পারবে বিরোধীরা?



**মিজোরাম (ওয়েবডেস্ক)ঃ** মঙ্গলবার থেকে ভারতের যে পাঁচ রাজ্যে বিধানসভা নির্বাচনের ভোট নেওয়া শুরু হল, সেটিকে ২০২৪ এর লোকসভা নির্বাচনের সেমিফাইনাল বলে বলছেন বিশ্লেষকরা। এই পাঁচটি রাজ্য মিলিত ভাবে লোকসভায় ৮৩ জন সংসদ সদস্য পাঠায়। এর মধ্যে ভারতে রাজনৈতিক ভাবে অতি গুরুত্বপূর্ণ তিনটি রাজ্য ‐ রাজস্থান, মধ্যপ্রদেশ ও ছত্তিশগড় পড়ছে। সেজন্যই এই রাজ্যগুলিতে এবং দক্ষিণ ভারতের তেলেঙ্গানা রাজ্যে বিজেপি এবং বিরোধীরা কী ফলাফল করে, সেটা আগামী বছরের লোকসভা নির্বাচনের একটা আভাস দিতে পারে বলে মনে করছেন বিশ্লেষকদের একাংশ।

তবে সবসময়ে যে এই রাজ্যগুলির ভোটের ফলাফল পরের বছরের লোকসভা নির্বাচনের ফলের আভাস দেয় না, সেটাও এর আগে প্রমাণিত হয়েছে।

উত্তরপূর্বাঞ্চলীয় মিজোরাম ছাড়া যে রাজ্যগুলিতে ভোট হচ্ছে, তার মধ্যে দুটিতে ‐ রাজস্থান এবং ছত্তিশগড়ে কংগ্রেস ক্ষমতায় আছে।

মধ্যপ্রদেশে গত বিধানসভা নির্বাচনে জয়ী হলেও বছর দেড়েকের মাথায় কংগ্রেসের দল ভেঙ্গে নিয়ে বিজেপি সরকার গড়ে ফেলে। আর তেলেঙ্গানায় ক্ষমতায় আছে স্থানীয় দল ভারত রাষ্ট্র সমিতি বা বিআরএস। এই দলটিও বিজেপি বিরোধী।

চারটি রাজ্যেই গত কয়েক বছর ধরে হিন্দুত্বের রাজনীতির প্রচার প্রসার ঘটেছে সরকারি অর্থানুকূল্যে। অর্থাৎ যে হিন্দুত্ব এতদিন বিজেপি একরকম একচেটিয়াভাবে দখল করে রেখেছিল, সেই পথই ধরেছে কংগ্রেস এবং বিআরএস।

মিজোরাম ছাড়া অন্য চারটি রাজ্যের এবারের ভোট একেবারেই ইউনিক, এরকম ভোট সাম্প্রতিক ইতিহাসে হয় নি, বলছিলেন দ্য ওয়াল সংবাদ পোর্টালের কার্যনির্বাহী সম্পাদক অমল সরকার।

যে হিন্দুত্বের এজেন্ডার ওপরে মোটামুটি একছত্র দখল ছিল বিজেপির, এবারে সেই হিন্দুত্বের এজেন্ডা বিরোধী দলগুলো কেড়ে নিয়েছে অনেকটাই। রাজস্থান, মধ্যপ্রদেশ আর ছত্তিশগড়ে কংগ্রেস আর তেলেঙ্গানায় সেখানকার ক্ষমতাসীন দল ভারত রাষ্ট্র সমিতি যেভাবে হিন্দুত্বের প্রচার করছে, তা এককথায় ইউনিক, বলছিলেন মি. সরকার।

এই হিন্দুত্বের প্রচার, হিন্দু তীর্থক্ষেত্রগুলির সংস্কারে কোটি কোটি টাকা সরকারি তহবিল থেকেই ব্যয় করা হচ্ছে।

বিবিসির মধ্যভারত সংবাদদাতা সলমান রভির কথায়, ছত্তিশগড় আর মধ্যপ্রদেশে কংগ্রেস বিজেপির কাছ থেকে হিন্দুত্বের এজেন্ডা কেড়ে নিয়েছে বলা চলে। ছত্তিশগড়ে মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল ‘রাম বন গমন পথ’, অর্থাৎ যে পথে রামচন্দ্র বনবাসে গিয়েছিলেন বলে মনে করা হয়, তার ব্যাপক সংস্কার করিয়েছেন ১৬২ কোটি টাকা ব্যয়ে।’’

আবার রামচন্দ্রের মা, কৌশল্যার একমাত্র যে মন্দির আছে ভারতে, সেটাও ছত্তিশগড়েই। তার সংস্কার করেছেন কংগ্রেসি মুখ্যমন্ত্রী। সেটার উদ্বোধন করতে মুখ্যমন্ত্রী নিয়ে এসেছিলেন আরএসএস প্রধান মোহন ভগবতকে। অন্যদিকে মধ্যপ্রদেশের প্রধান কংগ্রেস নেতা কমল নাথ, যিনি দেড় বছরের জন্য মুখ্যমন্ত্রী ছিলেন তিনিও ব্যাপকভাবে হিন্দুত্বের প্রচার করছেন, বলছিলেন মি. রভি।

মি. কমল নাথ তার নিজের ভোটকেন্দ্র ছিন্দওয়াড়াতে মধ্যভারতের সবথেকে বড় হনুমান মূর্তি স্থাপন করেছেন সম্পূর্ণ নিজের অর্থ দিয়ে। রাজধানী ভোপালের কংগ্রেস দপ্তরে রামনবমী উদযাপিত হয়। আবার কপালে টিকা দিয়ে হিন্দুত্ববাদী নেতাদের মতই তিনি ভোটের প্রচার করছেন।

রাজস্থানে পুষ্করবৈষ্ণোদেবী মন্দিরের সংস্কার করছে সেখানকার কংগ্রেস সরকার, তারা ২৬টা বৈদিক স্কুল চালায় সরকারি টাকা দিয়ে। ওই বিদ্যালয়গুলি সবই কোনও না কোনও মন্দির পরিসরে গড়া হয়েছে। তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাওও হিন্দু দেবদেবীদের মন্দির সংস্কারের জন্য বহু কোটি টাকা সরকারি তহবিল থেকে বরাদ্দ করেছেন। এই সব মিলিয়েই দেখা যাচ্ছে এরকম একটা ভোট আগে দেখা যায় নি, মন্তব্য অমল সরকারের।

ভোটমুখী তিন রাজ্য ‐ রাজস্থান, মধ্যপ্রদেশ আর ছত্তিশগড় ‐ সবগুলিতেই গত বিধানসভা নির্বাচনে বিজেপি পরাজিত হয়েছিল।

যদিও বছর দেড়েক পরে মধ্যপ্রদেশের কংগ্রেস দলে ভাঙ্গন ধরিয়ে নিজেদের সরকার গড়েছিল বিজেপি।

কিন্তু তিন রাজ্যেই বিজেপি এবার কঠিন লড়াইয়ের মুখোমুখি হচ্ছে, বলছিলেন বিবিসির মধ্যভারত সংবাদদাতা সলমান রভি।

ছত্তিশগড়ে হিন্দুত্বের এজেন্ডা বিজেপির হাত থেকে কেড়ে নিয়ে তাদের একরকম ধসিয়ে দিয়েছেন কংগ্রেসি মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল। আবার মধ্যপ্রদেশ আর রাজস্থানে বিজেপি দলের মধ্যে এতটাই অন্তর্কলহ যে কোনও একজনকে তারা সম্ভাব্য মুখ্যমন্ত্রী হিসাবে ঘোষণা করে নি। মধ্যপ্রদেশের দীর্ঘদিনের বিজেপি মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহানকে যেমন সামনে আনা হয় নি পরবর্তী মুখ্যমন্ত্রী হিসাবে, তেমনই রাজস্থানেও একসময়ের মুখ্যমন্ত্রী বসুন্ধরা রাজেকে সেই জায়গা ফিরিয়ে দেওয়া হয় নি, বলছিলেন মি. রভি।

তার ব্যাখ্যা, বিজেপি যে চাপে রয়েছে, তা তাদের এইসব সিদ্ধান্তগুলো থেকেই স্পষ্ট। যার জন্যই একাধিক কেন্দ্রীয় নেতামন্ত্রীকে প্রার্থী করে বিধানসভা নির্বাচনে নামিয়েছে বিজেপি।

অন্যদিকে অন্তর্কলহ রয়েছে রাজস্থানের কংগ্রেসেও। মুখ্যমন্ত্রী অশোক গেহলতের সঙ্গে তরুণ নেতা সচিন পাইলটের দ্বন্দ্ব সামলাতে বার বার মাঠে নামতে হয়েছে কংগ্রেসের শীর্ষ নেতৃত্বকে।

সবসময়েই লোকসভা ভোটের মাস ছয়েক আগে এই রাজ্যগুলির বিধানসভা নির্বাচন হয়ে থাকে। তবে এই রাজ্যগুলির ভোটের ফলাফল যে সবসময় পরের বছরের লোকসভা নির্বাচনের ফলাফলের ইঙ্গিত দেয়, তা নয়।

রাজনৈতিক বিশ্লেষক বিশ্বজিত ভট্টাচার্যের কথায়, সবসময়েই যে এই রাজ্যগুলির বিধানসভা ভোটের ফলাফল থেকে পরের বছরের লোকসভা ভোটের আভাস পাওয়া গেছে তা নয়।

তার কথায়, এই রাজ্যগুলোর মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ তিন রাজ্য ‐ রাজস্থান, মধ্যপ্রদেশ আর ছত্তিশগড়ে ২০১৮ সালে কংগ্রেস জিতেছিল। কিন্তু ২০১৯ সালের লোকসভা ভোটে নরেন্দ্র মোদীই বিপুল ভোট পেয়ে ফিরে এসেছিলেন।

এর একটা ব্যাখ্যা হচ্ছে বিধানসভা ভোট আর লোকসভা ভোটের মাঝে বেশ কয়েক মাসের ব্যবধান থাকে। আর সেই সময়েই বিজেপি তার স্ট্র্যাটেজি বদলিয়ে ফেলে।’’

‘‘গতবার যেমন পুলওয়ামার ঘটনার রাজনৈতিক লাভ হয়েছিল বিজেপির। এবার তো রামমন্দির উদ্বোধন নির্ধারিত হয়েই আছে। আর বিজেপি সেটা দিয়েই লোকসভা ভোটে হিন্দু ভোট একজোট করার চেষ্টা করবে বলে মনে হচ্ছে। তবে কংগ্রেস দল, বিশেষত রাহুল গান্ধীর ভারত জোড়ো যাত্রার সুফল ঘরে তুলতে পারে কী না, সেটারও একটা ইঙ্গিত পাওয়া যাবে এই বিধানসভা ভোটগুলির ফলাফল থেকে, বলছিলেন মি. ভট্টাচার্য।

মঙ্গলবার থেকে ৩০ নভেম্বর পর্যন্ত ভোটগ্রহণ চলবে ধাপে ধাপে। আর সব রাজ্যেরই ভোট গণনা এবং ফলাফল ঘোষণা হবে তেসরা ডিসেম্বর।




# টুকরো খবর

## জমি মাফিয়ারা এই গুলি চালিয়েছে দীনেশ গড়াইয়ের গাড়ি লক্ষ্য করে

**কলকাতাঃ** দীনেশ গড়াইয়ের গাড়ি লক্ষ্য করে গুলি । আসানসোল উত্তর থানার অন্তর্গত চন্দ্রচুড় মোড়ের কাছে জমি সংক্রান্ত বিবাদকে কেন্দ্র করে গুলি চালানোর ঘটনা প্রকাশ্যে এসেছে। অভিযোগ ওই সময় দীনেশ গড়াইয়ের গাড়ি লক্ষ্য করে গুলি চালানো হয় এবং খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ঘটনার তদন্ত শুরু করে। স্থানীয়দের অভিযোগ জমি মাফিয়ারা এই গুলি চালিয়েছে ওই ব্যবসায়ীকে লক্ষ্য করে। ওনার জমি ব্যবসা আছে। যদিও দীনেশ গড়াই জানান তার জমির ব্যবসা নেই তার এনএইচ বা জাতীয় সড়ক ও রূপনারায়ণপুরে টোল ট্যাক্স এর ব্যবসা করেন। জাতীয় সরকারের উপর একটি হোটেলে যখন খাবার নেওয়া হয়েছিল তখনই দুই দুষ্কৃতি ৩‐৪ রাউন্ড গুলি চালায়। যার মধ্যে একটি গুলি গাড়িতে লাগে। বাকি গুলি লক্ষ্যভ্রষ্ট হয়।

## ডিভিসির সেচ খালের জলে তলিয়ে গেলো এক কিশোরী

**কাঁকসা ঃ** স্নান করতে নেমে ডিভিসির সেচ খালের জলে তলিয়ে গেলো এক কিশোরী। ঘটনাটি ঘটেছে সোমবার দুপুর ২টো নাগাদ কাঁকসার ক্যানেলপাড় এলাকায়। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় কাঁকসা থানার পুলিশ। পরিবারের সদস্যরা জানিয়েছেন ওই কিশোরীর নাম বাতাসী মাহাতো। ১১ বছর বয়সী ওই কিশোরী স্নান করতে নামে ডিভিসির সেচ খালের জলে। হঠাৎই সে জলে তলিয়ে যায়। স্থানীয়রা অনেক খোঁজাখুঁজি করেও তাকে দেখতে না পেয়ে কাঁকসা থানার পুলিশকে খবর দিলে কাঁকসা থানার পুলিশ ডিভিসি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে স্থানীয় জেলেদের সাহায্য নিয়ে ওই কিশোরীকে উদ্ধারের চেষ্টা শুরু করেছে।

## সোমবার নিউটাউন ইকোপার্কে আসেন বিজেপি সাংসদ দিলীপ ঘোষ, সেখানে এসে সংবাদ মাধ্যমের মুখোমুখি হন তিনি

**কলকাতা ঃ অন্ধ্রপ্রদেশ ট্রেন দুর্ঘটনা, টুইট মুখ্যমন্ত্রীর**

যেকোনো দুর্ঘটনা দুঃখজনক মমতা বন্দ্যোপাধ্যায়ও ছিলেন রেলমন্ত্রী, তার আমলটা আশা করুন কী চলত। এখন অনেক ট্রেন বেড়েছে অনেক পরিবর্তন হচ্ছে নতুন টেকনোলজি এসেছে। বিশ্বের দ্বিতীয় বৃহত্তম রেললাইন, কিছু না কিছু ভুল ত্রুটি হয়েই যায়। সরকার এটা নিয়ে খুবই সক্রিয়, সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়ার চেষ্টা করছে। কিন্তু তবুও যে ক্ষয়ক্ষতি হয়েছে সেটা দুঃখজনক, সরকারের সেটা নজর দেওয়া উচিত। দেখা উচিত যাতে আগামীদিনে এরকম না হয়।

**কেরালা বিস্ফোরণ**

বাংলা এই বিস্ফোরণ তো চলতেই থাকে। কেরালায় কিছু বছর ধরে রাষ্ট্রবিরোধী শক্তি খুবই সক্রিয়। সেখানে মৌলবাদ সক্রিয়, সেখানে লাভ জিহাদ নিয়ে প্রশ্ন উঠেছে। পিএফআইয়ের মত রাষ্ট্রবিরোধী শক্তি সেখানে সক্রিয় ছিল। কেন্দ্রীয় সরকারের তৎপরতায় সেটা বন্ধ হয়েছে, কিন্তু সেই মানসিকতার লোকই উৎপাত করছে। কেরালার রাজ্য সরকারের প্রচ্ছন্ন মদতে এগুলো হতে পারছে। যেটা নিয়ন্ত্রণ করা যায় সেটা তারা চাইছেন না, এই মৌলবাদী শক্তির সমর্থন নিয়ে তারা ক্ষমতায় থাকতে চাইছেন।

**মালদার খোলা বাজারে বিশ্ববাংলার ত্রিপল**

নতুন কিছু না রেশনের চাল বাইরে বিক্রি হয় ত্রিপল বাইরে বিক্রি হয়, রিলিফ বাইরে বিক্রি হয় এবং বাংলাদেশে চলে যায়। সাধারণ মানুষকে বিতরনের জিনিস কিভাবে খোলা মার্কেটে বিক্রি হচ্ছে, দুর্নীতি সর্বত্র ছড়িয়ে গেছে। মন্ত্রীরা যদি জেলে যায় তাহলে সাধারণ কর্মীরা তো করবেই।

**উত্তর ২৪ পরগনার কাউন্সিলররা ইডির আতশকাঁচে**

যারা পুরসভার চেয়ারম্যান ছিলেন তাদেরকে ডেকেছে, বাকিরা ভয়ে ভয়ে রয়েছে। তাদের অবস্থাও বালুর মতো না হয়। এই সার্বিক দুর্নীতি যা বছর বছর ধরে চলছে, মমতা বন্দ্যোপাধ্যায়ের আশীর্বাদে এটা হয়েছে, নয়তো এতটা বারবারন্ত হতে পারে না। শিকড় বাকর কোথায় ছড়িয়ে গেছে এই দুর্নীতির। দুর্নীতিমুক্ত করতে ইডি সিবিআই এর বহুবছর লেগে যাবে কিন্তু মাথাগুলো যেন ছাড়া না পায়।

**জ্যোতিপ্রিয় মল্লিকের পর মতুয়া ভোট ব্যাংকের কী হবে?**

ওখানে যেমন কেষ্টর বিকল্প পুলিশ এখানেও তেমনি আছে। মতুয়া সমাজের মানুষ যেমন সোজা সরল তাদের নিয়ে ছিনিমিনি খেলা হয়েছে, তাদের জন্য কিছুই করা হয়নি। তাই তারা লোকসভা বিধানসভায় আমাদের দিকে এসেছেন, যোগ্য জবাব দিচ্ছেন। একচেটিয়াভাবে মানুষকে বোকা বানিয়ে রাজনীতি করা হয়েছে, সেটা আর চলবে না।

**জ্যোতিপ্রিয় কন্যার বিরুদ্ধেও একাধিক অভিযোগ রয়েছে**

কেষ্ট হওয়ার পরে তার মেয়েরও একই গতি হয়েছে, এরা নিজের পরিবারকে এসবের মধ্যে ঢুকিয়ে দেয় ,এরা সবাই সুবিধাভোগী। সরকারি পদ টাকা কোথা থেকে আসে? কেষ্ট মন্ডলের মেয়েকেও প্রাইমারি স্কুলে ঢুকিয়ে দেওয়া হয়েছিল। সেও স্কুলে না গিয়ে বেতন পেতো। এখানেও তাই হয়েছে। মানুষের সামনে এগুলো প্রকাশ পাওয়া দরকার আছে, তাহলে আগামী দিনে কেউ এরকম করবে না।

**টিটাগরে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে মৃত্যু**

এইতো চলছে গোষ্ঠীদ্বন্দ ভাগ বাটোয়ারা নিয়ে শেয়ার নিয়ে। কেবল পয়সার রাজনীতি। তার জন্য সাধারণ কর্মীরা মারা যায় সাধারণ মানুষের কষ্ট হয়। কারোর ক্ষমতা নেই এটাকে আটকানোর মমতা বন্দ্যোপাধ্যায়ের হাতের বাইরে চলে গেছে, সরকার দল দুটোই ভগবানের ভরসায় চলছে।

**মুখ্যমন্ত্রীকে আক্রমণ বিশ্বভারতীর উপাচার্যর**

এটাই মমতা বন্দ্যোপাধ্যায়ের পাওনা, তিনি যে অপকীর্তি করেছেন, তার দায় তো তাকে নিতে হবে। বারবার শান্তিনিকেতনের উপাচার্যকে আক্রমণ করে রাজনীতি করেন, তারও অধিকার আছে বলার। তার মুখের সামনে আয়না তুলে ধরেছেন।

## বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক এখন সুস্থ

**কলকাতা ঃ** প্রাক্তন খাদ্যমন্ত্রী তথা বর্তমান বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকে ICU থেকে জেনারেল কেবিনে স্থানাতর করা হয়েছে। হাসপাতাল সূত্রের আরো খবর, তিনি যে যে শারীরিক সমস্যা নিয়ে এসেছিলেন সেই সমস্যা এখন সেরে গিয়েছে। নতুন করে শারীরিক কোনো অসুস্থতার খবর নেই। গতকাল সারভাইক্যাল স্পাইনের যে MRI হয়েছিল সন্ধের পরে সেই রিপোর্ট নিয়ে আজকে একজন স্নায়ুরোগ বিশেষজ্ঞ তাঁকে পরীক্ষা করবেন এবং তারপরে দুপুর ৩ টের সময় মেডিক্যাল টিমের সদস্যরা বসবেন। মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া যায় কি না সেই বিষয়ে আলোচনা হবে এবং সেই বৈঠকেই সিদ্ধান্ত হবে মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকে ছাড়া হলে কখন না কবে ছাড়া হবে। মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিককে আগে যখন ইডি আধিকারিকরা নিয়ে এসেছিলেন তখন এর শারীরিক অবস্থা আর এখনকার শারীরিক অবস্থার একটি রিপোর্ট চেয়েছিলেন ইডি আধিকারিকরা সেই রিপোর্ট হাসপাতাল কর্তৃপক্ষ দিয়ে দিয়েছেন ইডির হাতে। সেই রিপোর্ট এবার যাবে ইডির উর্ধ্বতন আধিকারিক এর কাছে।

## বসিরহাটের বাদুড়িয়াতে বাকিবুরের প্রায় ২৪০,কাঠা নতুন সম্পত্তির হদিস, এলাকায় চাঞ্চল্য


**বাদুড়িয়া ঃ** উত্তর ২৪ পরগনার বসিরহাটের বাদুড়িয়া পৌরসভার পাঁচ নম্বর ওয়ার্ডের জেলে পাড়ায় ২৪০, কাটা জমির হদিস পাওয়া গেল। এলাকাবাসীদের দাবি, কম পয়সায় এই জমি পৌর নাগরিকদের কাছ থেকে লিখে নিয়েছে বেশ কিছু বছর আগে। এখানে একটি ধান মজুত করার গোডাউন তৈরি হয়েছিল, সেখানে মাঝে মধ্যে কিছু ধান রাখা হতো কিন্তু এই গোডাউনের মালিক কে এখনো পর্যন্ত গ্রামবাসীদের কাছে অজানা। এটা বাকি বুরের যে বেআইনি সম্পত্তি এ বিষয়ে স্থানীয় বাসিন্দারা কোন দিন জানতো না ।এই সম্পত্তির হদিশ পাওয়ার পর এলাকায় যথেষ্ট চাঞ্চল্য ছাড়িয়েছে এলাকাবাসীদের দাবি বেশ কয়েক বছর আগে এই জমি এলাকাবাসীদের কাছ থেকে কম দামে জমি কেনে এমনকি জোরপূর্বক কিছু জমি দখল করে নেয়। আবার কিছু জমি টাকা দিয়ে কেনা হয়। ওই ব্যক্তি প্রভাবশালী হাওয়াই তাকে কোন কথা বলতে পারিনি স্থানীয়রা। এলাকাবাসীরা ভয়ে ওই জমির মধ্যে কেউ আর ঢোকেনি। এই নিয়ে ক্ষোভ উগড়ে দিয়েছে পৌর নাগরিকরা। এখন প্রশ্ন উঠছে এই বেআইনি জমির মালিক রিতা ঠাকুর জানাচ্ছেন আমাদেরকে ভয় দেখিয়ে হুমকি দেখিয়ে এই জমি নিয়েছে কিছু জমির পয়সা দিয়েছে আবার কিছু জমির পয়সা দেয়নি এখানে কাজ দেবে বলেই জমি নিয়েছিল এই জমি সম্পূর্ণ বেআইনি ভাবে জোর দখল করে নিয়েছে । বেশ কয়েকবার বাকিবুর কে এই গোডাউনে আসতে দেখে এলাকাবাসীরা। বাদুড়িয়া ৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর অংশুমান দত্ত বলেন বাকি বুরের জমি কিনা জানিনা এখানে একটি গোডাউন তৈরি করা হয়েছে সেই মালিকের বাড়ি বেড়াচাঁপা দেগঙ্গার দিকে, এর বেশি আর কিছু বলতে পারব না।






JATIO KHOBOR
BANGLA DAINIK
বাংলা দৈনিক
জাতীয় খবর


## বিএনপির অবরোধে শহরে যান চলাচল বেড়েছে তবে দূরপাল্লার বাস বন্ধ



**ঢাকা ঃ** কয়েকটি স্থানে বিক্ষিপ্ত সংঘর্ষ আর যানবাহনে আগুন দেয়ার মধ্য দিয়ে বিএনপির তৃতীয় দফায় ডাকা অবরোধ চলছে। বুধবার সকালে ঢাকার বিভিন্ন এলাকা ঘুরে যানবাহন চলাচল আগের অবরোধ কর্মসূচির তুলনায় বেশি দেখা গেছে। তবে ঢাকার বাস টার্মিনালগুলো থেকে দূরপাল্লার বাস চলাচল প্রায় বন্ধ রয়েছে। ঢাকার বাইরে বগুড়ায় জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের সঙ্গে পুলিশের ধাওয়াপাল্টা ধাওয়া আর খাগড়াছড়িতে একটি কভার্ডভ্যানে আগুন দেয়ার ঘটনা ঘটেছে। রাজধানী ঢাকার খিলগাঁওয়ে মঙ্গলবার রাতে একটি বাসে আগুন দেয়ার ঘটনার পর আজ দিনে এখন পর্যন্ত আর কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। ঢাকা ও ঢাকার বাইরে বিক্ষিপ্তভাবে বিভিন্ন জায়গায় মিছিল করেছে বিএনপি ও তাদের যুগপৎ আন্দোলনে থাকা সমমনা দলগুলো। ঢাকার নয়াপল্টনে বিএনপি কেন্দ্রীয় কার্যালয় আজও তালাবদ্ধ অবস্থায় ছিলো। সেখানে দলটির নেতাকর্মীদের কোন তৎপরতা না থাকলেও পুলিশের কড়া প্রহরা দেখা গেছে। এর আগে মঙ্গলবার রাতে অবরোধের সমর্থনে চট্টগ্রাম, সিলেট, ফেনী, সিরাজগঞ্জ, নরসিংদী, ভোলাসহ দেশের বিভিন্ন জায়গায় মশাল মিছিল বের করেছে বিএনপি এবং এর সহযোগী সংগঠনগুলো। তবে বরিশাল, চট্টগ্রাম, রাজশাহী, খুলনার মতো শহরগুলোয় কিছুটা যানবাহন চলাচল বেড়েছে বলে জানা যাচ্ছে।

# গাজা শহরের প্রাণকেন্দ্রে পৌঁছে যাওয়ার দাবি ইসরায়েলি সৈন্যদের



**ইসরায়েল (এজেন্সী) ঃ** ইসরায়েলে হামাসের হামলার এক মাস পূর্তির দিনে ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্ত বলেছেন তাদের সৈন্যরা এখন 'গাজা শহরের প্রাণকেন্দ্রে'। গত সাতই অক্টোবর হামাস ওই হামলা চালিয়েছিলো। মি. গ্যালান্ত বলেছেন হামাসের বিরুদ্ধে তাদের সৈন্যরা 'আক্রমণ করছে স্থল, বিমান ও নৌ বাহিনীর সমন্বয়ে'।

অন্যদিকে দেশটির প্রধানমন্ত্রী বেনইয়ামিন নেতানিয়াহু বলেছেন, তাদের সৈন্যরা 'গাজা শহর ঘিরে রেখেছে এবং ভেতরে অভিযান' চালানো হচ্ছে। মি. নেতানিয়াহু গাজার মানুষকে আগেই দক্ষিণের দিকে চলে যাওয়ার অনুরোধ করে বলেছিলেন , 'প্লিজ গো সাউথ' অর্থাৎ 'দয়া করে দক্ষিণে সরে যান'। সোমবার মি. নেতানিয়াহু বলেছিলেন, যুদ্ধের পর 'গাজার সার্বিক নিরাপত্তার দায়িত্ব' ইসরায়েল গ্রহণ করবে। পরে তার মন্ত্রিসভার কয়েকজন সদস্য এই বক্তব্যের ব্যাখ্যা দিয়েছেন। স্ট্র্যাটেজিক অ্যাফেয়ার্স বিষয়ক মন্ত্রী মি. নেতানিয়াহুর বক্তব্য ব্যাখ্যা করে বলেছেন যে, ইসরায়েল ওই অঞ্চল আবার দখল বা শাসন করবে না। বেসামরিক এলাকা হিসেবে গাজার যেভাবে থাকার কথা সেটিই নিশ্চিত করবে ইসরায়েল। সামরিক বাহিনী শুধু নতুন কোন সন্ত্রাসের হুমকি পেলে তার বিরুদ্ধে অভিযান চালাবে। এদিকে যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট জানিয়েছে মিশরের রাফাহ ক্রসিং দিয়ে চারশর মতো মার্কিন নাগরিক গাজা থেকে সরে এসেছে।

ওদিকে গাজার দক্ষিণাঞ্চলীয় শহর খান ইউনিস, রাফাহ ও দেইর আল বালাহ শহরে বিমান হামলায় কয়েক ডজন মানুষের মৃত্যু হয়েছে।

গাজার হামাস পরিচালিত স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে ইসরায়েলের হামলায় এ পর্যন্ত দশ হাজার তিনশ মানুষের মৃত্যু হয়েছে। এর মধ্যে ৪১০০শিশু। অন্যদিকে হামাসের হামলায় ইসরায়েলের ১৪শ মানুষের মৃত্যু হয়েছিলো এবং জিম্মি করে নেয়া হয়েছিলো আরও দুশো। বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে মৃত্যু ও দুর্ভোগের মাত্রা দেখে ইসরায়েল গাজা সংকটের বিষয়টা উপলব্ধি করাও কঠিন।

গাজা শহরের মধ্যে ইসরায়েলের বাহিনীর আরও এগিয়ে যাওয়ার কারণে বেসামরিক নাগরিকরা আবারও গাজা ছাড়তে শুরু করেছে। ইসরায়েল আগেই সতর্ক করে তাদের ঘরবাড়ি ছেড়ে দক্ষিণের দিকে যেতে বলেছে।

মঙ্গলবার থেকে সেখানে লোকজনদের সরে যাওয়ার জন্য একটি 'করিডোর' খোলার কথা জানিয়েছিলো ইসরায়েলি সেনাবাহিনী।

এরপর কয়েক ঘণ্টার মধ্যেই শত শত মানুষ সে পথ ধরে অগ্রসর হয়। কেউ পায়ে হেঁটে আবার কেউ বা গাধার পিঠে করে পথ পাড়ি দেয়ার চেষ্টা করছে।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেনসহ জি৭ দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীরা টোকিওতে আজ বৈঠকে বসার কথা। তারা গাজার বিষয়ে একটি সমঝোতায় আসার চেষ্টা করছেন। বৈঠকের পর এই গ্রুপ একটি যৌথ বিবৃতি প্রকাশ করতে পারে। আশা করা হচ্ছে তাতে তারা লড়াইয়ে অস্থায়ী বিরতির অনুরোধ করবে মানবিক সহায়তা পৌঁছানোর জন্য। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনইয়ামিন নেতানিয়াহু যুদ্ধবিরতির প্রস্তাব আগেই প্রত্যাখ্যান করেছেন। তিনি বলেছেন এটি হলে হামাস আবারো পুনর্গঠিত হবার সুযোগ পাবে। তবে তিনি বলেছেন যে 'কৌশলগত ছোটো আকারের বিরতি' তিনি বিবেচনা করবেন। এই গ্রুপে থাকা ধনী দেশগুলো হলো যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, ফ্রান্স, জার্মানি, ইটালি, জাপান ও ইউরোপীয় ইউনিয়ন। গত মাসে সংঘাত শুরু হওয়ার পর তাদের পক্ষ থেকে এ পর্যন্ত একটি বিবৃতি দেয়া হয়েছে।

ফিলিপিন্সের প্রেসিডেন্ট মার্কোস জুনিয়র জানিয়েছেন যে রাফাহ ক্রসিং দিয়ে তার দেশের চল্লিশ জন নাগরিককে নিরাপদে গাজা থেকে মিশরে সরিয়ে আনা সম্ভব হয়েছে।

তিনি এজন্য কাতারের মধ্যস্থতায় রাফাহ ক্রসিং খোলার কথা উল্লেখ করে ইসরায়েল ও মিশরের সরকারকে ধন্যবাদ জানিয়েছেন।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন জানিয়েছেন যে তিনি ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনইয়ামিন নেতানিয়াহুকে গাজার লড়াইয়ে 'বিরতি' দেয়ার জন্য বলেছেন।

হোয়াইট হাউজের একজন মুখপাত্র আগেই বলেছেন যে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের দুই নেতা ইসরায়েলের অভিযানে 'কৌশলগত বিরতি'র বিষয়ে কথা বলেছেন।

সোমবার ওই আলোচনায় তারা জিম্মিদের সম্ভাব্য মুক্তির বিষয়েও কথা বলেছেন।

ধ্বংসস্তূপ খুঁড়ছে রাফাহর মানুষ রাফাহ মিশর সীমান্ত সংলগ্ন গাজার দক্ষিণাঞ্চলীয় একটি শহর। এটি তথাকথিত নিরাপদ এলাকা। কিন্তু সেখানেই আবাসিক এলাকায় বিস্ফোরণের শব্দ শোনা গেছে।

ধ্বংসস্তূপের মধ্যে খালি হাতেই স্বজনদের খুঁজছে সেখানকার মানুষ।

একটি ছোট শিশুকে হাসপাতালে নিয়ে যাচ্ছিলেন একজন উদ্ধারকর্মী। তার মুখ পুড়ে গেছে ও পিঠে মারাত্মক আঘাত। বিবিসির একজন সংবাদদাতা তার ভিডিও ফুটেজ নিয়েছেন।

এর আগে তিনি একজন নারীকে পেয়েছিলেন যিনি হাসপাতালের বাইরে তার সন্তানকে খুঁজছিলেন।

রানা আল সানডি বলছিলেন যে যখন বোমাবর্ষণ হয় তখন তার কন্যা পাশের বাড়ীতে ছিলো। আর কিছু বাকী নেই। জানিনা আমার মেয়ে কোথায় আছে। আমি তাকে দেখতে চাই, তিনি কাঁদতে কাঁদতে বলছিলেন।

পরে বিবিসি সংবাদদাতা তার ভিডিও ফুটেজ দেখান এবং সেখানে তিনি তার সাত বছরের মেয়ে মিরাকে চিহ্নিত করতে সক্ষম হন। কিন্তু এর মধ্যেই মিরাকে চিকিৎসার জন্য আরেকটি হাসপাতালে সরিয়ে নেয়া হয়।

# রাশমিকা মানদানার ভুয়া ভিডিও তৈরিতে ব্যবহার হয়েছে যে ডিপফেক প্রযুক্তি

**মুম্বাই ঃ** সফল ভারতীয় ছবি 'পুষ্পা'র নায়িকা রাশমিকা মানদানার একটি ভুয়া ভিডিও এখন ভাইরাল হয়ে গেছে। ডিপফেক প্রযুক্তি দিয়ে বানানো ওই অশ্লীল ভিডিওতে মিজ মানদানার মতো দেখতে এক নারীকে দেখা গেছে।

মিজ মানদানা এই বিষয়ে 'হতাশা' প্রকাশ করেছেন এবং যত তাড়াতাড়ি সম্ভব এর সমাধান খুঁজে বের করার আবেদনও করেছেন যাতে তার মতো আর কাউকে এই 'সমস্যার সম্মুখীন না হতে হয়'।

সামাজিক যোগাযোগ মাধ্যম 'এক্স'এ (সাবেক টুইটার) মিজ মানদানা লিখেছেন, সত্যি কথা বলতে, এ ধরনের ঘটনা শুধুমাত্র আমার জন্য নয় সবার জন্যই খুব আশঙ্কাজনক।

অভিনেত্রী আরও লিখেছেন, আজকাল যেভাবে প্রযুক্তির অপব্যবহার হচ্ছে, তাতে শুধু তিনিই নন, আরও অনেকেই বড় ধরনের ক্ষতির সম্মুখীন হতে পারেন।

আজ, একজন নারী এবং অভিনেতা হিসাবে, আমি পরিবার, বন্ধুবান্ধব এবং শুভাকাঙ্ক্ষীদের কাছে কৃতজ্ঞ যাঁরা আমার পাশে দাঁড়িয়ে আমাকে সুরক্ষিত রেখেছেন। আমি সত্যিই ভাবতে পারছি না স্কুলে বা কলেজে পড়াকালীন এমন কিছু ঘটলে আমি কীভাবে এই পরিস্থিতির মোকাবিলা করতাম, তিনি ঐ পোস্টে লেখেন।

ডিপফেক এমন একটি প্রযুক্তি যাতে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) ব্যবহার করে অডিও বা ভিডিওতে কারচুপি করা সম্ভব। সহজ ভাষায়, এআই ব্যবহার করে এই কৌশলের সাহায্যে ভুয়া ভিডিও তৈরি করা যায়, যা দেখতে আসলের মতো । এই কারণে এর নামকরণ করা হয় ডিপফেক।

বিবিসির এক প্রতিবেদন অনুযায়ী, ২০১৭ সালে একজন রেডিট ব্যবহারকারী অশ্লীল ভিডিওতে একজনের চেহারা পরিবর্তনের জন্য এই কৌশলটি ব্যবহার করেন।

পরে রেডিট 'ডিপফেক পর্ণ' নিষিদ্ধ করে দেয়।

ডিপফেক বিষয়টি বেশ জটিল। এর জন্য মেশিন লার্নিংএর বিষয়ে দক্ষতা থাকা প্রয়োজন।

ডিপফেক সামগ্রী দুটি অ্যালগরিদম ব্যবহার করে তৈরি করা হয়, যার একটিকে বলা হয় ডিকোডার এবং অন্যটিকে বলে এনকোডার। এটি ভুয়া ডিজিটাল কনটেন্ট তৈরি করে ডিকোডারকে পাঠিয়ে যাচাই করতে বলে কনটেন্টটি আসল নাকি নকল।

প্রতিবার ডিকোডার যাচাই করে সেই তথ্য এনকোডারে পাঠায় যাতে পরবর্তী ডিপফেকটি সংশোধন করে আসলের আরও কাছাকাছি তৈরি করা যায়।

দুটি প্রক্রিয়া একত্রিত হয়ে তৈরি হয় 'জেনারেটিভ অ্যাডভার্সেরিয়াল নেটওয়ার্ক' বা জিএএন।

বিবিসির ওই রিপোর্ট বলছে, ডিপফেক প্রযুক্তির ব্যবহার শুরু পর্নোগ্রাফিক কনটেন্ট তৈরি করতে গিয়েই। পর্নোগ্রাফিতে এই কৌশলটি ব্যাপকভাবে ব্যবহৃত হয়। অভিনেতা অভিনেত্রীদের চেহারা পাল্টে দিয়ে সাইটে অশ্লীল কনটেন্ট পোস্ট করা হয়।

ডিপট্রেসের এক প্রতিবেদনে বলা হয়েছে, ২০১৯ সালে অনলাইনে পাওয়া ডিপফেক ভিডিওর ৯৬ শতাংশই অশ্লীল ভিডিও।

এ ছাড়া বিনোদনের জন্যও এই কৌশল ব্যবহার করা হয়। এই ডিপফেক ভিডিওগুলির উদ্দেশ্য দর্শকদের চোখের সামনে সেটা তুলে ধরা, যা বাস্তবে ঘটেইনি।

অনেক ইউটিউব চ্যানেলে নানান চলচ্চিত্রের বিভিন্ন দৃশ্যের ডিপফেক ভিডিও পোস্ট করা হয়। উদাহরণস্বরূপ, 'সিটিআরএল শিফট ফেস' ইউটিউব চ্যানেলে 'দ্য শাইনিং' চলচ্চিত্রের একটি বিখ্যাত দৃশ্যের ডিপফেক ভিডিও রয়েছে।



গত কয়েক বছর ধরে নস্টালজিয়া জিইয়ে রাখতে এই কৌশল ব্যবহার করা হচ্ছে। মৃত আত্মীয়স্বজনদের ছবিতে এই পদ্ধতি ব্যবহার করে অ্যানিমেট করা হয়।

বিভিন্ন সময়ে প্রযুক্তির সাহায্যে পূর্বপুরুষদের থেকে শুরু করে বিখ্যাত মানুষদের জীবন্ত করে তোলা হয়েছে।

ডিপফেক এখন রাজনীতিতেও ব্যবহৃত হচ্ছে। নির্বাচনে, রাজনৈতিক দলগুলি একে অপরকে আক্রমণ করার জন্য ডিপফেক কৌশলের ব্যবহার করে। ইউক্রেন রাশিয়া যুদ্ধের সময়ও ডিপফেক ভিডিও প্রকাশিত হয়েছে।

কোনও কনটেন্ট 'ডিপফেক' কি না বুঝতে নির্দিষ্ট কিছু বিষয়ে লক্ষ্য করা খুবই প্রয়োজন। এর মধ্যে প্রথমটি হল মুখের অবস্থান।

প্রায়শই ডিপফেক প্রযুক্তি মুখ এবং চোখের অবস্থানকে পুঙ্খানুপুঙ্খ ভাবে নকল করে উঠতে পারে না। এর মধ্যে চোখের পাতা পড়ার বিষয়টিও রয়েছে।

যদি লক্ষ্য করেন চোখ নাকের অবস্থানে সামঞ্জস্য নেই বা অনেকক্ষণ হয়ে যাওয়া সত্ত্বেও চোখের পলক পড়ছে না, তাহলে বুঝতে হবে, কন্টেন্টটি ডিপফেক।

ডিপফেক কনটেন্টের 'কালারিং'এর বিষয়টি মনোযোগ দিয়ে দেখলেও বোঝা যেতে পারে ছবি বা ভিডিওর সঙ্গে কারচুপি করা হয়েছে।

# 'পুলিশের প্রশিক্ষণ' পাওয়া চোরের সাথে গ্রেপ্তার গুরু পুলিশও

**ব্যাঙ্গালোর (এজেন্সী) ঃ** ব্যাঙ্গালোরের রেল পুলিশ চলন্ত ট্রেনে যাত্রীদের ব্যাগ চুরির ঘটনার তদন্তে নেমে এক দাগী চোরকে গ্রেপ্তার করেছে। তাকে জিজ্ঞাসাবাদ করতে গিয়ে রেল পুলিশ কর্মকর্তারা পেয়েছেন চোরকে প্রশিক্ষণ দেয়ার চাঞ্চল্যকর তথ্য।

পুলিশ বলছে, দীর্ঘদিন ধরে চলন্ত ট্রেনে চুরি করা এই চোরকে হাতে ধরিয়ে চুরির কৌশল শিখিয়েছেন একজন গুরু। শিখিয়েছেন হাতসাফাইয়ের খুঁটিনাটি আর কীভাবে পিঠ বাঁচিয়ে সটকে পড়তে হবে। আর রোজকার 'কাজে' নেমে চোর নাকি 'গুরু'র পরামর্শ অনুযায়ীই চুরি করত, গুরু শিষ্যকে জানিয়ে দিতেন কোথায় যেতে যেতে হবে - আর গিয়ে কী পাওয়া যাবে। তদন্তের পর পুলিশ 'গুরু'কেও গ্রেপ্তার করেছে।

আর সেই 'গুরু' যেন 'সর্ষের মধ্যে ভূত' প্রবাদের প্রকৃষ্ট উদাহরণ। কারণ ভারতের কর্ণাটক রাজ্যের ওই চোরের গুরু স্বয়ং একজন পুলিশ। তিনি রেল পুলিশেরই হেড কনস্টেবল। এই গ্রেপ্তারে বিস্মিত পুলিশ গণমাধ্যমকে জানিয়েছে এসব তথ্য।

ব্যাঙ্গালোর রেল পুলিশের এসপি এসকে সুমনলথা বলেছেন, অক্টোবর মাসে চুরির শিকার একজন নারীর অভিযোগের প্রেক্ষাপটে পুলিশ অনুসন্ধান শুরু করে। এরপরই এই চাঞ্চল্যকর 'চোর পুলিশ' জুড়ির ঘটনা বেরিয়ে আসতে শুরু করে। তিনি জানান, গত মাসের ২৩ তারিখ ব্যাঙ্গালোরের বাসিন্দা একজন নারী থ্রিসুর থেকে ফিরছিলেন। ট্রেনটি বায়াপ্পানাহাল্লি স্টেশনের কাছে কিছুটা ধীরগতিতে এগোচ্ছিল।

তিনি বলেন, তার ব্যাগ রাখা ছিল আসনের ওপরে। সেটাই একজন টেনে নিয়ে পালিয়ে যায়।

ওই নারীর দায়ের করা অভিযোগে জানানো হয় যে, তার ব্যাগে প্রায় ১০ লাখ টাকার সামগ্রী ছিল।

পুলিশ তদন্তে নেমে সাবান্না নামে এক চোরকে গ্রেপ্তার করে।

এই ব্যক্তি দীর্ঘদিন থেকেই ট্রেনে চুরি ছিনতাই করে আসছিল। এর আগে ২০১২, ২০১৬ আর সর্বশেষ ২০২২ সালে সে গ্রেপ্তার হয়েছিল, বলছিলেন মিজ সুমনলথা। সাম্প্রতিকতম অভিযোগ পাওয়ার পরে পুলিশ বিভিন্ন রেল স্টেশনে নজরদারি শুরু করে।

মি. সাবান্নাকে ভোরের দিকে সন্দেহজনকভাবে স্টেশনে ঘোরাফেরা করতে দেখে আটক করে পুলিশ।

এরপর জিজ্ঞাসাবাদে তিনি স্বীকার করেন যে ওই নারীর ব্যাগটি তিনিই চুরি করেছিলেন।

যেভাবে হদিস মিললো চোরের 'গুরুর' 'শিষ্য' সাবান্নাকে গ্রেপ্তারের পর জিজ্ঞাসাবাদে জানা যায়, তার একজন গুরু আছে - যিনি তাকে রীতিমত প্রশিক্ষণ দিয়ে 'চুরিবিদ্যা' শিখিয়েছেন - কী করে হাতসাফাইয়ের কাজটি করতে হবে আর কীভাবে ধরা না পড়ে বেরিয়ে যেতে হবে।

কোন ধরণের জিনিস নেওয়া উচিত আর কোনটি ফেলে দিতে হবে - শিখন তালিকায় ছিল তাও।

সাথে যেন যেন বোনাস হিসেবে ছিল - 'শিষ্য'কে হালনাগাদ তথ্য দিয়ে সহায়তা করা, যেমন কোন ট্রেনে কে ঘুমোচ্ছে, কার ব্যাগ চুরি করা যেতে পারে ইত্যাদি। আর এইসব তথ্য নিখুঁতভাবে দিতে পারেন 'গুরু', কারণ তার কাজই হল চলন্ত ট্রেনে ঘুরে ঘুরে যাত্রীদের ওপরে নজর রাখা। পেশায় তিনি রেল পুলিশের হেড কনস্টেবল!

চোর 'শিষ্য' সাবান্নার স্বীকারোক্তির সূত্র ধরে এরপর ধরা পড়েন ওই হেড কনস্টেবল সিদ্দারামা রেড্ডি।

আর কাজের শেষে দুজনে ভাগাভাগি করে নিতেন চুরি থেকে পাওয়া গয়না বা টাকা পয়সা।

রেল পুলিশের এসপি মিজ সুমনলথা বলছেন, গ্রেপ্তার হওয়ার পরে ওই হেড কনস্টেবলকে বরখাস্ত করা হয়েছে।

মিজ সুমনলথা বলেছেন, চলন্ত ট্রেনে প্রহরার দায়িত্বে থাকার ফলে মি. রেড্ডি খেয়াল করতেন যে কোন যাত্রী ঘুমোচ্ছেন, বা কে অসতর্কভাবে ব্যাগ রেখেছেন কোলে বা পায়ের নিচে কিংবা মাথার ওপরে ইত্যাদি।

সুযোগ বুঝে সে খবর তিনি দিয়ে দিতেন মি. সাবান্নাকে। আর মূল কাজটা হাসিল করতেন সাবান্না।

জিজ্ঞাসাবাদে পুলিশ জানতে পেরেছে, কাজের পদ্ধতি এবং চুরির মালামাল ভাগাভাগিতেও তারা ছিল অত্যন্ত সতর্ক। এরা ব্যাগ চুরি করে কেবল টাকাপয়সা, গয়না, কাপড় জামা এসবই নিত আর নিজেদের মধ্যে ভাগ করে নিত।

কিন্তু এসপি সুমনলথা জানাচ্ছিলেন, এই চোরের দল মোবাইল ফোন বা ল্যাপটপ বা কোনও ধরনের বৈদ্যুতিক গ্যাজেট এরা নিজেদের কাছে রাখতো না।

কারণ তাতে ধরা পড়ে যাওয়ার ঝুঁকি থাকে, ফলে এসব জিনিস যদি চুরি করে আনা ব্যাগে চলেও আসত, তাহলেও নিজেরা সেসবের ভাগাভাগিতে যেত না তারা।

পুলিশে কাজ করার সূত্রে মি. রেড্ডি ভাল করেই জানতেন যে বৈদ্যুতিক যন্ত্র খুব সহজেই ট্র্যাক করে ফেলা যায়।

তাই সেসব না রেখে ফেলে দিতেন গুরু শিষ্যের দল।

এসপি সুমনলথা বলেছেন, চলন্ত ট্রেনে ব্যাগ ছিনতাই করার সময়ে তো আর ব্যাগে কী আছে, তা জানতে পারতো না তারা, খুঁজে দেখার সুযোগও নেই।

ফলে ছিনতাই করার পরে কোন ব্যাগে যদি কোনও ধরনের বৈদ্যুতিক যন্ত্র পেত, সেগুলো ঝোপ জঙ্গলে ফেলে দিত চোরের দল, যাতে এদের ট্র্যাক না করা যায়।

মিজ সুমনলথা জানাচ্ছিলেন, এই বুদ্ধিটা মি. রেড্ডিই দিয়েছিলেন তার শিষ্যকে।

ছিনতাইয়ের শেষে টাকা পয়সা, গয়নাগাটি সব দুজনে ভাগ করে নিতেন গুরু শিষ্য।

লাভের ভাগ বরাবর যেমন ছিল, এবার যেন ফলভোগের ভাগও সমান সমান হয়েছে গুরু শিষ্যের।

যে শ্রীঘরে এতদিন চোর ধরে এনে পুড়তেন হেড কনস্টেবল মি. রেড্ডি, এখন তার শিষ্যের সঙ্গে সেই গারদের ভেতরেই ঢুকতে হয়েছে তাকে।



